ককবরক
ককমা কৌতাল

রবীন্দ্র কিশোর দেববর্মা

উপজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্র
ত্রিপুরা সরকার
আগরতলা

ককবরক

ককমা কীতাল

(আধুনিক ককবরক ব্যাকরণ)

রবীন্দ্র কিশোর দেববর্মা

উপজাতি গবেষণা ও সংস্কৃতি কেন্দ্র

ত্রিপুরা সরকার

আগরতলা

উৎসর্গ পত্র

"য়াফারমুঙ"

আনি অ বিজাব ককবরক ককমা সীয়লাংনাই

রাধামোহন ঠাকুরনি মুঙগীই য়াফারজাকখা।

কক য়াফাঙ

মৗচাঙ রবীন্দ্র কিশোর দেববর্মা বায় সৗয়জাক ‘ককবরক ককমা কৗতাল’ মুঙগৗই ককবরক ককমা বিজাব কাঙসা তিখলায়ৗই মানৗই চৗঙ বাইথাঙন খাতৗতৗঙ মা তঙগ। তামুঙগৗই হিনব’, ককবরকনি ককমাঅ অবতৗই দালবেরেম গৗরৗঙ কৗবাং বিজাব তাবুকব’ কারিজাকয়াখ’। ককবরক কক চৗনারিথানি, ফুভারথানি অবতৗই বিজাব বেলায়সি নাঙথায়। মৗচাঙ দেববর্মানি অ ককমা কৗতাল বিজাব আবতৗই সামুঙগ চুবাভানৗ হিনৗই আঙ খা খৗলায়’।

মৗচাঙ রবীন্দ্র কিশোর দেববর্মা সৗকাঙগ খরকসা রাজনীতি খৗলায়নাই তঙমানি। ব এ ডি সি নি আদঙ তেই ‘এক্‌জিকিউটিভ্’ আদঙ-ব অৗংগৗই ফায়খা। ব রাজনীতি খৗলায় ফুরুনি সিমি-ন’ কক আমা ককবরকনি হামারিনি বাগৗই সামুঙ তাঙগৗই ফায়খা। আফুরু ব ককবরক ম্যাগাজিন্-রগ’ কথমা বৗসা কৗবাংমা সৗয়খা। আবনি লগিঅ সৗয়খা ককতাং, ককলব আকরগ।

রাজনীতি য়াকারমা য়াগুল’ ব আগুলিনি ‘প্রগতি বিদ্যাভবন’ রৗঙনগ’ ফৗরৗঙনাইনি সামুঙগ বাইথাঙন বেদগ’। আফুরুনি সিমি ব ককবরক তেই বরক হুকুমু- তৗয়ৗই কৗতালখে সামুঙ চেঙগ। ব ককডানজৗয় তেই ককবরক বায় বিজাব মজম’ সৗয়খা। ককডানজৗয় [illegible]থানিব’ বিনি য়াক আসৗকন’ কুমুন। ব ত্রিপুরানি দফা কৗবাংখা লুকুনি বিসিং থানসা [illegible]মারিন’ কৗরাকখে তিসানা সামুঙগ চুবানা বাগৗই ‘ককবরক শিখুন’ মুঙগৗই বিজাব-ব কাঙসা সৗয়খা। ককবসঙ কায়সানি লুকু বায় তেই ককবসঙ কায়সানি লুকুরগ বৗখা খেঙগৗই ককলাম সালায়ৗই মানখে মুসুমুঙ, আলামুঙ খিতারজাগ’ তেই থানসা তঙলায়না হালকব’ বজাগ’। মৗচাঙ দেববর্মা আ বিজাব কারিউই আ সামুঙন তাঙখা।

ককবরক কাহামখে সৗরৗঙনাখে বিনি ককমা তঙনা নাঙগ। দাল গৗরৗঙ কৗবাং ককমা চিনি অ ‘ট্রাইবেল রিসার্চ’ নি তাবুকব’ কারিজাকয়াখ’। ককবরক কাহামখে সৗরৗঙথানি এবা ককবরকনি গৗরৗঙমারিই সই সই সিথানি অ ‘ককবরক ককমা কৗতাল’ লুকুরগন’ চুবাউানৗ হিনৗই আঙ খা চংগ।

পাইথাক

অধিকর্তা
উপজাতি গবেষণা কেন্দ্র
ত্রিপুরা সরকার,
আগরতলা।

সূচীপত্র

ক্রমিক নং

১। প্রথম অধ্যায় ঃ

কক/ ভাষা, মানিকক/ মাতৃভাষা, ককমা/ ব্যাকরণ, খরাঙ/ ধ্বনি, সীয়থাই/ বর্ণ।

২। দ্বিতীয় অধ্যায় ঃ

ককথাই/ শব্দ, ককবীতাং/ বাক্য, সাজাকনাই তেই সাজাকমা/ উদ্দেশ্য ও বিধেয়, ককবীতাংনি দাল/ বাক্যের প্রকারভেদ (গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ)।

৩। তৃতীয় অধ্যায় ঃ

বাক্যাংশ/ ককবকচ', মুঙ/ বিশেষ্য, সির/ লিঙ্গ, সীক/ বচন, মুঙস্লাই/ সর্বনাম, গরন/ বিশেষণ, গরনারি/ তুলনামূলক বিশেষণ, খীলায়/ ক্রিয়া, খরক/ পুরুষ।

৪। চতুর্থ অধ্যায় ঃ

খরাঙমানজু/ সন্ধি, উাখীলাই/ প্রত্যয়, উাসা/ উপসর্গ, খীলায় উাখ্লাইনি দাল/ কৃৎ প্রত্যয়ের প্রকারভেদ, ককথাই উাখীলাই/ তদ্ধিত প্রত্যয়।

৫। পঞ্চম অধ্যায় ঃ

হালকবনাই/ পদান্বয়ী অব্যয়, মানজুনাই/ সংযোজক অব্যয়, খা-পেরনাই/ ভাববাচক অব্যয়, ককথাই মানজু/ সমাস, ককলেনামারি/ যতি প্রকরণ বা ছেদবিধি।

৬। ষষ্ঠ অধ্যায় ঃ

তাঙহালক/ কারক, সিনিমারি/ বিভক্তি, ককহালক/ সম্বন্ধপদ, ককখুমুঙ/ সম্বোধনপদ, জরা/ কাল (tense)।

৭। সপ্তম অধ্যায় ঃ

খীলায়হালক/ বাচ্য, ককথাই সীলাইমুঙ/ পদ পরিবর্তন, ককসাফিলমুঙ/ উক্তি পরিবর্তন, ককমাঙফিল ককথাই/ বিপরীতার্থক শব্দ, ককথাই কীবাংন ককথাইসা বায়/ বহুপদের একপদীকরণ।

৮। অষ্টম অধ্যায় ঃ

বজর' ককথাই/ যুগ্ম শব্দ, খরাঙ ককথাই/ ধন্যাত্মক শব্দ, রীবায় ককথাই/ সমৃদ্ধ ককবরক শব্দ, খরাঙ সীলাইমুঙ, ককথাই জুদা/ ধ্বনি পরিবর্তন, শব্দ বিকৃতি।

৯। নবম অধ্যায় ঃ

ককথাই থানসা এবা ককথাই সলনকসা ককমাঙ জুদা/ সমোচ্চারিত বা প্রায় সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ।

কক/ভাষা

পৃথিবীতে বুদ্ধি ও জ্ঞানে সর্বোত্তম জীব একমাত্র মানুষই পরস্পর বাক্ বিনিময়ের মাধ্যমে ভাব বিনিময় করতে সক্ষম। মানুষ তার মুখে উচ্চারিত ধ্বনি ও আওয়াজকে সাজিয়ে গুছিয়ে তার বিনিময়ের উপযোগী একরকম কথার সৃষ্টি করেন। বাক্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত সেই অর্থপূর্ণ ধ্বনিই হলো শব্দ বা চলিত অর্থে কথা। মানব জাতি এই বাক্‌ধ্বনিটিকেই ভাব প্রকাশের উপযোগী করে তুলেন। এভাবেই সে কথা বলে এবং আপন মনোভাব অপরের নিকট ব্যক্ত করে। এক কথায়— বাক্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত সেই সাংকেতিক ধ্বনি সমষ্টিই ভাষার আদিমতম রূপ। আর যে সব অর্থপূর্ণ ধ্বনি বা কথার সাহায্যে মানুষ মনের ভাব প্রকাশ করে তাকে বলে ভাষা। ককবরকে এটাকে বলে কক। যেহেতু মানুষের মুখের কথাকে অবলম্বন করে ভাষার সৃষ্টি হয়েছে সেজন্য সংক্ষিপ্ত ভাবে বলা যায়— ভাষা বা কক হলো মানুষের বাক্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত অর্থপূণ, বহুজনের বোধগম্যে সক্ষম ধ্বনি সমষ্টি।

সভ্যতার বিবর্তনের পথে ভাষা একটি অত্যাশ্চর্য আবিষ্কার। কারণ দৈনন্দিন জীবনে ভাষার ব্যবহার ব্যতীত বর্তমান সভ্য সমাজই অচল। সাহিত্য-শিল্প-সংস্কৃতি ও জ্ঞান-বিজ্ঞানের নানাপ্রকার চিন্তাভাবনা ভাষার মাধ্যমে চিরস্থায়িত্ব লাভ করে। পৃথিবীতে মানব জাতির বহু ভাষা আছে। রবীন্দ্রনাথের ভাষায়— ভাষা অবতীর্ণ হয়েছে মানুষকে মানুষের সঙ্গে মেলাবার উদ্দেশ্যে। পৃথিবীতে বিভিন্ন জনগোষ্ঠী বিভিন্ন ভাষা সৃষ্টি করে। বিভিন্ন সামাজিক ও ভৌগোলিক পরিবেশে বিভিন্ন ভাষা গড়ে উঠে ও কালক্রমে এক-একটি ভাষার সাহিত্য ও সংস্কৃতি বিকশিত হয়। পৃথিবীতে অনেক দেশ এবং ভাষাবংশের সংখ্যাও অনেক। ইংরেজরা ইংরেজীতে কথা বলে, বাংলা ভাষায় কথা বলে বাংলা ভাষা সম্প্রদায়ের লোক, অহমরা অসমীয়া ভাষায় কথা বলে, মণিপুরীদের ভাষা মণিপুরী, চাকমারা চাকমা ভাষায় কথা বলে। এ রাজ্যের আদিবাসী তিপ্রারা যে ভাষায় কথা বলে তা হলো ককবরক।

ককআমা/মাতৃভাষা

ত্রিপুরার বরক ভাষা বংশের লোক তিপ্রারা ককবরকে কথা বলে। কক হলো কথা এবং বরক হলো ভাষা সম্প্রদায় বা বরক ভাষা বংশ। তাই বরক ভাষা সম্প্রদায়ের কথিত ভাষা হলো ককবরক। জন্মের পরই বরক ভাষা সম্প্রদায়ের লোক তিপ্রারা মায়ের মুখে এই ভাষা শুনতে পায় এবং শিখে. এজন্য ককবরক তাদের মাতৃভাষা বা ককআমা। মানুষ তার মনের

সবরকম ভাব অতি সহজে এবং স্বাচ্ছন্দ্যে প্রকাশ করে চরম তৃপ্তি লাভ করে। অন্য কোন ভাষার মাধ্যমে তা সম্ভব নয়। অপর দশজনের কাছে সানন্দে মনের সমস্ত ভাব বা কথা ব্যক্ত করতে পারে আপন মাতৃভাষাতেই। তাতে সে চরম সুখ অনুভব করে। আবার জমে থাকা বুকের সুখ-দুঃখের সমস্ত কাহিনী অপরের নিকট ব্যক্ত করে সে নিজেকে অনেকখানি হাল্কা বোধ করে। তাই ককআমা হলো সমস্ত রকম দুঃখ-শোকের বিশল্যকরণী। এজন্য তিপ্রাদের কাছে ককবরক হলো প্রাণের ভাষা। ককবরকে যে কোন লোককে কথা বলতে শুনলেও তারা আনন্দ উপভোগ করে। যে ভাষাবংশে জন্ম, জন্মের পর মানুষ সাধারণতঃ বাড়ীর পরিবেশে অন্যদের মুখে সেই ভাষা শুনেও অতি সহজে আয়ত্ত করে। শেষে এটা তাদের মনের গভীরে প্রোথিত হয়ে স্থায়িত্ব লাভ করে। তাই বলা যায়— জীবনের প্রথম শেখা ভাষাটাকেই মাতৃভাষা বা ককআমা বলে।

সুত্র ঃ মানি বহকনি আচায়মা উল' সীকাঙ সীরীঙমা এবা সীরীঙ জাকনাই ককন' ন' ককআমা হীনু।

প্রত্যেক ভাষারই মৌখিক বা অলিখিত এবং সাহিত্য বা লিখিত এই দুটি রূপ থাকে। অবশ্য যে ভাষা লিখিত রূপে আত্মপ্রকাশই করেনি সেই ভাষায় লিখিত বা সাহিত্যরূপ থাকার কথা নয়। কথ্য বা অলিখিত রূপই তার একমাত্র সম্বল। ককবরকের কথ্য এবং লিখিত দুটো রূপই বর্তমান। সরকারী স্বীকৃতির অভাবে এটা দীর্ঘদিন অনাদৃত ও অবহেলিত ছিল। সরকারী স্বীকৃতি প্রাপ্তির পূর্বে এটা দৈনন্দিন জীবনের আচরণে ও মুখে মুখে এতোদিন ব্যবহৃত ও প্রচলিত হয়ে এসেছিল। কথ্য বা মুখের ভাষায় পরস্পরের মধ্যে কথাবার্তা, বাক্ বিনিময় ইত্যাদি চললেও এর ব্যবহার ছিল সীমিত। সেই লিখিত রূপের সাহায্যে স্থান এবং কালের ব্যবধান অতিক্রম করে আমরা আমাদের মনের ভাব জানা এবং অজানা অনেক লোকের নিকট পৌঁছাতে পারি। সুতরাং ভাষায় যে লিখিত রূপের সাহায্যে আমরা মনের ভাব অন্য বহুজনের কাছে স্থায়ীভাবে পৌঁছাতে পারি তাকে বলে লিখিত ভাষা অথবা ককবরকে সীয়জাক কক বলে।

সূত্র ঃ সীয়ীই খানি কক সাকীলাইমা এবা সাউই মানথকমা ককন' সীয়জাক কক হিনু।

খুকনি কক/মুখের কথা ও সীয়জাক কক/লেখ্যরূপের তুলনামূলক চিত্র নিম্নে প্রদত্ত হলো ঃ

মুখের কথা বা ভাষা/খুকনি কক	লিখিত ভাষা/সীয়জাক কক
১। কথ্যরূপ।	১। স্থায়ীরূপ।

২। বাচন নির্ভরতা	২। লিখন নির্ভরতা
৩। কাজ চালানোর জন্য।	৩। রস সৃষ্টির জন্য।
৪। ব্যবহারিক প্রয়োজন সিদ্ধ করে।	৪। সৃজনধর্মী ও সৌন্দর্য সৃষ্টির পক্ষে সহায়ক।
৫। বর্তমানের মধ্যে সীমাবদ্ধ এবং শুধুমাত্র সামনাসামনি মনের ভাব প্রকাশ করা যায়।	৫। সম্মুখে অনুপস্থিত ব্যক্তি এবং অনাগত দিনের লোকদের কাছে মনের ভাব, অভিজ্ঞতা ও স্বকীয় চিন্তাধারা ইত্যাদি পৌঁছে দেওয়া যায়।
৬। দৈনন্দিন প্রাকৃতিক প্রয়োজন সাধিত হয়।	৬। সাহিত্য সৃষ্টির মধ্য দিয়ে আগামী দিনের মানুষের জন্য আপন পরিচয় রেখে যায়।
৭। ক্ষণস্থায়ী ও নিয়ত পরিবর্তনশীল।	৭। কতকগুলো নির্দিষ্ট নিয়ম অবশ্যই পালনীয়। তাই স্থায়ী।

ব্যাকরণ/ককমা

মানুষ তার নিজস্ব ভাবনা-চিন্তা, আবেগ-অনুভব, কল্পনা-সাধনা ও বক্তব্য বিষয় সবকিছুই ভাষার সাহায্যে প্রকাশ করে। মুখে কথা বলে বা লিখে সে এই ভাষা প্রকাশ করে। তাই বলা যায়— মনের ভাব প্রকাশ করার উদগ্র কামনার বাহন হচ্ছে ভাষা। সেই ভাষার সামগ্রিক উপাদানের বিচার-বিশ্লেষণ একান্তই অপরিহার্য। আবার ভাষার সাহায্যে প্রকাশিত সেই মনোভাবকে অবশ্যই শুদ্ধ হতে হবে। অর্থাৎ একটি ভাষায় কথা বলাটাই শেষ নয়, লেখার মধ্য দিয়ে মনের কথাগুলিকে সাজিয়ে-গুছিয়ে প্রকাশও করতে হবে। কারণ ব্যবহৃত সেই ভাষায় শব্দ, পদ ও বাক্য ব্যবহারের কতকগুলো নির্দিষ্ট রীতি বা নিয়মকানুন মেনে চলতে হয়। তাই সুন্দর, সুনিপুণ ও পরিপূর্ণ মনের ভাব প্রকাশের জন্য প্রয়োজন কতকগুলো নিয়ম বা পদ্ধতির। সেখানেই ব্যাকরণের আবির্ভাব। প্রত্যেক ভাষার পেছনে একটি নিয়ম-শৃঙ্খলা কাজ করে। এই শৃঙ্খলাই ব্যাকরণ।

নদীর স্রোতের মতো নিত্য বহমান একটি ভাষা কিভাবে গঠিত হয়েছে, এর নিয়মই বা

কি, সেটা আবিষ্কার করাই ব্যাকরণকারদের কাজ। সুতরাং ব্যাকরণ হলো ভাষা-বিজ্ঞান। একটি ভাষাকে বিশেষ বা সম্যকরূপে বিশ্লেষণ করাকেই ব্যাকরণ নামে অভিহিত করা যায়। অর্থাৎ ব্যাকরণ এমন একটি বিদ্যা যা কোন একটি ভাষাকে বিশ্লেষণ করে তার প্রকৃত স্বরূপটি তুলে ধরে। একটি ভাষার সৌন্দর্য-লাবণ্য এবং মাধুর্য ব্যাকরণের উপর নির্ভরশীল। ব্যাকরণই ভাষার সৌকুমার্য এবং শক্তিকে অতি রমণীয় করে তোলে। ব্যাকরণ ব্যতীত শুদ্ধ, সাবলীল ও স্পষ্টভাবে মনের ভাব প্রকাশ করা যায় না এবং অতি দ্রুত যেকোন ভাষা আত্মস্থও করা যায় না। ব্যাকরণ ঘটিত সাধারণ ত্রুটিও যেকোন লেখার জৌলুস নিষ্প্রভ হয়ে পড়ে।

ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে— "যে বিদ্যার দ্বারা কোন ভাষাকে বিশ্লেষণ করিয়া তাহার স্বরূপটি আলোচিত হয় এবং সেই ভাষার পঠনে-লিখনে ও কথোপকথনে শুদ্ধরূপে তাহার প্রয়োগ করা যায়, সেই বিদ্যাকে ভাষার ব্যাকরণ বলে।" সুতরাং পরিশেষে বলতে পারি— কোন ভাষা শুদ্ধভাবে বলতে ও লিখতে পারার বিদ্যা যে পুস্তকে পাওয়া যায় সেই পুস্তকই সেই ভাষার ককমা বা ব্যাকরণ। সব ভাষার ক্ষেত্রেই একটি নির্দিষ্ট নিয়মকানুন সম্বলিত ককমা বা ব্যাকরণের প্রয়োজন। সোজা ভাবে বলতে গেলে— যে পুস্তকে মনের ভাব শুদ্ধ ও স্পষ্টভাবে প্রকাশক্ষম কতকগুলো নিয়মকানুনের উল্লেখ থাকে তাকে ব্যাকরণ বা ককমা বলে। আরো সহজভাবে বলা যায়— যে পুস্তক পাঠ করলে শুদ্ধভাবে সেই ভাষা বলতে, লিখতে ও পড়তে পারা যায়, তাকে ককমা বা ব্যাকরণ বলে।

(কাহামখে পরিউই মাননানি, সীয়াই মাননানি এবা সাউই মাননানি রাইদাগীনাঙ বিজাব এবা পুথিন হিনু ককমা।)

তেমনি যে পুস্তক পাঠ করলে শুদ্ধরূপে ককবরক বলতে, পড়তে বা লিখতে পারা যায় তাকে বলে ককবরক ককমা বা ককবরক ব্যাকরণ।

(কাহামখে ককবরক সাউই, সীয়াই এবা পরিউই মাননানি রাইদাগীনাঙ বিজাপ এবা পুথিন' ককবরক ককমা হিনু।)

ভাষা শিক্ষার কতকগুলো সুনির্দিষ্ট উদ্দেশ্য থাকে। ককবরক ভাষা শিক্ষার ক্ষেত্রেও একটি উদ্দেশ্য আছে। ককবরক ভাষা শিক্ষার সহায়ক হিসাবে ককবরক ভাষার ব্যাকরণ পুস্তকের অপরিহার্যতার কথা অনস্বীকার্য। ককবরক ভাষী এবং নন-ককবরক ভাষীদের ককবরক শিক্ষার উদ্দেশ্যের পরিতৃপ্তি সাধন ও ককবরক ভাষার বিকাশের নিমিত্ত একখানি ককবরক ব্যাকরণ পুস্তকের একান্তই প্রয়োজন। বিশেষতঃ শুদ্ধভাবে ককবরক লিখতে পারা, সঠিকভাবে

বলতে পারা, সুন্দরভাবে বলতে পারা এবং শুনে বুঝতে পারার জন্যই ককবরক ককমা বা ব্যাকরণ শিক্ষার প্রয়োজনীয়তা আছে।

খরাঙ/ধ্বনি

কথা বলার সময় মানুষের মুখ থেকে কতকগুলো আওয়াজ নির্গত হয়। মানুষের বাগযন্ত্র থেকে নিঃসৃত এই আওয়াজকেই ধ্বনি বলে। ফুসফুস থেকে বেরিয়ে এসে এই নিঃশ্বাস বায়ু কণ্ঠনালী থেকে ওষ্ঠের মধ্যে কোন না কোন জায়গায় বাধা পায়। বাধাপ্রাপ্ত এই নিঃশ্বাস বায়ুই ধ্বনির সৃষ্টি করে। মনের ভাব প্রকাশ করার জন্যেই মানুষ কথা বলে। কথা বলার জন্যই সে বাগ্‌যন্ত্রের সাহায্যে ধ্বনি সমষ্টি ব্যবহার করে। মানুষের বাগ্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত এই ধ্বনি থেকেই ভাষার সৃষ্টি হয়। এই ভাষা আবার একদিকে অর্থবোধক ধ্বনি সমষ্টির সমন্বয়ে গঠিত কতকগুলো শব্দের সুশৃঙ্খল মিলনের ফসল। সুতরাং ধ্বনি বা আওয়াজ হলো শব্দের বিশ্লিষ্ট ভগ্নাংশ মাত্র।

সাধারণ অর্থে যে কোন আওয়াজকেই ধ্বনি হিসাবে অভিহিত করা হয়। কারণ কথা বলার সময় হরেক রকম ধ্বনিই আমাদের মুখ থেকে নির্গত হয়। কিন্তু যে কোন আওয়াজ বা ধ্বনিই ব্যাকরণে স্থানলাভে সমর্থ হয় না। ব্যাকরণে শুধুমাত্র অর্থযুক্ত ধ্বনিই আলোচিত হয়।

যে আওয়াজ মানুষের বাক্‌যন্ত্র যথা— কণ্ঠ, জিহ্বা, মূর্ধা ইত্যাদির সাহায্যে উচ্চারিত হয় তাই ধ্বনি বা খরাঙ।

(কক সাফুরু খুকতাই পেপ্লাই-ফায়মা পুঙমুঙন খরাঙ হিনু)।

আবার ধ্বনি চোখে দেখা যায় না; কিন্তু কানে শোনা যায়। লিখিত বর্ণের উচ্চারণ আমরা কানে শুনি। এই উচ্চারণই ধ্বনি।

ভাষায় ব্যবহারের জন্য মানুষের মুখ নিঃসৃত ধ্বনিকে দুটি ভাগে ভাগ করা যায়। যথা ঃ (ক) স্বরধ্বনি (খ) ব্যঞ্জন ধ্বনি।

যে ধ্বনি উচ্চারণে ফুসফুস প্রেরিত নিঃশ্বাস বায়ু বিনা বাধায় মুখ থেকে নির্গত হয় তাকে সারি-খরাঙ বা স্বরধ্বনি বলে।

আর যে ধ্বনির উচ্চারণে ফুসফুস প্রেরিত নিঃশ্বাস বায়ুর নির্গমনে মুখ-গহ্বরের যেকোন স্থানে বাধার সৃষ্টি হলে কাথা-খরাঙ বা ব্যঞ্জন ধ্বনির সৃষ্টি হয়।

সীয়থাই/বর্ণ

মানুষের মুখ নিঃসৃত আওয়াজ বা ধ্বনিকে লিখে প্রকাশ করার জন্য দরকার কতকগুলো সংকেত চিহ্ন বা প্রতীকের। এই সংকেত চিহ্ন বা প্রতীকী লেখ্যরূপ হলো সীয়থাই বা বর্ণ। ইংরেজীতে এটাকে বলে LETTER। অর্থাৎ এককথায় বলা যায়— বাগ্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত ধ্বনির চিত্রিতরূপই হলো বর্ণ বা সীয়থাই। আমরা আমাদের কথাগুলোকে প্রকাশ করি কতকগুলো সাংকেতিক চিহ্নের মাধ্যমে। এক একটি চিহ্নের সাহায্যে আমরা এক একটি ধ্বনিকে ধরে রাখি। ভাষায় ব্যবহৃত ধ্বনিগুলোর স্থায়ীরূপ দেওয়ার প্রয়োজন আছে। সে জন্যই বর্ণের সৃষ্টি। সেজন্য এক একটি ধ্বনির জন্য এক একটি বর্ণ সৃষ্টি করতে হয়েছে। তাছাড়া ধ্বনির লিখিতরূপ না থাকলে তার স্থায়ীত্ব থাকে না। তাই ধ্বনির লিখিত রূপ দেওয়ার জন্য ব্যবহৃত সাংকেতিক চিহ্ন বা প্রতীকই হচ্ছে বর্ণ। এককথায় বলা যায়— বর্ণ হচ্ছে ধ্বনির লিখিত রূপ। ভাষায় ব্যবহৃত প্রত্যেকটি ধ্বনিকেই বর্ণের সাহায্যে প্রকাশ করা যায়।

বাগ্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত ধ্বনির লেখ্যরূপ আমরা চোখে দেখি এবং তার সাংকেতিক অস্তিত্ব আছে। তাই আমরা বলতে পারি— বর্ণ হলো মানুষের মুখ নিঃসৃত, পৃথক ভাবে উচ্চারিত একটি ক্ষুদ্রতর আওয়াজ বা ধ্বনির দৃষ্টিগ্রাহ্য সুদর্শন লিখিত রূপ।

(খুকনি পেপ্লাই ফায়মা খরাঙন সীয়াই ফুনুকনা বাগাই সীয়জাক মারিন' সীয়থাই হিনু)।

এখনও পর্যন্ত ককবরকের নিজস্ব কোন লিপি আবিষ্কৃত হয়নি। সেজন্য কোন লিপিতে ককবরক লেখা হবে এ নিয়ে মতদ্বৈততা আছে। বহুদিন ধরে বিতর্কও চলছে। অনেকে বাংলা হরফের পক্ষে এবং অনেকে রোমান হরফের পক্ষে ওকালতি করেন। এ বিতর্ক চলতেই থাকবে। লিপি বিতর্কের মধ্যে না গিয়েও বলা যায় যে, নিজস্ব লিপি না হওয়া পর্যন্ত বাংলা কিংবা রোমান যেকোন একটি লিপিতে ককবরকের সাহিত্য সৃষ্টির কাজ চলতে থাকুক। সাহিত্য সৃষ্টির কাজ সেজন্য ফেলে রাখা যায় না, অব্যাহত রাখতে হবে।

ত্রিপুরা সরকার ককবরক লেখার জন্য বাংলা লিপিকে স্বীকার করে নিয়েছেন। বাংলা লিপির মাধ্যমেই বর্তমানে সরকারী পর্যায়ে ককবরকের পাঠ্যপুস্তক প্রণয়ন -প্রকাশনা এবং পত্রিকাসহ অন্যান্য প্রকাশনার যৎসামান্য কাজ চলছে। এ বিষয়টি ভেবেই ককবরকে বাংলা অক্ষরের ব্যবহার নিয়ে এখানে যৎকিঞ্চিৎ আলোচনা করা যাক্।

বাংলা লিপির সবগুলো বর্ণ ককবরক উচ্চারণে প্রযোজ্য নয়। তাই বাংলা লিপির সবগুলো

বর্ণ ককবরকের লেখ্যরূপদানে রাখারও কোন প্রয়োজন নেই। কিছু গ্রহণ- বর্জনের মাধ্যমে বাংলা লিপিকে ককবরকের জন্য গ্রহণ করাই বিধেয়। তবে এমন কিছু ককবরক ধ্বনি আছে যা বাংলা এবং রোমান কোন লিপির মাধ্যমেই তার লিখিত রূপ দেওয়া যায়না। এক্ষেত্রে কিছু নতুন বর্ণ সৃষ্টি করে নিতে হয়েছে।

বাংলা এবং ইংরেজীর ন্যায় ককবরকেও বর্ণগুলো দুই ভাগে বিভক্ত। যথা ঃ (ক) সারিথাই/স্বরবর্ণ। (খ) কীথাথাই/ব্যঞ্জন বর্ণ।

ক) সারিথাই/স্বরবর্ণ

অন্য বর্ণের সাহায্য ব্যতীত যে সকল বর্ণ স্বাধীনভাবে উচ্চারিত হয় এবং উচ্চারণের অন্য বর্ণকেও সাহায্য করে তাকে বলে সারিথাই/স্বরবর্ণ।

(বয়ুনি চুবামুঙ নায়াউই সাক সাক পেপলাই মাননাই তেই কুবুনি সীয়থাইনব' পুঙথানি চুবাচুবাই মাননাই সীয়থাইন হীনু সারিথাই।)

বাংলার পাঁচটি বর্ণসহ ককবরকে স্বরবর্ণ/সারিথাই এর সংখ্যা সর্বমোট ছয়টি। যথা ঃ

অ, আ, ই

উ, এ, ঔ

এর মধ্যে 'ঔ' এই বর্ণটি নূতনভাবে তৈরী করে নিতে হয়েছে। এই বর্ণটি বাংলায় নেই। ককবরকে এমন একটি ধ্বনি আছে বাংলা বর্ণের সাহায্যে যার সঠিক উচ্চারণ আসে না। এই ধ্বনির সঠিক উচ্চারণের জন্য 'ঔ' এই বর্ণটিকে নেওয়া হয়েছে।

'ঔ' এই বর্ণের যোগে গঠিত কিছু শব্দ নিম্নরূপ ঃ

ঔংখা	- হয়েছে
ঔংথুন	- হওয়া বাঞ্ছনীয়
মৌতায়	- দেবতা
তৌক	- হাড়ি/পাতিল
সৌয়	- লেখা
কৌতাল	- নূতন
তৌয়	- জল ইত্যাদি।

সারিথাই/স্বরবর্ণের অপ্রাথমিক সহগ প্রতীক

ককবরকে এই ছয়টি সারিথাই/স্বরবর্ণের আবার প্রতিটিরই একটি করে ছয়টি অপ্রাথমিক সহগ প্রতীক আছে। এই চিহ্নগুলো হলো—

অ - এর চিহ্ন অ,
আ - এর চিহ্ন া
ই - এর চিহ্ন ি
উ - এর চিহ্ন ু
এ - এর চিহ্ন ে
ঔ - এর চিহ্ন ৌ

'অ' এই বর্ণের অন্য সহগ প্রতীকের ক্ষেত্রেই শুধু 'অ' এবং ',' এই দুটিকে ব্যবহার করা হয়। অন্য স্বরবর্ণগুলোর একটিই সহগ প্রতীক বা চিহ্ন ব্যবহৃত হয়।

এই অপ্রাথমিক সহগ চিহ্নগুলোর ব্যবহার নিম্নরূপ ঃ

স + অ	=	সঅ	থাং	=	থ +আ + ং
তর + অ	=	তব'	কিচিক	=	ক + ই + চ + ই + ক
থার + অ	=	থার'	কুচুক	=	ক + উ + চ + উ + ক
সি + অ	=	সিঅ	মেখেক	=	ম + এ + খ + এ + ক
থু + অ	=	থুঅ	কেফের	=	ক + এ + প + এ + র
রী + অ	=	রীঅ	কৌতাল	=	ক + ঔ + ত + আ + ল
মতম + অ	=	মতম'	সৌদী	=	স + ঔ + দ + ঔ
খার + অ	=	খার'	কৌফাক	=	ক + ঔ + ফ + আ + ক

খ) কৌথাথাই/ব্যঞ্জনবর্ণ

অন্য বর্ণের সাহায্য ব্যতিরেকে অর্থাৎ স্বরবর্ণের সাহায্য ছাড়া যে সকল বর্ণ স্পষ্টভাবে উচ্চারিত হতে পারে না তাদেরকে বলা হয় কৌথাথাই/ব্যঞ্জনবর্ণ। ব্যঞ্জন বর্ণগুলো উচ্চারণের জন্য স্বরবর্ণের সাহায্য একান্তই দরকার।

(বুয়ানি চুবাচু নায়াউই সাক সাক পেপলাই মানয়া সৌয়থাইন হীনু কৌথাথাই।)

ককবরকে ব্যঞ্জনবর্ণের সংখ্যা বাইশটি। এর মধ্যে একটি বাদে সবই বাংলা লিপি থেকে নেওয়া হয়েছে। শুধুমাত্র 'উা' এই বর্ণটিই প্রয়োজনে সৃষ্টি করতে হয়েছে।

ব্যঞ্জন বর্ণগুলো নিম্নরূপ ঃ

ক, খ, গ, ঙ, চ, জ, ত, থ, দ, ন, প, ফ, ব, ম, র, ল, স, হ, য়, ং, ঁ, উা।

'উা' এই বর্ণটিও বাংলায় নেই। ককবরকে এমন একটি ধ্বনি আছে যার উচ্চারণ বাংলার একটি বর্ণের সাহায্যে করা সম্ভব নয়। সেই ধ্বনির প্রতিনিধি হিসাবে বাংলার উ— এর শেষে আ-কার বসিয়ে নূতন একটি বর্ণের সৃষ্টি করতে হয়েছে। এর উচ্চারণ অনেকটা ইংরেজীর WORD, WORK, POWER এর মতো। অর্থাৎ এই শব্দগুলোর প্রথম দুই বর্ণ ও POWER এর WER এর যা উচ্চারণ হয় তার মতো (WER, WA)। আবার বাংলায় পাওয়া, যাওয়া অর্থাৎ 'ওয়া' এর মতো।

'উা' এই বর্ণযোগে গঠিত কিছু ককবরক শব্দের উদাহরণ নিম্নরূপ ঃ

উানা= চিন্তা, উা' = বাঁশ, উাহান = শূকরের মাংস। উালাঅ = কলহ, কুউার বড়/বিস্তৃত, উা = দাঁত ইত্যাদি।

গৃহীত বাংলা বর্ণগুলোর ককবরকে ব্যবহার বিষয়ে কিছু আলোকপাত ঃ ক) ই এবং য় এর ব্যবহার = উচ্চবর্ণের ক্ষেত্রে 'ই' এবং নিম্নস্বরের ক্ষেত্রে 'য়' এর ব্যবহার করতে হবে। 'ই'কে উচ্চস্বরের প্রতীক এবং 'য়' কে নিম্ন বা লঘুস্বরের প্রতীক হিসাবে গণ্য করা হয়েছে।

ফুনুকমারি/উদাহরণ ঃ

পায় =	ক্রয় করা		পাই	=	শেষ হওয়া
ফায়	=	আসা	ফাই	=	মচকানো
তীয়	=	জল	তীই	=	মিষ্ট হওয়া
বীতীয়	=	ঝোল	বীতীই	=	ডিম
খায়	=	ঘাই দেওয়া	খাই	=	কমানো
বলায়	=	দুজন মিলে বিছানো	বলাই	=	অহঙ্কার

খ) 'ঙ' এবং 'ং' এর ব্যবহার ও তথৈবচ। 'ং' এইটি উচ্চস্বরের প্রতীক এবং 'ঙ' লঘুস্বর বা নিম্নস্বরের প্রতীক।

ফুনুকমানি/উদাহরণঃ

নুখুঙ	=		পরিবার	নুখুং	= ঘরের ছাদ
থাঙ	=	বেঁচে থাক	থাং	=	যাওয়া
নীঙ	=	পান করা	নুং	=	ডাক দেওয়া ইত্যাদি।

স্মরণীয়ঃ বাংলা শব্দের ক্ষেত্রে 'য়' কখনো শব্দের আদিতে বসে না বা শব্দের প্রথম অক্ষর হিসাবে ব্যবহৃত হয় না। কিন্তু ককবরকের ক্ষেত্রে 'য়' বর্ণটি শব্দের আদিতেও ব্যবহৃত হয়। বাংলায় ং এবং ঙ এই দুটি বর্ণের মধ্যে ধ্বনিগত পার্থক্য নেই। তথাপি ককবরকে উচ্চ এবং নিম্নস্বরের পার্থক্য দেখানোর জন্যই দুটি বর্ণকে দু'ভাবে ব্যবহার করা হয়েছে।

গ) কোনও ককবরক শব্দের শেষে শেষ বর্ণ ক হলে এবং এর সঙ্গে অ ধ্বনি যুক্ত হলে পরবর্তী শব্দে ক বর্ণটি লোপ পায় এবং ওই স্থানে একটি গ এর আগম ঘটে।

ফুনুকমারি/উদাহরণঃ

বুচুক + অ	=	বুচুগ'	মায়তীক + অ	=	মায়তীগ'
নক + অ	=	নগ'	পাইথাক + অ	=	পাইথাগ'
রুতুক + অ	=	রুতুগ'	মীয়তীক + অ	=	মীয়তীগ'

ঘ) আবার কোনও শব্দের শেষে প থাকলে এবং পরে অ ধ্বনি যুক্ত হলে পূর্ববর্তী প লোপ পেয়ে ব-তে পরিণত হয়। অর্থাৎ বাংলা বর্গের প্রথম বর্ণের হলে তৃতীয় বর্ণ হয়।

ফুনুকমারি/উদাহরণঃ

কাপ + অ	=	কাব'	বীচাপ + অ	=	বীচাব'
চীকাপ + অ	=	চীকাব'	খাক্লাপ + অ	=	খাক্লাব'
ককলপ + অ	=	ককলব'	য়াকীলাপ + অ	=	য়াকীলাব' ইত্যাদি।

ঙ) পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, অ এর অপ্রাথমিক সহগ চিহ্ন হিসাবে ',' চিহ্নটিকে নেওয়া হয়েছে। অর্থাৎ এই চিহ্নের সাহায্যেই অনেক ক্ষেত্রে অ এর উপস্থিতি বুঝানো হয়।

ব্যঞ্জনবর্ণগুলো উচ্চারণের সময় ককবরকে প্রায় ক্ষেত্রেই 'অ' ধ্বনি উচ্চারিত হয়। এক্ষেত্রে ব্যঞ্জনান্ত শব্দ বা ধাতুর শেষে (') এই চিহ্ন ব্যবহার করে 'অ' এর উপস্থিতি বোঝানো হয়। এই 'অ' ধ্বনি ছাড়া অন্য ধ্বনি তাও অন্য ধ্বনি বা বর্ণের সহগ চিহ্নের সাহায্যে দেখানো হয়।

ফুনুকমারি/উদাহরণঃ

খ + আ = *, ম + ই = মি, চ +উ = চু খ + এ = খে ক + ঔ = কৌ ইত্যাদি।

আবার কতকগুলো বিশেষ ক্ষেত্রে এই 'অ' ধ্বনির অপ্রাথমিক চিহ্ন অর্থাৎ ',' এই প্রতীকটিকে ব্যবহার করে 'অ' এর উপস্থিতি বোঝানো হয়।

ফুনুকমারি/উদাহরণঃ

হিম'	=	হাঁটে	নুগ'	=	দেখে
লগ'	=	লম্বা/লম্বা হয়	তর'	=	বড়/বড় হয়
ফায়'	=	আসে	বাথাগ'	=	থামে/বিশ্রাম করে।
রহর'	=	প্রেরণ করে	আচুগ'	=	বসে
সীয়'	=	লেখে	তান'	=	কাটে

তবে যেসব পদের শেষে ঙগ অথবা ংগ থাকবে সেগুলোর শেষ বর্ণ 'গ' এর শেষে ',' এই চিহ্ন থাকবে না।

ফুনুকমারি/উদাহরণঃ

থাংগ	=	যায়/যাই	সীংগ	=	জিজ্ঞাসা করে
থাঙগ	=	বাঁচে	সীঙগ	=	টাঙগায়
তঙগ	=	আছে/থাকে	পুঙগ	=	বাজে/ডাকে
চীংগ	=	জ্বল জ্বল করে	রুংগ	=	বোঝাই করে
থীঙগ	=	খেলে			

তেমনি যে সমস্ত ক্ষেত্রে ই ব্যবহৃত হয়, এর পূর্ববর্তী বর্ণ যদি ব্যঞ্জন বর্ণ হয় তবে উচ্চ স্বরযুক্ত বর্ণের পর (,) এই চিহ্ন বসবে না।

ফুনুকমারি/উদাহরণঃ

নায়থক	=	সুন্দর,	চাইতক	=	চেষ্টা	মায়কতক	= ধানের ছড়ির পরবর্তী অংশ
খীলয়	=	করে				সীইকবর	= পাগলা কুকুর ইত্যাদি

এখানে থ, ক, ক, ত, য় ইত্যাদি বর্ণের পর (') এই চিহ্ন দেওয়া হয়নি। কারণ এই বর্ণগুলোর

পূর্বে য় অথবা 'ই' আছে।

আবার কোনও ককবরক শব্দের শেষে অ-কার, আ-কার, ই-কার, উ-কার এ-কার, ঐ-কার ইত্যাদি থাকলে এবং এগুলোর পর 'অ' ধ্বনি যুক্ত হলে এই অ ধ্বনির উপস্থিতি বোঝানোর জন্য ',' এই চিহ্ন যুক্ত হবে না। তখন 'অ' এই স্বরবর্ণ প্রয়োগ করেই অ ধ্বনির উপস্থিতি বোঝাতে হবে অর্থাৎ স্বরান্ত শব্দের পর 'অ' বসে।

ফুনুকমারি/উদাহরণঃ

স + অ = সঅ = টানে

কা + অ = কাঅ = উঠে

সি + অ = সিঅ = জানে

থু + অ = থুঅ = ঘুমায়

সে + অ = সেঅ = পদক্ষেপ নেয়

রি + অ = রিঅ = দেয় ইত্যাদি।

চ) ককবরকে ভিন্ন অর্থবাহী এমন অনেক শব্দ আছে যেগুলোর উচ্চাররে উচ্চ ও নিম্নস্তর ভিন্ন অন্য কোথাও পার্থক্য নেই। উচ্চ এবং লঘুস্বরের উপস্থিতিই শুধুমাত্র লক্ষণীয়। আবার অর্থগত ভাবে সম্পূর্ণ বিপরীত। এসব ক্ষেত্রে অন্য কোন চিহ্ন ব্যবহার না করে বাক্যের ব্যবহারিক প্রয়োগের মাধ্যমে যথার্থ অর্থ জেনে নিতে হবে।

ফুনুকমারি/উদাহরণঃ

উচ্চস্বর	**নিম্নস্বর**
বারা = অতিরিক্ত	বারা = খাটো
বির = ভিক্ষা করা	বির = উড়ে যাওয়া
বুখুক = মুখ	বুখুক = বোন
চিনি = চিনি (sugar)	চিনি = আমাদের
চুক = কাজে লাগা	চুক = উচ্চতা

জ) প্রয়োজনে ককবরকে যুক্তবর্ণের ব্যবহার করতে হবে।

ফুনুকমারি/উদাহরণঃ

ব্রীয় = মেয়ে/মহিলা

খীনা = শ্রবণ করা

থাংগীলাক = সম্ভবতঃ যাবেনা

সীনাম = তৈরী/গঠন করা ইত্যাদি

ককথাই/শব্দ

ধ্বনির মূল উৎস হলো কণ্ঠ। সেই কণ্ঠ থেকেই বেরিয়ে আসে টুকরো টুকরো ধ্বনি। সেই ধ্বনির লিখিত রূপ হলো বর্ণ। সেটাই ভাষার সবচেয়ে ক্ষুদ্রতম লিখিত রূপ বা চিহ্ন। আর শব্দ বা ককথাই হলো কণ্ঠ নির্গত সেই ক্ষুদ্র ক্ষুদ্র ধ্বনির লিখিত সংকেত বা চিহ্ন সমূহের সমষ্টিগত রূপ। কিন্তু সেই সমষ্টিগত চিহ্নকে অবশ্যই অর্থযুক্ত হতে হবে। এর সাহায্যে কোন অর্থ প্রকাশ পেলেই তাকে শব্দ বলা হবে, নতুবা নয়। কারণ অর্থবিহীন ধ্বনি সমষ্টি কখনও শব্দের মর্যাদা লাভ করে না। অর্থাৎ শব্দ হলো কিছু ধ্বনির সমষ্টি। সেই ধ্বনি বা আওয়াজের অর্থ হলেই শব্দের সৃষ্টি হয়।

তাহলে আমরা বলতে পারি— এক বা একাধিক বর্ণ মিলিত হয়ে বা পাশাপাশি বসে কোন অর্থ প্রকাশ করলে তাকে ককথাই বা শব্দ বলা হয়। এক বা একাধিক বর্ণের সুষ্ঠু প্রয়োগে একটি অর্থপূর্ণ কথা বেরিয়ে আসে। সেই অর্থপূর্ণ কথাই ককথাই বা শব্দ।

(থাইসা এবা থাইসানি কীবাং সীয়থাই থানসা ঔংগাঁই থাইসাসীকন' য়াসি সুরখে বন' ককথাই হীনু)

ফুনুকমারিঃ

খুম = ফুল, নক = ঘর, লামা = পথ/রাস্তা, খরক = মাথা, মকল = চোখ ইত্যাদি। এই শব্দগুলির প্রত্যেকটিতেই কয়েকটি বর্ণের সুষ্ঠু প্রয়োগ ঘটেছে এবং তাতে এক-একটি অর্থপূর্ণ কথা বেরিয়ে এসেছে।

ককবীতাং/বাক্য

শব্দ গেঁথে আমরা কথা বলি। কথা বলার সময় বা সেই কথাকে লিখে প্রকাশ করার সময় আমরা কতকগুলো অর্থপূর্ণ শব্দ একসঙ্গে ব্যবহার করি। এই শব্দগুলোর প্রত্যেকটিই একটির সঙ্গে অপরটির অর্থ-সম্পর্ক থাকতে হবে। আবার শব্দ সমষ্টিকে সম্পূর্ণভাবে মনের ভাব প্রকাশে সক্ষমও হতে হবে। এরকম শব্দ সমষ্টিই হচ্ছে বাক্য। শব্দ সমষ্টি ত্রুটিপূর্ণ ও সঙ্গত অর্থ প্রকাশের জন্যই বাক্যের অন্তর্গত পদগুলো পরস্পরের সঙ্গে অর্থ সম্পর্কযুক্ত হয়। তাই এলোমেলো পদ সমষ্টি নয়, মনের ভাব সম্পূর্ণভাবে প্রকাশ করার জন্য প্রয়োজন একটি সুসজ্জিত পদসমষ্টির। সেই সুসজ্জিত পদ সমষ্টিই বাক্যের মর্যাদা লাভে সমর্থ হয়।

তাই বলব— পরস্পর অর্থ সম্পর্কযুক্ত কতকগুলো পদ মিলিত হয়ে মনের একটি সম্পূর্ণ ভাব প্রকাশ করলে সেই সুসজ্জিত পদ সমষ্টিকে ককবীতাং বা বাক্য বলা হয়।

ফুনুকমারি/ডদাহরণঃ

আঙ মায় চাঅ = আমি ভাই খাই। ব তীয় নীঙগ = সে জল পান করে। নিনি মুঙ তাম' = তোমার নাম কি? নীঙ খীনা আগুলিঅ থাংনাইদে = তুমি কি আগামীকাল আগরতলায় যাবে? তিনি বেলাই কুতুং = আজ খুব গরম।

এই উদাহরণগুলোর পদসমূহ পরস্পর অর্থ সম্পর্কযুক্ত এবং বাক্যগুলোর বক্তব্য বা ভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়েছে বলেই বাক্যসমূহ সার্থক বাক্যরূপে গৃহীত হয়েছে।

আবার দেখা যাক্— ফুঙ দিবর' সাল হাব' = সকালবেলায় সূর্য অস্ত যায়। এই বাক্যে ব্যবহৃত পদগুলোর অর্থ সঙ্গতি নেই। এর সমষ্টিগত অর্থ যা বলতে চেয়েছে— তা অবাস্তব এবং অসম্ভব। তাই এটি বাক্য নয়। কারণ সকালবেলায় সূর্য অস্ত যায় না ; উদিত হয়। পদ সমষ্টিকে বাক্যের গুণ লাভ করার জন্য যে অর্থসঙ্গতি থাকা প্রয়োজন ছিল, এখানে তা অনুপস্থিত। আবার নরগ মিয়া গাতিঅ = তোমরা গতকাল ঘাটে। এর দ্বারা কোনও ভাব প্রকাশ পায়নি। এরপরও আরো কিছু জানার আকাঙ্ক্ষা থেকে যায়। অর্থাৎ বাক্যের এই পদসমষ্টির দ্বারা শ্রোতার আকাঙ্ক্ষা সম্পূর্ণ চরিতার্থতা লাভ করেনি। তাই এই বাক্যটি বাক্য নয়। আবার দেখা যাক— কৌচাং ফুঙগ চায়া আঙ মায় হরনি = ঠাণ্ডা সকালে খাইনা আমি ভাত রাত্রিবেলার। বাক্যটি মোটেই অর্থবহ হয়নি। এর অন্তর্গত পদগুলোকে যথাযথ স্থানে বসানো হয়নি বলেই তাদের সমষ্টিগত অর্থ পরিস্ফুট হয়নি এবং ভাববোধও জন্মেনি। কিন্তু যদি এভাবে সাজিয়ে বলা হয়— আঙ ফুঙগ হরনি মায় কৌচাং চায়া = আমি সকালে রাত্রিবেলার ঠাণ্ডা ভাত খায় না। তাহলেই এটা অর্থবহ হবে, সঠিক ভাব প্রকাশ পাবে। সুতরাং এই প্রচ্ছদে প্রদত্ত তিনটি বাক্যই ত্রুটিপূর্ণ। কোনটিই ত্রুটিমুক্ত নয়। এদের দ্বারা কোন সঠিক বক্তব্য বা ভাব প্রকাশ পায় না। তাই এগুলো বাক্যের পর্যায়ভুক্ত নয়।

(ককথাইরগ থানসা ঔংগৌই খাপাঙনি কক স্রাই স্রাইখে সাখে বন' ককবীতাং হীনু।)

বাংলা এবং ইংরেজীর ন্যায় ককবরকেও বাক্য গঠনের কতকগুলো নির্দিষ্ট নিয়ম পদ্ধতি আছে।

ক) একটি ককবরক বাক্যে কর্তৃ, কর্ম এবং ক্রিয়া — এই তিনটি পদ অবস্থান করে।

খ) বাক্যগুলোতে প্রথমে কর্তৃপদ, মাঝে কর্মপদ এবং সবশেষে ক্রিয়াপদ বসে।

ককবরকে কর্তৃপক্ষ বা কর্তাকে তাঙফাঙ, কর্মপদকে তাঙজাকনাই এবং ক্রিয়াপদকে খীলায় বলে। ককবরক বাক্যে এই তিনটি পদ একান্ত অপরিহার্য।

(ককবরক ককবীতাং তাংসাঅ তাঙফাঙ, তাঙজাকনাই তেই খীলায় নাঙগ।)

ফুনুকমারি/উদাহরণ ঃ

১) আঙ তীয় খগ' = আমি জল তুলি। ২) খাজা খুম খলু = খাজা ফুল তুলে। ৩) চেরায়রগ দু-দু থীঙগ = ছেলেরা কাবাডি খেলে।

উপরের প্রত্যেকটি বাক্যেই যথাক্রমে কর্তৃ, কর্ম এবং ক্রিয়াপদ নিয়মানুযায়ী যথাস্থানে বসেছে। একটি সহজ নিয়মের দ্বারা কর্তা এবং কর্ম এ দুটি পদের চিহ্নিতকরণ সম্ভব। বাক্যস্থিত ক্রিয়াপদকে ভিত্তি করে সাব', তাম', বর' ইত্যাদি প্রশ্নের দ্বারা এর অন্তর্ভুক্ত কর্তা এবং কর্ম এই দুটি পদকে বের করা যায়।

ফুনুকমারি ঃ

১) দুকমালি মায় রাঅ (দুকমালি ধান কাটে। ২) সিনজি ফুতলাবায় থীঙগ = সিনজি পুতুল দিয়ে খেলে। ৩) মুসুক দেগা বকরঙ পাকগ' = ষাঁড় শিং নাড়ে। ৫) আফা বুয়নি কামিঅ থাংগ = বাবা অন্যের বাড়ীতে যান।

বাক্যগুলোর প্রত্যেকটিতে সাব', তাম', বর' অর্থাৎ কি এবং কোথায় এই প্রশ্নবোধক পদসমূহের দ্বারা প্রশ্ন করলে বাক্যের অন্তর্গত কর্তৃ এবং কর্মপদগুলো অতি সহজেই পাওয়া যাবে।

বাক্যের আয়তন বড়ও হতে পারে, ছোটও হতে পারে। ছোট বাক্য গঠনে যেমন কোন অসুবিধা নেই, আবার দীর্ঘ হলেও কোন অসুবিধার কারণ ঘটে না। অর্থবোধক একটি মাত্র শব্দের দ্বারাও কখনও কখনও বাক্য গঠিত হয়। যেমন কোন একজন লোক 'বল খেলছে'। তাকে জিজ্ঞেস করা হলো— নীঙ তাম' থীঙ বা তুমি কি খেলছ? লোকটি উত্তরে বলল— বল। বল— এই একটি মাত্র শব্দের দ্বারাই লোকটি তার প্রশ্নের জবাব দিয়েছে। তবে একটিমাত্র শব্দের দ্বারা যে বাক্য গড়ে উঠে তা সংলাপের মধ্যেই সীমাবদ্ধ থাকে। এ কথা সবসময় মনে রাখতে হবে। বিচ্ছিন্নভাবে সেগুলোকে বাক্য আখ্যা দেওয়া যায় না। এসব একটি মাত্র পদের দ্বারা গঠিত সংলাপমূলক বাক্যে কখনও কর্তা, কর্ম এবং ক্রিয়াপদ এই তিনটির যেকোন একটি অনুপস্থিত বা উহ্য থাকতে পারে।

সাজাকনাই তেই সাজাকমা/উদ্দেশ্য ও বিধেয়

প্রত্যেক বাক্যের দুটি প্রধান অংশ থাকে। একটি সাজাকনাই বা উদ্দেশ্য এবং অপরটি সাজাকমা বা বিধেয়। কোন ব্যক্তি, বস্তু, প্রাণী ইত্যাদি বিষয়ে কিছু বলা বাক্যের প্রধান লক্ষ্য।

বাক্যের যে অংশে কারও সম্পর্কে বা যাকে উদ্দেশ্য করে কিছু বলা হত তাকে সাজাকনাই বা

উদ্দেশ্য বলা হয়।

(খরক, লাংমা, মানীয় এবা কীথাঙন রীগীই মুংসাসীক সাজাকখে বন' হীনু সাজাকনাই।)

আর সাজাকনাই সম্পর্কে যা কিছু বলা হয় তাকে সাজাকমা বা বিধেয় বলে।

(সাজাকনাইন রীগীই ককলাম অীংমারগন' হীনু সাজাকমা)

ফুনুকমারি/উদাহরণঃ

সাজাকনাই/উদ্দেশ্য	সাজাকমা/বিধেয়
খানদায় রীঙনগ'	থাংগ
খানদায়	বিদ্যালয়ে যায়।
চুমুই	মীতায় বগ'
চুমুই	পূজো দেয়
মা-ফা কীরীই সামসতা	কাবীই তঙগ
পিতৃ-মাতৃহীন সামসভা	কাঁদছে

এই বাক্যগুলোর প্রথম অংশ সাজাকনাই বা উদ্দেশ্য এবং দ্বিতীয় অংশ সাজাকমা বা বিধেয়। প্রথম অংশে খানদায়, চুমুই এবং মা-ফা কীরীই সামসতা হচ্ছে উদ্দেশ্য ও সাজাকনাই। আবার উদ্দেশ্য অংশের প্রধান পদ হচ্ছে খানদায়, চুমুই এবং সামসতা। কারণ বাক্যগুলোতে এদের বিষয়ে কিছু বলা হয়েছে।

সাজাকনাই অংশের প্রধান পদকে বলে সাজাকনাই ককথাই বা উদ্দেশ্যপদ। এটাই হলো বাক্যের কর্তা বা তাঙফাঙ। আর সাজাকমা অংশের প্রধান পদকে সাজাকমা খীলায় বা বিধেয় ক্রিয়া বলে। এই সাজাকমা খীলায়ই হলো মীথাকনাই খীলায় বা সমাপিকা ক্রিয়া। সুতরাং বলা যায়— সাজাকনাই বা উদ্দেশ্য অংশের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদ হলো তাঙফাঙ বা কর্তা এবং সাজাকমা বা বিধেণ অংশের গুরুত্বপূর্ণ পদ হলো তার মীথাকনাই খীলায় বা সমাপিকা ক্রিয়া।

ককরবক বাক্যে উদ্দেশ্য পদ বা সাজাকনাই ককথাই অনেক সময় উহ্য থাকে। এক্ষেত্রে কর্তা বা তাঙফাঙকেই বুঝতে হবে। উহ্য থাকলেও তার উপস্থিতি অনুভব করা যায়।

যেমন ঃ ক) হুগ' থাংদি = জুমে যাও। ২) তাম' থীঙলায় = কি খেলছ? ৩) বর' থাং সা? = কোথায় যাও? ইত্যাদি। উপরোক্ত বাক্যগুলোতে সাজাকনাই ককথাই অর্থাৎ উদ্দেশ্য বা উদ্দেশ্য পদ উহ্য রয়েছে। এখানে নীঙ/তুমি, নরগ/তোমরা, নীঙ/তুমি ইত্যাদি পদগুলো যথাক্রমে উহ্য রয়েছে।

শেষে এই সিদ্ধান্তে আসা যায়— বাক্যের দুটি অংশ।

১। সাজাকনাই/উদ্দেশ্য
এই অংশের প্রধান পদকে বলে—
সাজাকনাই ককথাই বা উদ্দেশ্য পদ।
বাক্যের কর্তা বা তাঙফাঙ
গুরুত্বপূর্ণ পদ নামপদ।
অনেক সময় সাজাকনাই ককথাই উহ্য থাকে।

২। সাজাকমা/বিধেয়
সাজাকমা অংশের প্রধান পদকে
বলে সাজাকমা খীলায় বা বিধেয় ক্রিয়া।
বাক্যের মীথাকনায় খীলায় বা সমাপিকা ক্রিয়া।
গুরুত্বপূর্ণ পদ ক্রিয়াপদ।

ককবীতাংনি দাল/বাক্যের প্রকারভেদ

অর্থ ও গঠন অনুসারে ককবরক বাক্য বিভিন্ন ভাগে বিভক্ত। অর্থ অনুসারে ককবরক ককবীতাংকে পাঁচভাগে ভাগ করা যায়। যথা— ১) উক্তিমূলক বাক্য/সাকৌলাইমুঙ ককবীতাং ২) প্রশ্নবোধক বাক্য/সীংমুঙ ককবীতাং ৩) অনুজ্ঞাসূচক বাক্য/দাগিমুঙ ককবীতাং ৪) প্রার্থনাসূচক বা ইচ্ছামূলক বাক্য/সুরিমুঙ এবা মুচুঙমুঙ ককবীতাং ৫) বিস্ময়সূচক বাক্য/মৌলাঙ ককবীতাং।

সাকৌলাইমুঙ ককবীতাং/উক্তিমূলক বাক্য

কোন ঘটনা বা বিবৃতি থাকলে সেই বাক্যকে সাকৌলাইমুঙ ককবীতাং বা উক্তিমূলক বাক্য বলে। সাকৌলাইমুঙ ককবীতাং এর বক্তব্যগুলো বিবৃতি আকারে রাখা হয়।

(সৌরাই-সৌরাইখে সাজাকমান' সাকৌলাইমুঙ ককবীতাং হীনু।)

ফুনুকমারি/উদাহরণঃ

১। বরগ অর' ফায়লায়খা= তারা এখানে এসেছে। ২) দুকমালি খা রিই সামুঙ তাঙগ = দুকমালি মনোযোগ সহকারে কাজ করে। ৩) খুমতয়া নি সাগ হাময়া = খুমতয়ার শরীর সুস্থ নয়। উপরোক্ত বাক্যগুলো সবই সাকৌলাইমুঙ ককবীতাং বা উক্তিমূলক বাক্য। কেননা এর বক্তব্য বিষয়গুলো বিবৃতি আকারে প্রকাশিত হয়েছে।

সাকৌলাইমুঙ ককবীতাং আবার দু'ভাগে বিভক্ত। যথা ঃ ১) 'ই'-ককবীতাং বা হ্যাঁ বাচক বাক্য। ২) ইঁহি ককবীতাং = না বাচক বাক্য। কোন কিছু স্বীকার করা অর্থে ই ককবীতাং বা হ্যাঁ বাচক বাক্য ব্যবহৃত হয়। অর্থাৎ কোন ঘটনা বা ভাব বিবৃতির মাধ্যমে স্বীকার করে

নেওয়া হলে সেই বাক্যটি হ্যাঁ বাচক বাক্যে পরিণত হয়। ককবরক বাক্যে ধাতুর শেষে অ, খা, নাই, আনী এই অংশগুলো যুক্ত হলে কোন ঘটনা ও ভাবের স্বীকৃতি বা প্রতিষ্ঠা বোঝায়। তাই যে ককবরক বাক্যে ক্রিয়াপদের শেষে অ, খা, নাই, আনী ইত্যাদি অংশগুলো যুক্ত থাকে বা যুক্ত হয় তাকে হ্যাঁ বাচক বা ইঁ ককবীতাং বলে।

(ইঁ ককবীতাংনি মারিরগ - অ, খা, নাই, আনী, অ ককবকচ' রগ তঙখে ইঁ ককবীতাং হিন - জাগু।)

ফুনুকমারি/উদাহরণ ঃ

১) আঙ মিয়া ফায়খা = আমি গতকাল এলাম। ২) আঙ আগুলিঅ থাংখা = আমি আগরতলায় গিয়েছি। ৩) ব মায় চাঅ = সে ভাত খায়। ৪) মনিরাম থাংগানী = মনিরাম যাবে। ৫) ব থাংনাই = সে যাবে ইত্যাদি।

ইঁহি ককবীতাং/না বাচক বাক্য

কোন কিছু অস্বীকার করার অর্থে ইঁহি ককবীতাং বা নঞর্থক বাক্য প্রয়োগ করা হয়। অর্থাৎ কোন ঘটনা বা ভাব বিবৃতির মাধ্যমে অস্বীকার করা হলে বাক্যটি ইঁহি ককবীতাং বা নঞর্থক বাক্যে পরিণত হয়। ককবরক বাক্যের ধাতুর শেষে য়া, গ্লাক, লিয়া, য়াখু, য়ানা, নিয়া ইত্যাদি অংশ যুক্ত হলে এবং বাক্যে তা, কীরাই ইত্যাদি প্রয়োগ হলে কোন ঘটনা বা ভাবের অস্বীকৃতি বুঝানো হয়। তাই যে ককবরক বাক্যে ধাতুর শেষে উপরোক্ত ধ্বনিগুচ্ছ যুক্ত থাকে বা যুক্ত হয় এবং ব্যবহৃত হয় তাকে ইঁহি ককবীতাং বা নঞর্থক বাক্য বলে।

(ইঁহি ককবীতাং মারিরগ য়া, য়ানা, য়াখু, নিয়া, লিয়া, লিয়ানা, তা, কীরাই অ ককবকচ' রগ তঙখে ইঁহি ককবীতাং হীনজাগ'।

ফুনুকমারি/উদাহরণ ঃ

১) আঙ বল থীঙয়া = আমি বল খেলিনা। ২) ব চা-গীলাক = সে খাবেনা (অনিশ্চয়তা অর্থে)। ৩) নরগ তিনি তা থাংদি = তোমরা আজ যেওনা। ৪) আনি সলাঅ লেপসা রাঙ কীরাই = আমার পকেটে একটি পয়সাও নেই। ৫) আঙ মায় চায়াখু = আমি এখনও ভাত খাইনি। ৬) ব মীতায়নি থালিক চা-য়ানা = সে পূজার কলা খায়নি (অনিশ্চয়তা অর্থে)। ৭) ব থাংলিয়া = সে যায় নি। ৮) ব থীঙলিয়ানা = সে হয়তো খেলে নাই। ৯) নরগ থাংলায়দি, আঙ থাংলিয়া = তোমরা যাও, আমি আর যাই না।

উপরোক্ত বাক্যগুলো ইঁহি ককবীতাং বা নঞর্থক বাক্যের উদাহরণ। ককবরকে নঞর্থক বাক্য গঠনের বিভিন্ন পদ্ধতি আছে। সেগুলো নিম্নরূপ ঃ

১। ধাতু বা ক্রিয়ার মূল অংশের সাথে য়া ধ্বনি যোগ করে বর্তমান কালবাচক ইঁহি ককবীতাং বা নঞর্থক বাক্য গঠন করা যায়। তবে 'য়া' যুক্ত পদে বর্তমান কালের চিহ্ন অ বা উ-কার বসবে না।

ফুনুকমারি/উদাহরণ ঃ

১) খুমপুয় উাহান চায়া = খুমপুয় শূকরের মাংস খায়না। ২) ব চুউাক নীঙয়া = সে মদ পান করে না। দুকমালি সামুঙ তাঙয়া = দুকমালি কাজ করে না।

আবার সময় বা কালজ্ঞাপক পদ থাকলে অতীতকালের বাক্যের ক্রিয়াপদ অন্তে 'য়া' বসিয়ে নঞর্থক বাক্য গঠন করা যায়। 'য়া'-অন্তে অতীতকালবাচক চিহ্ন আর বসে না। যেমন ঃ ১) খুমতয়া মিয়া খুমুলীঙগ থাংয়া = খুমতয়া গতকাল খুমুলীঙগে যায় নি। ২) আঙ ঔসকাঙগ মুই চংথানি থাংয়া = আমি গত পরশুদিন পশু শিকারে যায়নি। ৩) ব সেমানি সিমি রীঙনগ' থাংয়া = সে গত বৎসর থেকে বিদ্যালয়ে যায় নি।

২। আবার সম্ভবতঃ বা অনিশ্চয়তা অর্থে শুধুমাত্র অতীত কালবাচক ককবরক বাক্যের ক্রিয়াপদের শেষে 'য়ানা' ধ্বনিগুচ্ছ যুক্ত হয়। অর্থাৎ ক্রিয়াপদের শেষে 'য়ানা' যুক্ত হয়ে অতীকালের না-বোধক বাক্য গঠন করে। উদাহরণ বা ফুনুকমারি ঃ

১) খুমজারতি মীতায়নি বাতাসা চা-য়ানা = খুমজারতি পূজার বাতাসা খায়নি। (সম্ভবতঃ অর্থে)। ২) বরগ আবতাই সামুঙ সিতরা তাঙয়ানা = তারা হয়তো সেরূপ অন্যায় কাজ করে নাই। ৩) ব নন' আ কক সা-য়ানা = সে হয়তো তোমাকে এ কথা বলে নাই।

৩। আবার 'য়াখু' এই অংশটিকে মূল ক্রিয়াপদের শেষে বসিয়েও অতীতকালের নঞর্থক বাক্য গঠন করা যায়। ফুনুকমারি ঃ

১) য়াম্রক হুগ' থাংয়াখু = য়াম্রক (এখনও) জুমে যায় নি। ২) দা কতর তাবুকব' মায় চা-য়াখ্ = বড়দা এখনও ভাত খায়নি। ৩) দাবুরা চুউাক চেঙয়াখু = দাদু (এখনও) মদ খাওয়া শুরু করেনি।

৪) ক্রিয়াপদের শেষে 'লিয়া' যোগ করে অতীত কালবাচক নঞর্থক বাক্য গঠন করা যায়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

১) মীলাঙ থাংলিয়া = মীলাঙ যায়নাই। ২) চীঙ তাস থীঙলিয়া = আমরা তাস খেলিনাই

৩) বিনি কক খুনজুঅ হাপলিয়া = তার কথা আর শুনতে কানে ঢুকে নাই।

৫। অনিশ্চয়তা অর্থে 'নিয়া' প্রত্যয়টি ক্রিয়াপদ বা ধাতু অন্তে যুক্ত হয়ে ভবিষ্যৎ কালবাচক নঞর্থক বাক্য গঠন করে। কিন্তু তাতে ভবিষ্যকালের চিহ্ন 'নাই' বা 'আনী' যুক্ত থাকে না।

ফুনুকমারি/উদাহরণ ঃ

১) ব খালি হুক খীলায়নিয়া = সে আগামী বার জুম চাষ করবে না। ২) হানকজীক খীনা আবুল সুথানি থাংনিয়া = ছোট বোন হয়তো আগামীকাল অন্নপ্রাশনে যাবে না। ৩) নীংলে খুকনি কক নারীকনিয়া = তুমি হয়তো কথা দিয়ে কথা রাখবে না।

৬। অনিশ্চয়তা অর্থে ভবিষ্যৎকালের নঞর্থক বাক্যের ক্রিয়াপদ-অন্তে গ্লাক প্রত্যয় যুক্ত হয়।

ফুনুকমাবি / উদাহরণ ঃ

১) নীপ্রাঙজীক কাহায় বরক অবতীই কক সাগীলাক = তোমার শ্যালিকার মতো লোক এরূপ কথা বলবে না। ২) বাচীই কতরনি য়াগ' আসীক রাঙ কীবাং তঙগীলাক = বড় বৌদির কাছে এত বিপুল পরিমাণ টাকা থাকবে না। ত) সমলখি অীসীক উাতীয়' নকনি নঙখর গীলাক = এই বৃষ্টিতে সমলখি ঘর থেকে বেরোবে না।

৭) আদেশ বা নির্দেশমূলক নঞর্থক বাক্যে 'তা' ধ্বনি , টি সর্বদা ক্রিয়াপদের পূর্বে ব্যবহৃত হয়। তাতে শুধুমাত্র ভবিষ্যৎ কালবাচক বাক্যই গঠিত হবে। ফুনুকমারি ঃ

১) বুয়নি মানীয় তা তাঙদি = পরদ্রব্যে হাত দিও না। ২) তা উানাদি, আঙ তঙগ = চিন্তা করো না, আমি আছি। ৩) নীঙ থাংদি, অর' তা তঙদি = তুমি যাও, এখানে থেকো না।

৮। 'কীরীই' এই স্বাধীন শব্দটি ব্যবহার করেও বর্তমান এবং অতীত কালবাচক নঞর্থক ককবরক বাক্য গঠন করা যায়। তবে অতীতকালের ক্ষেত্রে সময় বা কালবাচক পদ থাকতে হবে। ফুনুকমারি ঃ

১) বিনি সলাঅ রাঙ কীরীই = তার পকেটে টাকা নেই। ২) নাহানক কাহায় নায়থক কীরীই = তোমার বোনের মতো সুন্দরী আর নাই। ৩) নীঙ ফায়ফুবু আঙ নগ' কীরীই = তুমি আসার সময় আমি বাড়ীতে ছিলাম না। ৪) মিয়াঅ আনি নগ' মাইরুম-কীরীই = গতকাল আমার ঘরে চাউল ছিল না।

২। সীংমুঙ ককবীতাং/প্রশ্নবোধক বাক্য ঃ

কোন ঘটনা বা ভাব সম্পর্কে কোনরূপ প্রশ্ন জিজ্ঞাসা করা হলে সীংমুঙ ককবীতাং বা প্রশ্নবোধক বাক্য হয়। অর্থাৎ বাক্যে কোন কিছু সম্পর্কে কোনরকম প্রশ্ন জিজ্ঞাসা করা হলে তাকে

সীংমুঙ ককবীতাং বলে;
(সীংমান' রীগীই সাজাক ককবীতাংন সীংমুঙ ককবীতাং হিনু।)

ফুনুকমারি/উদাহরণ ঃ

১) চেথুউাঙ দুধ দে নীঙখা? = চেথুউাঙ দুধ খেয়েছ? ২) নিনি কামি বর'? = তোমার বাড়ী কোথায়? ৩) নীমা নগ দে তঙ? = তোমার মা বাড়ীতে আছেন? ৪) বিনি মুঙ তাম' = তার নাম কি? ইত্যাদি।

ককবরকে প্রশ্নবোধক পদগুলো হলো ঃ সাব/সীবা = কে, বাহাই/ বুবুতাই/ ববতাই/ বমতাই/ বুমতাই = কেমন, বিক'/বুক', (কোন্‌টি/কোথায়, বিয়াং = কোন্‌দিকে, বব'/ বুব'/ বুম'/ বম' = কোন্‌টি, বুফুরু = কখন, দে, লে, তাম' = কি ইত্যাদি।

ককবরক প্রশ্নবোধক বাক্য গঠনের কিছু গুরুত্বপূর্ণ নিয়ম পদ্ধতি নিম্নরূপ ঃ

১) ক্রিয়াপদ বিহীন বাক্যগুলোর শেষে তাম', বর', সীবা, সাব, লে, দে বিক'/বুক'/বক' ইত্যাদি প্রশ্নসূচক শব্দ বা ধ্বনিসমূহ ব্যবহৃত হয়ে প্রশ্নবোধক বাক্য সৃষ্টি করে। ফুনুকমারি ঃ

১) বিনি মুঙ তাম' = তার নাম কি? ২) বরগনি কামি বর' = তাদের বাড়ী কোথায়? ৩) আনি সীয়কং বুর' = আমার কলমখানি কোথায়? ৪) নিনি বানতা লে = তোমার অংশ কোথায়? ৫) ইব' বিনি কামচৌলীয় দে? = এটা কি তার শার্ট? ৬) ব' অর' সাব' = সে এখানে কে? ৭) আচাইনি দামরা বিক' = দিদিমা/ঠাকুরমার টাক্কাল কোথায়? ৮) আনি রিসা বুক' = আমার রিসা (বক্ষাবরণী) কোন্‌টি?

২। ক্রিয়াপদ আছে এমন বাক্যে ক্রিয়াপদের পর দে, সাব'/সীবা ইত্যাদি প্রশ্নবোধক শব্দের প্রয়োগে, প্রশ্নবোধক বাক্য তৈরী হয়। আবার লে এবং দে অনেকে সময় একই বাক্যে ভিন্ন ভিন্ন স্থানে অবস্থান করেও প্রশ্নসূচক বাক্য গঠন করে।

ফুনুকমারি ঃ

১) ব নিনি লগিঅ থাংয়াদে = সে কি তোমার সঙ্গে যাবে না? ২) আরঅ ব সানাই সাব' = সেখানে তিনি বলার কে? ৩) ব দাগিনাই সীবা = আদেশ দেওয়ার তিনি কে? ইত্যাদি।

৩। সাব'/সীবা, বাহাই, বুবতাই/বুমতাই, বিয়াং, বব', তামা/তাম', বর'/ বুর', বুফুরু, দে ইত্যাদি প্রশ্নসূচক ধ্বনি ও শব্দগুলো বাক্যে ক্রিয়াপদের পূর্বের ব্যবহৃত হয়েও প্রশ্নবোধক বাক্য গঠন করে।

ফুনুকমারি/উদাহরণঃ

১) নীঙ সাব'/সীবা অীংখা = তুমি কে? ২) খাজু বাহাই তঙ = খাজু কেমন আছে? ৩) বরগ বিয়াং থাংলায় = তারা কোথায় যায়? ৪) বব' নিনি = কোন্‌টি তোমার? ৫) আচু বর'/বুর' থাং = ঠাকুরদা/দাদু কোথায় যায়? ৬) নিহিরগ বুফুরু ফায়নাই = তোমার স্ত্রী কখন আসবে? ৭) নীঙ ববতাই/বুবুতাই নায় = তুমি কেমন চাও? ৮) চিনি উলদ্রব' নীং দে ফায় = আমাদের পশ্চাৎভাগে তুমিই এসেছিলে?

দাগিমুঙ ককবীতাং/অনুজ্ঞাবাচক বাক্য

কোন বাক্যের দ্বারা উপদেশ, আদেশ, অনুরোধ, নিষেধ ইত্যাদি বোঝালে তাকে দাগিমুঙ ককবীতাং বা অনুজ্ঞাবাচক বাক্য বলে।

(ককবীতাংরগ' তুমুঙ মুংসাসীস দাগিমা, থরমা, খরায়মা, কয়মা অবতাইরগ তঙখে আবন' হিনু দাগিমুঙ ককবীতাং।)

ফুনুকমারিঃ ১) তিনি আরঅ তা থাংদি * আজ সেখানে যেওনা। ২) খা রিউই সীরীঙদি * মন দিয়ে পড়াশোনা করো। ৩) অবতাই সামুঙ সিতরা তা তাঙজাবাসিদি, দউ * এরূপ অন্যায় কাজ আর কখনো করো না, কেমন। ৪) মীসা তঙগু, আয়াং বাজুঅ তা থাংদি * বাঘ আছে, ঐদিকে যেওনা। ৫) আঙ নিনি য়াকুংগ কীলায়ু, আনি ককথাইসা খীনাজাবাদি * আমি তোমার পায়ে পড়ি, আমার একটি কথা শোনো।

উপরের সবকটি বাক্যই দাগিমুঙ ককবীতাং বা অনুজ্ঞাবাচক বাক্যের উদাহরণ। পূর্বেই বলা হয়েছে যে, দাগিমুঙ ককবীতাং দ্বারা আদেশ, উপদেশ, অনুরোধ, নিষেধ ইত্যাদি বোঝানো হয়। এজন্য এ ধরনের ককবরক বাক্যে ধাতু বা ক্রিয়াপদ অন্তে 'দি' ধ্বনি যুক্ত করা হয়। এই 'দি' ধ্বনিটি আদেশ, উপদেশ, অনুরোধ বা নিষেধমূলক। উপরের প্রতিটি বাক্যের ক্রিয়াপদ অন্তে 'দি' ধ্বনি যুক্ত রয়েছে।

অনুজ্ঞাসূচক বা দাগিমুঙ ককবীতাং এ প্রথম পুরুষের কোনও ব্যক্তির প্রতি আদেশ, নির্দেশ ইত্যাদি বর্ষিত হলে ক্রিয়াপদ-অন্তে 'দি' এর পরিবর্তে 'থুন' ব্যবহৃত হয়।

ফুনুকমারিঃ

১) ব' অ সামুঙ খা বায়-খুকবায় খীলায়জাবাথুন = সে এই কাজটি আন্তরিকভাবে করুক।
২) মাতুডা ফাতার' থাংগাই সীরীঙনাখে সীরীঙগাইথুন = মাতুডা ইচ্ছা করলে বাইরে গিয়ে

পড়াশোনা করুক।

উপরোক্ত অনুজ্ঞাসূচক দুটি বাক্যেই বাক্যান্ত গত ক্রিয়াপদ-অন্তে থুন প্রত্যয় যুক্ত রয়েছে। লক্ষ্য করলেই তা বুঝতে পারা যাবে। লক্ষ্যণীয় হলো— এ ধরনের বাক্যে ক্রিয়া বা ধাতু-অন্তে অন্যান্য প্রত্যয় যুক্ত থাকলেও প্রত্যয় বা অংশ বিশেষযুক্ত ধাতু অথবা ক্রিয়াপদের শেষে 'থুন' যুক্ত হয়েছে। 'দি' ধ্বনির ক্ষেত্রেও তাই। যেমন ঃ ১) নীঙ জরা তঙসানি নগ' থাংজাবাসিদি = সময় থাকতে তুমি অনুগ্রহ পূর্বক বাড়িতে যাও। ২) ব অর'নি কুতুলজাবা সিথুন = সে দয়া করে এখান থেকে সরে যাক্। দুটি ক্ষেত্রেই সর্বশেষে 'দি' অথবা 'থুন' যুক্ত হয়েছে।

সুরিমুঙ এবা মুচুঙমুঙ/প্রার্থনা বা ইচ্ছামূলক বাক্য

মনের ইচ্ছা, প্রার্থনা, কামনা ইত্যাদি বোঝানোর ক্ষেত্রে সুরিমুঙ এবা মুচুঙমুঙ অর্থাৎ প্রার্থনা বা ইচ্ছামূলক বাক্য ব্যবহৃত হয়। তাই যেসব বাক্যে আকাঙ্ক্ষা, প্রার্থনা ইত্যাদি সূচিত হয় তাকে সুরিমুঙ অথবা মুচুঙ মুঙ ককবীতাং বা প্রার্থনা/ইচ্ছামূলক বাক্য বলে।

(ককবীতাং তাংসানি বিসিংতৌই খানি নায়মুঙ, মুচুঙমুঙ, সুরিমুঙ আবতৌইরগ সাজাকখে বন' হীনু সুরিমুঙ অথবা মুচুঙমুঙ ককবীতাং।)

ফুনুকমারি ঃ

১) মীতায়রগ নিনি কাহাম খীলায়থুন = ভগবান তোমার মঙ্গল করুন। ২) আঙ নিনি সাককাহাম নায়জাঅ = আমি তোমার শারীরিক মঙ্গল কামনা করি। ৩) নীঙ হামীই চাউই তঙজাদি = তোমার সংসার সুখের হউক। ৪) অ মীতায়রগ, আন' খাইরগজাবাদি = হে ভগবান, তুমি আমার প্রতি সহনশীল হোন।

উপরোক্ত বাক্যগুলো সুরিমুঙ অথবা মুচুঙমুঙ বাক্যের উদাহরণ। এসব বাক্যের ক্ষেত্রে 'দি', 'থুন', এবং ক্ষেত্র বিশেষে অন্যান্য ধ্বনিও ধাতু বা ক্রিয়াপদ— অন্তে যুক্ত হতে পারে। তবে তা বাক্যের পারিপার্শ্বিক অবস্থার উপর নির্ভর করে।

বিস্ময়সূচক বাক্য/মীলাঙ চামুঙ ককবীতাং

বিভিন্ন সময়ে বিভিন্ন ঘটনা আমরা কানে শুনি বা চোখে দেখি। এসব গোচরীভূত ঘটনায় কোথাও আমরা দুঃখ পাই, কোথাও আনন্দ লাভ করি, কোথাও বিস্ময়ের শিহরণ জাগে, কোথাও সহানুভূতির সৃষ্টি হয়। আবার কোথাও কোথাও উচ্ছ্বাস প্রকাশ করি। যে বাক্যে

সুখ-দুঃখ, আনন্দ-বেদনা, বিস্ময়-সহানুভূতি ইত্যাদি প্রকাশ পায় তাকে মৌলাঙ চামুঙ ককবৌতাং বা বিস্ময়সূচক বাক্য বলে। এ সকল বাক্যগুলোতে বিস্ময়সূচক ইত্যাদি ধ্বনি বর্তমান। আরও বিস্তৃতভাবে বললে— যে বাক্যে মনের দুঃখ, হর্ষ, উচ্ছ্বাস ইত্যাদি বিষয়াদি প্রকাশ পায় তাকে মৌলাঙ চামুঙ ককবৌতাং বা বিস্ময়সূচক বাক্য বলা হয়।

(ককবৌতাংগ তমুং খা-খামমা, খা-নাঙমা, খা-পেরমা, তঙথক- মা আক'রগ তঙখে এবা সাজাকখে আব'ন' হীনু মৌলাঙচামুঙ ককবৌতাং।)

ফুনুকমারি ঃ

১) মা-ফা কৌরাই চেরায়ন' খাইরগসুকখা ! = পিতৃমাতৃহীন শিশুর প্রতি দারুণ সহানুভূতি সঞ্চার হয়েছে ! ২) কৌচাংততনি তাইলৌলৌক বয়ার খাপাঙ উদিলা চারিখা দ' ! = মৃদু শীতল মিষ্টি হাওয়া মন মাতোয়ারা করেছে গো ! ৩) হায়, নৌঙ তাবুকব' থাংয়াখুদে ! = সে কি, তুমি এখনো যাওনি !

উপরোক্ত বাক্যসমূহের কোথাও কোথাও বক্তার মনে বিস্ময়ের উদ্রেক করেছে, কোনটিতে সহানুভূতি বা অনুকম্পা জেগেছে, আর কোথাও আনন্দের মাতোয়ারা বা জোয়ার সৃষ্টি করেছে। তাই বাক্যগুলো বিস্ময়সূচক বাক্যে পরিণত হয়েছে।

ককবরকে উক্তিমূলক ও বিস্ময়সূচক বাক্যের মধ্যে ভাবগত ও আকারগত খুব বেশী পার্থক্য নেই। শুধু বলার ভঙ্গিতে বা উচ্চারণেই যা কিছু তফাৎ। তবে উক্তিমূলক বাক্যের শেষে দাঁড়ি (।) বা **Fullstop** (.) থাকে, আর বিষয়সূচক বাক্যের শেষে ব্যবহৃত হয় বিস্ময়সূচক চিহ্ন

খ। গঠন অনুসারে বাক্যের শ্রেণী বিভাগ

ইতিপূর্বে আমরা জেনেছি যে, মনের ভাব বা বক্তব্য বিষয় পরিপূর্ণভাবে প্রকাশে সক্ষম এরকম পরস্পর অর্থসম্পর্কযুক্ত ককথাই বা শব্দের সমষ্টিই হচ্ছে ককবৌতাং বা বাক্য।

সব বাক্য এক ধরনের হয় না। কোন কোন বাক্যে বক্তব্যের বিষয়সমূহ অল্পকথায় প্রকাশিত হয়। আবার অনেক বাক্যে বক্তব্যের বিষয়কে বেশী কথায় প্রকাশ করা হয়। কোথাও একটিমাত্র বক্তব্য অল্পকথায় বোঝানো হয় ; আবার কোথাও একাধিক বাক্যের মিলন ঘটিয়ে বাক্যটিকে দীর্ঘ বা বড় করা হয় না।

তাই গঠনগত ভাবে ককবরকে বাক্যগুলোকে তিনভাগে ভাগ করে দেখানো হল।

এগুলো হলো ঃ ১) ককবৌতাং কসঙ/সরল বাক্য ২) ককবৌতাং মানজু/যৌগিক বাক্য ৩) ককবৌতাং কুতুক/জটিল বাক্য।

১। ককবীতাং কসঙ/সরল বাক্য

যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য ও একটিমাত্র সমাপিকা ক্রিয়া থাকে, তাকে ককবীতাং কসঙ বা সরল বাক্যে বলে।

(ককবীতাং তাংসাঅ তমুং থাইসা সাজাকনাই তাই থাইসা সাজাকমা তঙখে বন' হীনু ককবীতাং কসঙ, এবা ককবীতাং তাংসাঅ তমুং থাইসাসীক মীথাকনাই খীলায় তঙখে আবন' হিনু ককবীতাং কসঙ।)

ফুনুকমারি ঃ

১) খুম বারখা = ফুল ফুটেছে। ২) সিকুরুক নখাঅ বির' = আকাশে শকুন উড়ে। ৩) পিয়ায়ুঙ পিয়াতীয় নাঅ = রাজমধুপোকা মধু সংগ্রহ করে। ৪) থাঙগাতি নক ফাব' = থাঙগাতি ঘর ঝাট দেয়।

উপরোক্ত বাক্যসমূহের প্রত্যেকটিতেই একটি করে মীথাকনাই খীলায় বা সমাপিকা ক্রিয়া রয়েছে। তা পরিষ্কার দেখতে পাচ্ছি। আবার এ ধরনের বাক্যে অসমাপিকা ক্রিয়াপদ একাধিক থাকলেও সমাপিকা ক্রিয়াএকটিই থাকবে। তবেই ককবীতাং কসঙ বা সরল বাক্য হবে— এ কথা মনে রাখা দরকার।

ফুনুকমারি ঃ

১) আঙ তুকুই মুসুই, মায়-তীয় চাউই কীচাং কীচাং খে রীঙনগ' থাংগানী * আমি স্নান পর্ব সেরে, ভাত খেয়ে, ধীরে-সুস্থে বিদ্যালয়ে যাব। এই বাক্যে একাধিক অসমাপিকা ক্রিয়া থাকলেও সমাপিকা ক্রিয়া একটিই আছে। তাই এটা ককবীতাং কসঙ বা সরল বাক্য।

আবার অনেক ককবীতাং কসঙ এ ক্রিয়াপদ থাকে না বা উহ্য থাকে। অর্থাৎ ক্রিয়াপদ ছাড়াও কোন কোন ক্ষেত্রে সরল বাক্য হয়।

ফুনুকমারি ঃ

১) দিংচাঙনি সীয়কং = দিংচাঙ এর কলম। ২) লামাকুনি বুচুনি মুঙ থাপলাগদক = লামাকুর ঠাকুরদা/দাদুর নাম থাপালগদক। ৩) মকল কিতিং কিতিং = গোল গোল চোখ।

এই তিনটি বাক্যেই ক্রিয়াপদ বা খীলায় ককথাই অনুপস্থিত। তবুও এটা ককবীতাং কসঙ বা সরল বাক্য।

২। ককবীতাং মানজু/ যৌগিক বাক্য

সংযোজক অব্যয়ের সাহায্যে দুই বা ততোধিক স্বাধীন বাক্যের সংযোগে গঠিত বাক্যকে ককবীতাং

মানজু বা যৌগিক বাক্য বলে।

(তাংনীয় এবা তীংনীয়নি কীবাং ককবীতাং মানজুনাই ককথাই বায় মানজুজাগীই তমুং ককবীতাং তাংসা অীংখে আবন' হীনু ককবীতাং মানজু।)

ককবীতাং মানজুনাই বা সংযোজক অব্যয়গুলো হলো— তেই, ফিয়াবা, আব' সে, ফান', এবং ইত্যাদি।

ফুনুকমারি ঃ

১) চীঙব থাংনাই তেই বরগব' থাংনাই = আমরাও যাব এবং তারাও যাবে। ২) রীঙনগ' ফীরীঙনাই তঙগ, ফিয়াবা খা-রিউই ফীরীঙনাই কীরীই = বিদ্যালয়ে শিক্ষক আছেন কিন্তু মনোযোগ দিয়ে তারা কেউ পড়ান না। ৩) মকললে নুকয়া, আবসে মখলপ সানু = দেখে না অথচ চশমা চায়। ৪) বীসাক চেং চেং ফান' চা-কীরীক = শরীর রোগা, তা সত্ত্বেও খাওয়ার দিকে লোভ বেশী। ৫) মায় রাদি, এবা হাতিঅ থাংদি = ধান কাট, নতুবা বাজারে যাও।

৩। ককবীতাং কুতুক/জটিল বাক্য

ককবীতাং কুতুক বা জটিল বাক্যে থাকে একটি স্বাধীন বা প্রধান খণ্ড বাক্য। আর একটি বা একের অধিক থাকে পরনির্ভর বা অধীন বাক্যাংশ। এই একটিমাত্র প্রধান এবং এক বা একাধিক অ-প্রধান খণ্ডবাক্যের সহযোগেই গঠিত হয় ককবীতাং কুতুক বা জটিল বাক্য।

(ককবীতাংফাঙ তাংসা তেই ককবীতাং য়াকচু তাংসা এবা তাংসানি কীবাং কীথালায়ীই ককবীতাং তাংসা অীংখে আবন' হীনু ককবীতাং কুতুক।)

ফুনুকমারি ঃ ১) তমুং আঙ থাংখে ব ফায়নাই = যদি আমি যায় তবে তিনি আসবেন। ২) তমুং ব তুকুখে হিনখে নীঙ তুকুদি = যদি সে স্নান করে তবে তুমিও করবে। ৩) নীঙ তমুং অঙখরখে আঙব নঙখরনাই = যদি তুমি বের হও তবে আমিও বেরোব।

এই তিনটি বাক্যে 'ব' ফায়নাই', নীঙ তুকুদি এবং আঙব নঙখরনাই— এই অংশগুলো হচ্ছে ককবীতাং কুতুক এর ককবীতাং ফাঙ বা বাক্যের প্রধান অংশ। আর আঙ থাংখে, ব তুকুখে, নীঙ নঙখরখে । ১) তমুং বরগ চায়াখে হীনখে চীঙব চায়া = যদি তারা না খায় তবে আমরাও খাব না। ২) তমুং জরা তঙখে হীনখে ফায়দি = যদি সময় থাকে তবে আসিও ৩) তমুং নীঙ থাংখে হীনখে আঙব থাংনাই = যদি তুমি যাও তবে আমিও যাব। একথা মনে রাখতে হবে যে, ককবরকে জটিল বাক্য কম ব্যবহৃত হয় এবং তমুং এবং হীনকে এই দুটিশব্দের সাহায্যেই জটিল বাক্য গঠিত হয়ে থাকে।

বাক্যাংশ/ককবকচ'

আমরা জানি— ককবীতাং এর সাহায্যে সুস্পষ্ট ও সম্পূর্ণভাবে মনের ভাব প্রকাশ করা যায়। এজন্য প্রয়োজন মনের ভাব প্রকাশে সক্ষম কতকগুলো ককথাই বা পদের। এরূপ ককথাই বা পদের সমষ্টিতেই ককবীতাং গড়ে উঠে এবং এর দ্বারাই মনের একটি ভাব সুস্পষ্টভাবে প্রকাশ করতে সক্ষম হয়। ককবীতাং বা বাক্য হচ্ছে সম্পূর্ণ ও সুস্পষ্টভাবে মনের একটি ভাব প্রকাশে সক্ষম কতকগুলো ককথাই এর সমষ্টি— এ কথা আমরা বলতে পারি। এই ককবীতাং গঠনের জন্যই অনেকগুলো ককথাই এর দরকার হয়। এই ককথাই বা পদগুলো আবার ককবীতাং বা বাক্যেরই এক একটি অবিচ্ছেদ্য অংশ। ককবীতাং এ ব্যবহৃত বক্তব্যের অংশগুলোকে বলা হয় ককবকচ' বা বাক্যাংশ। ইংরেজীতে একে বলে part of speech। ককবরকে শব্দ ও পদ এক নয়। উভয়ের মধ্যে কিছুটা পার্থক্য আছে। বাক্যে ব্যবহৃত না হওয়া পর্যন্ত শব্দগুলো পদের মর্যাদা লাভ করে না। বাক্যে ব্যবহৃত হলেই এই অর্থপূর্ণ শব্দগুলো পদ হিসাবে বিবেচিত হয়। কারণ বাক্যে স্থানলাভের জন্য শব্দ বা ধাতুকে বিভক্তি যুক্ত হতে হয়। শব্দ বা ধাতু বিভক্তি যুক্ত হয়ে বাক্যের স্থান লাভের যোগ্যতা অর্জন করলেই বিভক্তিযুক্ত সেই শব্দ বা ধাতু পদে পরিণতি লাভ করে। নতুবা নয়। সুতরাং প্রতিটি পদই বাক্যের বা ককবীতাং এর এক একটি অঙ্গ। ককবরকে পদকে ককফাঙ বলা হয়।

ককবরকে এই ককবকচ/বাক্যাংশ অথবা part of speech মোট আট প্রকার।

যথা ঃ ১) মুঙ/বিশেষ্য ২) মুঙস্নাই/সর্বনাশ, ৩) গরন/বিশেষণ ৪) খীলায়/ক্রিয়া ৫) খীলায়গরন /ক্রিয়া বিশেষণ ৬) হালকবনাই/পদান্বয়ী অব্যয় ৭) মানজুনাই/সংযোজক অব্যয় ৮) খা'-পেরনাই/ভাববাচক অব্যয়।

১। মুঙ/বিশেষ্য

নামমাত্রই মুঙ বা বিশেষ্যরূপে গণ্য হয়। সুতরাং যে ককথাই দ্বারা কোন কিছুর নাম বোঝানো হয় তা-ই মুঙ বা বিশেষ্য। এই নাম অনেককিছুর হতে পারে। যেমন ঃ ব্যক্তি, স্থান, জাতি, প্রাণী, ভাব, গুণ ইত্যাদির বিভিন্ন রকম নাম। তাই বলা যায়— কোনও ককথাই এর দ্বারা ব্যক্তি, প্রাণী, জাতি, গুণ, স্থান, ভাব, বস্তু ইত্যাদির নাম বোঝালে সেই ককথাই বা পদকে মুঙ বা বিশেষ্য বলে।

(মুঙ রীকমুঙন মুঙ-হীনজাগু।)

ফুনুকমারি ঃ নাখীরায়, অসমতি, হা, তীয়মা, মালখুঙ, খুম, মিসিপ, মীসা, বিজাপ, মকল,

বখরক, মায়রাঙ, কারায় ইত্যাদি। অর্থাৎ নাখৌরায় ও অসমতি ব্যক্তির নাম, হা-মাটি, তৌয়মা-নদী, মালখুঙ-গাড়ী, খুম-ফুল, মিসিপ-মহিষ, মৌসা-বাঘ, বিজাপ-বই, মকল-চোখ মায়রাঙ-খাল, কারায়-কড়াই ইত্যাদি সবগুলোই এক একটি নাম।

ককবরকে মুঙ/বিশেষ্য সর্বমোট আটভাগে বিভক্তি।

(মুঙ-বেবাগৌই দালচুকু)

১) বরকনি মুঙ/মনুষ্যবাচক বিশেষ্য

বরকনি মুঙ বা মনুষ্যবাচক বিশেষ্যের দ্বারা মনুষ্যবাচক প্রাণী বা জীবকে বোঝানো হয়। তাই যে মুঙ দ্বারা মনুষ্যবাচক প্রাণী বা জীবকে বোঝায় তাকে বলে বরকনি মুঙ/মনুষ্যবাচক বিশেষ্য।

ফুনুকমারি ঃ দুকমালি- একটি মোষের নাম, রবি- একজন লোকের নাম, জর্জ- লোকের বা ব্যক্তির নাম, মুজিব- ব্যক্তির নাম, বতুউা- ব্যক্তির নাম, বৌসাতে- মহিলার নাম, ঊর্মিলা - মহিলার নাম।

২) লাংমানি মুঙ/মনুষ্যবাচক ব্যতীত অন্য প্রাণীবাচক বিশেষ্য

যে মুঙ মনুষ্যবাচক প্রাণী বা জীব ব্যতীত অন্য জাতীয় প্রাণী বা জীবকে বোঝায় তাকে বলা হয় লাংমানি মুঙ।

লাংমানি মুঙ এর মধ্যে পশু, পাখী, সরীসৃপ ইত্যাদি জাতীয় মনুষ্যেতর প্রাণীর নামসমূহ অন্তর্ভুক্ত।

ফুনুকমারি ঃ পুন/ছাগল (goat), মুফুক/গোধিকা, তখা/কাক, মুইসেলে/অজগর, মায়ুঙ/হাতি, য়ংগলা , ব্যাঙ, লাতিয়া/লাটিমাছ, আ/মাছ, ব্যাঙ/মাকড়সা, বঙবৌরায়/ভীমরুল ইত্যাদি।

৩। কৌথাঙনি মুঙ/উদ্ভিদবাচক বিশেষ্য

যে মুঙ বা বিশেষ্য দ্বারা গাছ, লতা, ঘাস ইত্যাদি সমূহের নাম বোঝায় তাকে কৌথাঙনি মুঙ বা উদ্ভিদবাচক বিশেষ্য বলে। এটা ককবরক ব্যাকরণের অন্যতম বৈশিষ্ট্য। অর্থাৎ এর দ্বারা সজীব বস্তুকে বোঝানো হয়েছে।

ফুনুকমারি ঃ উানদাল/মৃত্তিংগা বাঁশ, থরাই/তারা (সব্জী বিশেষ), মাধগ'/কনক গাছ, গৌরজীঙ/গর্জ্জন গাছ, মায়ফাঙ/ধান গাছ, কুউায়ফাঙ/সুপারী গাছ ইত্যাদি।

৪। মানৌয়নি মুঙ/বস্তুবাচক বিশেষ্য

এই মুঙ বা বিশেষ্যের দ্বারা বস্তু বা দ্রব্যের নাম বোঝানো হয়। তাই যে মুঙ বা বিশেষ্যের দ্বারা

দ্রব্য বা কোন বস্তুর নাম প্রকাশ পায় তাকে বলে মানীয়নি মুঙ/বস্তুবাচক বিশেষ্য।

মানীয়নি মুঙ/বস্তুবাচক বিশেষ্য আবার দু'প্রকার। যথা ঃ ১) য়াকসীনমজাক/হাতে তৈরী দ্রব্যের নাম। যেমন— নক/ঘর, চাতি/কুপি, বিজাপ/বই, সীয়কং/কলম, থারুক/হাতা ইত্যাদি।

২। সীনামজাক মানীয়/প্রাকৃতিকভাবে তৈরী দ্রব্য বা বস্তুর নাম যেমন ঃ নখা/আকাশ, সাল/সূর্য, আথুকিরি/তারা, তীয়/জল, হা/মাটি, হ'র/আগুন, হলং/পাথর ইত্যাদি।

৫। চংদালসানি মুঙ/জাতিবাচক বিশেষ্য

এই মুঙ দ্বারা জাতি, গুচ্ছ বা শ্রেণীকে বোঝানো হয়। তাই যে মুঙ বা বিশেষ্য প্রাণী, জাতি গুচ্ছ ইত্যাদির নাম বোঝায় তাকে বলা হয় চংদালসানি মুঙ/জাতিবাচক বিশেষ্য।

ফুনুকমারি ঃ ফারীঙনাই/শিক্ষক, বুফাঙ/গাছ জাতীয়, বরক/মানুষ বা বরক ভাষা সম্প্রদায়, ঊানজীয় = বাঙালি সম্প্রদায়, সিপাইরগ/সৈন্যদল ইত্যাদি।

৬। খীলায় রীকজাক মুঙ/ক্রিয়াবাচক বিশেষ্য

মুঙ বা বিশেষ্যের সাথে মুঙ ধ্বনি যুক্ত করেও ককবরকে বিশেষ্য পদ গঠিত হয়। এটা ককবরকের অপর বৈশিষ্ট্যগুলোর মধ্যে অন্যতম। যে মুঙ বা বিশেষ্য 'মুঙ' ধ্বনিগুচ্ছ সংযোগে গঠিত হয় তাকে বলে খীলায় রীকজাক মুঙ বা ক্রিয়াবাচক বিশেষ্য।

ফুনুকমারি ঃ তঙমুঙ/ আচার-আচরণ, নীঙমুঙ-পানীয়, চামুঙ-খাদ্য, নায়সিকমুঙ-চাহানি, সীয়মুঙ-লেখনি ইত্যাদি।

৭। গরন রীকজাক মুঙ/ বিশেষণ স্থানীয় বিশেষ্য

গরন রীকজাক ককচৌলীয় অথবা বিশেষণ স্থানীয় ধাতুর অন্তে 'মুঙ' ধ্বনির সংযোগের দ্বারাও বিশেষ্য পদ গঠিত হতে পারে। এটাও ককবরকের নিজস্ব বৈশিষ্ট্য। গঠিত সেই শব্দকে বলে গরন রীকজাক মুঙ বা বিশেষণ স্থানীয় বিশেষ্য।

ফুনুকমারি ঃ থকমুঙ/ স্বাদ, নায়থকমুঙ/ সৌন্দর্য, সাকতরজাকমুঙ/ অহঙ্কারিতা, খা রিয়গমুঙ/ সহানুভূতি ইত্যাদি।

সির/লিঙ্গ

লিঙ্গ বা সির কথাটির অর্থ চিহ্ন। এই চিহ্নের সাহায্যে বা লক্ষণের দ্বারা পুরুষ ও নারী জাতীয়, অজীব বস্তু অর্থাৎ ক্লীব ইত্যাদির প্রভেদটুকু নির্ধারণ করা যায়। এককথায় পুরুষ ও নারীর মধ্যে, প্রাণীবাচক ও অপ্রাণীবাচক শব্দের মধ্যে প্রভেদ বোঝাবার জন্যই লিঙ্গ শব্দটি ব্যবহার করা হয়। চিহ্নটি আরার অর্থনির্ভর হতে হবে। এই অর্থনির্ভর চিহ্ন বা লক্ষণের সাহায্যে অর্থাৎ বিশেষ্য, সর্বনাম ইত্যাদি ককথাই এর সাহায্যে পুরুষ বুঝালে পুংলিঙ্গ, স্ত্রী বুঝালে স্ত্রীলিঙ্গ অথবা পুরুষ বা স্ত্রী কোনটিই নয় এমন ক্ষেত্রে ক্লীবলিঙ্গ হয়। যে অর্থনির্ভর পদের সাহায্যে প্রাণী বা বস্তুর পুরুষ, স্ত্রী বা ক্লীব ইত্যাদি বিষয়ে ধারণাবোধ জন্মে তাকে সির বা লিঙ্গ বলে।

(চৌলা বৌরৌয় সিনিরৌনাই-ককথাইন সির হৌনু)

ফুনুকমারি ঃ মা/মাতা, ফা/পিতা, তাখুক/ভাই, বুখুক/বোন, পুনজুউা/পাঠা, পুনজৌক/পাঠী (ছাগল), চৌলা/পুরুষ, বৌরৌয়/মহিলা (স্ত্রী) ইত্যাদি।

ককবরকে লিঙ্গকে তিন ভাগে ভাগ করা যায়। সেগুলো হলো— ১) সিরচৌলা/পুংলিঙ্গ ২) সিরবৌরৌয়/স্ত্রীলিঙ্গ, ৩) সিরকৌরৌই/ক্লীবলিঙ্গ। এছাড়া আরও কতকগুলো পদ আছে যার দ্বারা পুরুষ এবং স্ত্রী উভয়কেই বুঝানো হয়। এদেরকে বলে উভয় লিঙ্গ। যথা— আবসাকৌলীয়/শিশু, সন্তান, মুসুক/গরু, করায়/ঘোড়া, বরক/মানুষ, পুন/ছাগল ইত্যাদি। এককথায় বলা যায়— মনুষ্যবাচক বা প্রাণীবাচক কোন শব্দের দ্বারা দু'রকম অর্থের উপস্থিতি বা সম্ভাবনা বুঝানো হলে উভয়লিঙ্গ হয়। উভয়লিঙ্গের ককবরক পরিভাষা 'সিরনৌনীয়'।

১। সিরচৌলা

যে সব পদের দ্বারা পুরুষ জাতিকে বুঝানো হয় এদেরকে বলা হয় পুংলিঙ্গ বা সিরচৌলা।

(চৌলা সির বৌকনাই ককথাইন হৌনু সিরচৌলা।)

ফুনুকমারি ঃ ফা/পিতা, বুবাগ্রা/মালিক, সুউারি/শিষ্য, চৌলা/পুরুষ, কিচিং/বন্ধু, বইরা/পুরুষ-মহিষ, গেনদা/পুরুষ শূকর, খ্রা/খুড়া, ইয়ার/পুরুষ বন্ধু, তকলা/মোরগ সৌইলা/পুরুষ কুকুর ইত্যাদি।

২। সিরবৌরৌয়

যে সব পদের দ্বারা স্ত্রী জাতিকে বুঝানো হয়, তাকে বলে সিরবৌরৌয় বা স্ত্রীলিঙ্গ।

বৌরৌয় সিনিরিনাই-ককথাইন সিরবৌরৌয় হিনু।)

ফুনুকমারি ঃ আমা/মাতা, আতয়/মাসিমা, হিক/বৌ, বাচাই/বৌদি, বৌরীয়/মহিলা, বায়/দিদি, মারে/বান্ধবী, তকজীক/মোরগী, ফারঙনাইজীক/শিক্ষিকা ইত্যাদি।

৩। সিরকৌরাই/ক্লাবলিঙ্গ

যেসব পদ স্ত্রী অথবা পুরুষ কোনটিকে না বুঝিয়ে অপ্রাণীবাচক কোন বস্তু বা দ্রব্যকে বুঝায়, তাদের সিরকৌরাই/ক্লীবলিঙ্গ বলা হয়। এককথায় অপ্রাণীবাচক পদের ক্ষেত্রে ক্লীবলিঙ্গ। (মানীয় রীগাই চৌলাবুয়া বৌরীয়বুয়া সিনিরিনাই ককথাইন সিরকৌরাই হিনু।)

ফুনুকমারি ঃ বাথাই/ফল, তীয়/জল, বুফাঙ/গাছ, হলং/পাথর, সীয়কং/কলম, নক/ঘর, কামি/বাড়ী, রি/ কাপড়, চাতি/প্রদীপ, বিজাপ/পুস্তক, আবুকতীয়/দুধ ইত্যাদি।

ককবরকে লিঙ্গ পরিবর্তনের ক্ষেত্রে কতকগুলো নিয়মের আশ্রয় গ্রহণ করতে হয়।

যেমন—

১) পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের জন্য সম্পূর্ণ পৃথক শব্দ দিয়ে অথবা আলাদা ককথাই/শব্দ ব্যবহারের মাধ্যমে পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গে রূপান্তর করা হয়।

ফুনুকমারি ঃ

সিরচৌলা/পুংলিঙ্গ	সিরবৌরীয়/স্ত্রীলিঙ্গ
চু/পিতামহ	চাই/পিতামহী বা মাতামহী
চৌলা/পুরুষ	বৌরীয়/মহিলা
দেগা/ষাঁড়	গায়/গাভী বা স্ত্রীগরু
কিচিং বা ইয়ার/পুরুষবন্ধু	মারে/বান্ধবী বা স্ত্রীবন্ধু
ফা/পিতা	মা/মাতা
ফায়ুঙ/ছোট ভাই	হানক/ছোট বোন
সায়/স্বামী বা জামাই	হিক/স্ত্রী, কনে, বৌ
আতা/দাদা	বায়/দিদি
তাখুক/ভাই	বুখুক/বোন
সাজ্‌লা/ছেলে	হামজীক/ছেলের বৌ।

২। পুংলিঙ্গ ককথাই বা পদের শেষে 'আ' থাকলে স্ত্রীলিঙ্গে ককথাই বা পদের শেষে ই-কার বসবে।

ফুনুকমারি ঃ

সিরচৌলা/পুংলিঙ্গ	সিরবৌরীয়/স্ত্রীলিঙ্গ

বানজা/বন্ধ্যাপুরুষ	বানজি/বন্ধ্যা স্ত্রী
খ্রা/কাকা	খ্রি/কাকী
মৌখ্রা/বানর	মৌখ্রি/বানরী বা স্ত্রী বানর
রানদা/বিপত্নীক	রানদি/বিধবা
সিকলা/যুবক	সিকলি/যুবতী ইত্যাদি।

৩। কোন কোন পুংলিঙ্গ ককথাই/পদের শেষে জীক প্রত্যয় যুক্ত করে স্ত্রীলিঙ্গে পরিণত করা যায়।

ফুনুকমারি ঃ

সিরচীলা/পুংলিঙ্গ	সিরবীরীয়/স্ত্রীলিঙ্গ
বায়ুঙসা/ভাতিজা বা ভাগ্নে	বায়ুঙজীক/ভাজিজী, ভাগিনী
চামিরি/মেয়ের জামাই	হামজীক/ছেলের বৌ
ক্রা/শ্বশুর	ক্রাজীক/শাশুড়ী
মৌসীয়সা/হরিণ	মৌসীয়জীক/হরিণী
প্রাঙ/শ্যালক	প্রাঙজীক/শ্যালিকা
থুরুকসা/মুসলমান	থুরুকজীক/মুসলিম মহিলা
তকলা/মোরগ	তকমা/তকজীক/মুরগী
উানজীয়সা/বাঙালী (পুরুষ)	উাইনজীক/বাঙালী মহিলা
তিপ্রাসা/তিপ্রা (পুরুষ)	তিপ্রাজীক/তিপ্রা মহিলা

৪। লিঙ্গান্তরের সময় কোন কোন পুংলিঙ্গ বাচক শব্দে তি, মা, জীকমা ইত্যাদি যোগ করেও স্ত্রীলিঙ্গে পরিবর্তন করা যায়।

ফুনুকমারি ঃ

সিরচীলা/পুংলিঙ্গ	সিরবীরীয়/স্ত্রীলিঙ্গ
অসমবায়/পুরুষ নাম	অসমতি/স্ত্রী নাম
কীচাকরায়	কীচাকতি
অক্রাসা/বড় ছেলে বা জামাই	অক্রামা/বড় মেয়ে বা বড় বৌ
সাজ্লা/ছেলে	সাজীকমা/মেয়ে
চামিরিসা/জামাই	হামজীকসা/বৌ ইত্যাদি।

৫। মনুষ্যবাচক ব্যতিত অন্যান্য প্রাণীবাচক অর্থাৎ পশু, পাখী, সরীসৃপ প্রভৃতির ক্ষেত্রে উভয় লিঙ্গবাচক পদের শেষে উা, জীলা, লা ইত্যাদি যোগে পুংলিঙ্গ পদে এবং জীক, মা, বীরীয় ইত্যাদি যোগে স্ত্রীলিঙ্গ পদে পরিণত করা যায়।

ফুনুকমারি ঃ

সিরনীনীয়/উভয় লিঙ্গ	সিরচীলা/পুংলিঙ্গ	সিরবীরীয়/স্ত্রীলিঙ্গ
উাক/শূকর	উাকজীলা/ পুং শূকর	উাকজীক, উাকমা/স্ত্রী শূকর
কাসিঙ/কচ্ছপ	কাসিংচীলা/ পুং কচ্ছপ	কাসিঙবীরীয়/স্ত্রী কচ্ছপ
করায়/ঘোড়া	করায়চীলা/ পুং ঘোড়া	করায়বীরীয়/স্ত্রী ঘোড়া
তক/পাখি বা মোরগ	তকলা/পুং মোরগ	তকমা, তকজীক/মোরগী
তাখুম/হাঁস	তাখুমচীলা/পুং হাঁস	তাখুমবীরীয়/স্ত্রী হাঁস
পুন/goat	পুনজুউা/পাঁঠা	পুমা, পুনজীক/স্ত্রী ছাগল
মীখ্রা/বানর	মীখ্রাসা মীখ্রাচীলা } পুং বানর	মীখ্রাজীক মীখ্রাবীরীয় } স্ত্রী বানর
মায়ুঙ/হাতি	মায়ুঙচীলা/পুং হস্তী	মায়ুঙবীরীয়/স্ত্রী হস্তী, হস্তিনী
চিবুক/সাপ	চিবুকচীলা/পুং সর্প	চিবুকবীরীয়/স্ত্রী সর্প
মীসা/বাঘ	মীসাচীলা/পুং বাঘ	মীসাবীরীয়/বাঘিনী

সীক/বচন

সাধারণতঃ সীক বা বচন হচ্ছে সংখ্যাবাচক শব্দ। এই সীক বা বচন শব্দটি কোনও পদের একত্ব বা বহুত্ব অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ এক বা একের বেশী সংখ্যা বুঝাতে সীক বা বচন শব্দটি বরাবর ব্যবহার হয়ে আসছে। এর দ্বারা কোনও বিশেষ্য বা সর্বনাম পদের সংখ্যা বিষয়ে আমাদের সাধারণ ধারণাবোধ জন্মে। তাই বলা যায়— যে ককথাই বা পদের দ্বারা বিশেষ্য বা সর্বনাম পদের সংখ্যা সম্বন্ধে আমাদের ধারণাবোধ জন্মে তাকে বলে সীক বা বচন। কেননা, এর সাহায্যে পদের সংখ্যা সম্বন্ধে আমাদের সুস্পষ্ট ধারণা বা জ্ঞান জন্মে।

(মুঙ এবা মুঙস্নাই অবতীই ককথাইরগনি' বাংমা-বাংয়া' ফুনুকনাই ককথাইন সীক হিনু।)

ফুনুকমারি ঃ

আচুসঙ/দাদুগণ, আমা/মা, খরকসা/একজন, তাখুকরগ/ভাইসব, কিচিং/বন্ধু,

মারেসঙ/বান্ধবীগণ, করায় মাকনীয়/বুটি ঘোড়া ইত্যাদি।
ককবরকে সীক বা বচন দুই প্রকার ঃ ১) সীকসা/একবচন ২) সীকবাং/বহুবচন।

১। সীকসা/একবচন

একটিমাত্র ব্যক্তি বস্তু বা প্রাণী যে ককথাই/পদ দ্বরা নির্দেশিত হয় তাকে বলে সীকসা/একবচন। অর্থাৎ সীকসা বা একবচনের দ্বারা একটি মাত্র ব্যক্তি, বস্তু বা প্রাণীকে বুঝানো হয়।
(মুঙ এবা মুঙসীলাই তমুং সংদারি অীংখে বন' হীনু সীকসা।)
যেমন ঃ আঙ/আমি, নীঙ/তুমি, চেরায়/শিশু, আব'/সেটি, নক/ঘর, মখলপ/চশমা, থঙ/খুঁটি, কামচী লীয়/জামা ইত্যাদি।

২। সীকবাং/বহুবচন

প্রাণী, ব্যক্তি বা বস্তুর সংখ্যা একাধিক হলে বহুবচন বা সীকবাং হয়। যে ককথাই বা পদের দ্বারা একাধিক ব্যক্তি, প্রাণী বা বস্তুকে বোঝানো হয় তাকে বলে সীকবাং বা বহুবচন।
(মুঙ এবা মুঙ সীলাই তমুং সংদারি অীংয়াউই কীবাং ফুনুকজাকখে বন' হীনু সীকবাং।)
যেমন— সীরীঙনাইরগ/ছাত্ররা, চেরায়রগ/শিশুরা, চীঙ/আমরা, নরগ/তোমরা, আচীই সঙ/দিদিমারা, মানীয়রগ/জিনিসগুলো, কিচিংসঙ/বন্ধুগণ, সাম্পারিসঙ/সাম্পারিরা ইত্যাদি।
ককবরকে বিশেষ্য/মুঙ, মুঙউইই/সর্বনাম এবং খীলায়/ক্রিয়াপদের একবচন ও বহুবচন হয়। এমন কি দ্বিত্ব ব্যবহারের দ্বারা গরন ককথাই বা বিশেষণ পদেরও বহুবচন হয়।
ককবরকে একবচন থেকে বহুবচনে পরিবর্তনের অনেকগুলো নিয়ম পদ্ধতি নিম্নরূপ ঃ
১) ককবরকে একবচনান্ত পদকে বহুবচনে অনেকভাবে প্রকাশ করা যায়। অনির্দিষ্ট ব্যক্তি, প্রাণী বা বস্তুবাচক পদ-অন্তে রগ, সঙ ইত্যাদি বহুত্ববোধক ধ্বনি বসিয়ে বহুবচন বা সীকবাং এ পরিণত করা যায়। তবে সংখ্যাটা যে একের অধিক এ সম্পর্কে নিশ্চিত হতে হবে।
এক্ষেত্রে ব্যক্তি বা মনুষ্যবাচক পদের শেষে রগ এবং সঙ দুটোই ব্যবহৃত হয়।
(খরকনি সীকবাংগ রগ তেই সঙ আচুগু।)
যেসব ব্যক্তিবাচক পদের শেষে সঙ বসে এগুলো হল ঃ
কিচিংসঙ/বন্ধুগণ, মারেসঙ/বান্ধবীগণ অথবা মহিলা বন্ধুগণ, আতাসঙ/দাদারা, বাচাইসঙ/বৌদিগণ, মীনায়সঙ, আশারামসঙ ইত্যাদি।
যেসব ব্যক্তিবাচক পদের শেষে 'রগ' যুক্ত হয়ে বহুবচনের অর্থ প্রকাশ করে এগুলো হলোঃ তাখুকরগ/ভায়েরা, বুখুকরগ/বোনেরা, বরগ/তাহারা, বায়ারগ/বন্ধু গণ,

চেরায়-ৎনায়রগ/ছেলে-ছোকরা ইত্যাদি।

২) ব্যক্তিবাচক অর্থাৎ মনুষ্যবাচক ব্যতিত অন্যান্য প্রাণীবাচক ও বস্তুবাচক পদের শেষে 'রগ' বসিয়ে একবচনান্ত পদকে বহুবচনান্ত পদে পরিণত করা যায়।

ফুনুকমারিঃ আমিঙরগ/বিড়ালগুলো, মুসুকরগ/গরুগুলো, মায়ুঙরগ/হাতিগুলো, তকরগ/মোরগগুলো, বুফাঙরগ/গাছগুলো থাইপুঙরগ/কাঁঠালগুলো, লাঙগারগ/খাড়াগুলো, হলংরগ/পাথরগুলো, মায়রাঙরগ/থালগুলো, লুতারগ/ঘটিগুলো ইত্যাদি।

৩) ককবরকের অন্যতম বৈশিষ্ট্য হলো যে, খীলায় ককথাই বা ক্রিয়াপদের দ্বারাও এর একবচন বা বহুবচন প্রকাশ পায়। ককচ্লীয় বা ধাতুর সাথে 'লায়' অংশ যুক্ত হয়ে ব্যক্তিবাচক পদের বহুবচনবোধক অর্থ প্রকাশ পায়।

(খীলায়-ককচ্লীয়' 'লায়' ককথাই থেপাই সীকবাং ঔংগ।)

ফুনুকমারি ঃ চালায় = একাধিক লোকের আহার অর্থে, নীঙলায় = একাধিক লোকের পান করা অর্থে, তঙলায় = একাধিক ব্যক্তির পারস্পরিক বাস করার অর্থে, থাংলায় = একাধিক লোকের মিলেমিশে গমনের অর্থে, হিমলায় = একাধিক ব্যক্তির একত্রে চলার অর্থে, উালায় = একাধিক লোকের মধ্যে কলহ অর্থে, বুলাই = একাধিক লোকের মধ্যে মারামারি করার অর্থে ইত্যাদি।

৪) মুঙসীলাই/সর্বনামের বহুবচন

সীকসা/একবচন	সীকবাং/বহুবচন
আঙ/আমি	চীঙ/আমরা
আন'/আমাকে	চীঙন/আমাদিগকে
আমি/আমার	চিনি/আমাদের
নীঙ/তুমি	নরগ/তোমরা
নন'/তোমাকে	নরগন'/তোমাদিগকে
নিনি/তোমাকে	নরগনি/তোমাদের/
ব/সে	বরগ/তাহারা
বন'/তাহাকে	বরগন'/তাহাদিগকে
বিনি/তাহার	বরগনি/তাহাদের।

৫) পদের পূর্বভাগে জত', বেবাক, পা, লাঙকা, গিলামা, গিলা ইত্যাদি অংশগুলো পৃথকভাবে বসিয়েও সীকবাং বা বহুবচন করা যায়।

যেমন ঃ জত' সামুঙ/সব কাজ, জত' কক/সব কথা, জত' মানীয়/সব দ্রব্য, জত' লুকু/সব লোক ইত্যাদি। আবার বেবাক মানীয়/সব দ্রব্য, বেবাক কক/সব কথা, বেবাক হা/সব মাটি অথবা পৃথিবী, বেবাক বীখীনাই/সবগুলি চুল, বেবাক থাংলাম/সবগুলো গমন পথ ইত্যাদি। পা সামুঙ/সব কাজ, পা লামা/পথসমূহ, পা সীয়কং/সব কলম প্রভৃতি। তেমনি গিলামা বরক/অনেকগুলো লোক, গিলামা রি/অনেকগুলো কাপড়, গিলা মীখ্রা/অনেকগুলো বানর, গিলা নক্/অনেকগুলো ঘর, লাংকা মানীয়/অনেকগুলো দ্রব্য, লাংকা কক/অনেক কথা, লাঙকা নীঙমুঙ/অনেকগুলো পানীয় ইত্যাদি।

এর মধ্যে গিলামা, গিলা এবং লাঙকা এই পদগুলোও বিশেষ্য অথবা সর্বনাম পদের পরেও বসতে পারে। এককথায় এইগুলো পদের পূর্বে অথবা পরে পৃথকভাবে অবস্থান করে বহুত্ববোধক অর্থ প্রকাশ করে।

যেমন ঃ মানীয় গিলামা = অনেকগুলো দ্রব্য, মানীয় লাংকা/অনেকগুলো দ্রব্য ইত্যাদি।

৬) কীবাংমা, কীবাং এই অংশগুলো একটি ককবরক বিশেষ্য বা সর্বনামের পরে ব্যবহৃত হয়ে সীকবাং/বহুবচন গঠন করে।

যেমন ঃ বরক কীবাং/অনেক লোক, মায়ুঙ কীবাং/অনেক হাতি, মুই কীবাংমা/অনেক ব্যঞ্জন বা তরকারী, লামা কীবাংমা/অনেকগুলো পথ ইত্যাদি।

৭) একই মুঙ, মুঙস্নাই এবং গরন ককথাই পর পর দুবার ব্যবহারের দ্বারাও বহুবচন বা সীকবাং হয়।

যেমন ঃ মুঙ বা বিশেষ্যকে দুবার ব্যবহার করে ঃ কামি কামিঅ-ন'ই কক রীচারখা = গ্রামে গ্রামে এই কথা ছড়িয়ে পড়েছে। ব নক নক পাক'গীই বিরজাঅ = তিনি ঘরে ঘরে ভিক্ষা করেন।

বিশেষণের দ্বিরুক্তি করে ঃ নরগ সাব' সাব' থাংনাই = তোমরা কে কে যাবে? হাতিঅ থাংগীই তাম' তাম' পায়নাই = বাজারে গিয়ে কি কি দ্রব্য ক্রয় করবে?

গরণ বা বিশেষণের দ্বিরুক্তির দ্বারা—

খুম নায়থক নায়থক = সুন্দর সুন্দর ফুল।

থাইচ্ক কুমুন কুমুন = পাকা পাকা আম।

য়াসি চকসি চকসি = সুঠাম সুগঠিত অঙ্গুলিসমূহ

মানীয় কাহাম কাহাম = ভাল ভাল দ্রব্য ইত্যাদি।

যেমন ঃ কামি বুরুম বুরুম বিরজাঅ = বাড়ী বাড়ী ভিক্ষা করে।

সাল বুরুম বুরুম = প্রতিদিন, চা-বুরুম বুরুম = প্রতি আহারের সময়, নক-বুরুম বুরুম = প্রতি ঘরে বা ঘরে ঘরে। থাইবুরুম বুরুম = প্রতি ফল ধরার সময় ইত্যাদি।

৯) বিবাহ ইত্যাদির দ্বারা সম্পর্কের ক্ষেত্রে বহুবচন বোধক ধ্বনি 'রগ' এবং 'সঙ' একবচনের অর্থ প্রকাশ করে। সম্মানার্থেই এই ধ্বনিগুলোর দ্বারা একবচনের অর্থ প্রকাশিত হয়। তবে রগ এর সঙ এবং সঙ-এর পর রগ থাকলে বহুবচনের অর্থ প্রকাশ পায়।

ফুনুকমারি ঃ

১) ছোটবোনের জামাইকে সম্পর্ক অনুসারে ডাকার সময়—
বুউাইরগ = একবচন, বুউাইরগ সঙ = বহুবচন।

২) ছোট ভাই এর স্ত্রীর ক্ষেত্রে—
উায়জীকরগ = একবচন, উাইজীকরগসঙ = বহুবচন।

৩) স্বামী অথবা স্ত্রীর বড় বোনদের ক্ষেত্রে
বায়সঙ, আয়বিসঙ, উাইজীকরগ = একবচন, আবার বায়সঙরগ, আয়বিসঙরগ, উায়জীকসঙরগ = বহুবচন।

৪) স্বামীর বড় ভাই অথবা স্ত্রীর বড় ভাইদের সম্বোধনের ক্ষেত্রে — দা অথবা দাসঙ, বীতারগ, নীতারগ, উাইরগ, নুউাইরগ = একবচন, আবার দাসঙরগ, বীতারগসঙ, নীতারগসঙ, উাইসঙরগ, নুউাইরগ সঙ = বহুবচন।

৫) স্ত্রীর ক্ষেত্রে রগ ব্যবহারে একবচন, আবার রগের পর সঙ ব্যবহারে বহুবচন—
আঙহিকরগ/আমার স্ত্রী, বিহিকরগ/তাহার স্ত্রী, নিহিকরগ/তোমার স্ত্রী = একবচন। আবার আঙহিকরগসঙ, বিহিকরগসঙ, নিহিকরগসঙ অর্থাৎ আমার স্ত্রী, তাহার স্ত্রী ও তোমাদের স্ত্রীগণ = বহুবচন।

৬) শ্বশুর-শাশুড়ীর ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য—
যেমন ঃ ক্রারগ/আমার শ্বশুর, চিনি ক্রারগ/আমার শ্বশুর, বীক্রাজীকরগ/আমার শাশুড়ী, চিনি ক্রারগসঙ/আমার শ্বশুর মশাইগণ, বীক্রারগসঙ/তার শ্বশুর মশাইগণ, নীক্রারগসঙ/তোমার শ্বশুর মশাইগণ = বহুবচন।

৭) স্ত্রী অথবা স্বামীর ছোট ভাই ও বোনদের সম্পর্ক অনুসারে সম্বোধনের ক্ষেত্রে—
আঙপ্রাঙজীকরগ/আমার শ্যালিকা, বুপ্রাঙরগ/তার শ্যালক ইত্যাদি = একবচন। আবার আঙপ্রাঙরগসঙ/আমার শ্যালকবৃন্দ, নীপ্রাঙজীকসঙরগ/তোমার শ্যালিকাবৃন্দ ইত্যাদি বহুবচন।

৮) মুঙ বা বিশেষ্যের ক্ষেত্রে একটি বা একজন বুঝালে একবচন এবং একের অধিক বুঝালে

বহুবচন হয়। তবে এই পদগুলোর বৈশিষ্ট্য ও আকার বা আয়তন অনুসারে একবচন ও বহুবচনের রূপও ভিন্ন হয়। অর্থাৎ সংখ্যাগতভাবে একের অধিক হলেই সীকবাং বা বহুবচন হয়।

(মুঙ ককথাইরগনি গীরীঙ রীগীই সীকসা- সীকবাং অীংগ)

যেমন ঃ চকসা, চেংসা, দেকসা, লেপসা, রেচেকসা, নাকিকসা, বিসিসা ইত্যাদি একবচন। আবার চকনীয়, চেংথাম, দেকব্রীয়, লেপবা, রেচেকদক, নাকিকস্লি, বিসিচার ইত্যাদি বহুবচন। অর্থাৎ একের বেশী সংখ্যা হলেই বহুবচন। ককবরক গণনাবাচক পদের গুরুত্বপূর্ণ ও বৈচিত্র্যময় দিক নিয়ে পুস্তকের অন্যত্র বিস্তৃত আলোচনা করা হবে।

বিশেষ জ্ঞাতব্য ঃ

ক) মুঙ অথবা মুঙ স্লাই-এর সঙ্গে বুকচা সিনিমারি বা শূন্যবিভক্তি থাকলে একবচন হয়। যেমন ঃ নাখীরায়, রাম, রাবণ, বীরচন্দ্র, হামতারফা ইত্যাদি।

খ) বিভক্তি বা সিনিমারি যোগে একবচন করা যায়। যথা— আনি তাখুক/আমার ভাই, সীয়কং বায়/কমল দ্বারা, নিনি সিমি/শুধু তোমার ইত্যাদি।

গ) সীকবাং বা বহুবচন বোধক শব্দের আগে বহুবচন/সীকবাং এর আলাদা প্রতীক যুক্ত হয় না। যেমন ঃ চেরাইরগ কীবাংমা/অনেক শিশুগণ, রাঙরগ কীবাংমা/অনেক টাকাগুলো। এক্ষেত্রে চেরায় কীবাংমা এবং রাঙ কীবাংমা বলতে হবে।

ঘ) জাতি বা শ্রেণীর ক্ষেত্রে একবচন বা সীকসা ককথাই এর দ্বারা সীকবাং বা বহুবচন বুঝাবে।

যেমন ঃ আ বায় আ চালায়' — মাছ অপর মাছকে ধরে খায়। বরক বরকন' পুয়তু থাংয়া/মানুষ মানুষকে বিশ্বাস করে না।

ঙ) বজর' ককথাই/যুগ্ম শব্দের দ্বারাও বহুবচন বুঝানো হয়। যেমন ঃ য়াকুং-য়াক/হাত-পা, বিগ্রা-খাঙগ্রা/দীন-দুঃখী, সেলেঙ-চাকর/পাইক-পেয়াদা, মাল-মাতা/জন্তু-জানোয়ার নক-হুক/ঘর-দোর, রাঙচাক-রিচাক/সোনা-দানা ইত্যাদি।

চ) আবার নাম ও সর্বনামের শেষে রগ, সঙ ইত্যাদি বহুত্ববোধক প্রতীক যোগেও বহুবচন হতে পারে।

যেমন ঃ দুকমালিসঙ/দুকমালিরা, মা-ফাসঙ = মাতৃ-পিতৃগণ, আতাসঙ/দাদারা, ফনতি সঙ/ফনতিরা, মুসুকরগ/গরুগুলো ইত্যাদি।

মুঙসীলাই তেই বিনি দাল

একই মুঙ/বিশেষ্য পদ বার বার ব্যবহারে শ্রুতিকটু শোনায়। সেজন্য আমরা মুঙ ককথাই বার বার ব্যবহার করি না। পরিবর্তে আমরা বিকল্প অন্য একটি পদ বা ককথাই ব্যবহার করি। তাতে বাক্যটি শ্রুতিমধুরও হয়। অর্থাৎ একই বিশেষ্যপদ বার বার ব্যবহারের বা পুনরুল্লেখের প্রয়োজন নেই। এর পরিবর্তে আমরা যে ককথাই বা শব্দ ব্যবহার করি তাকে মুঙস্লাই ককথাই/সর্বনাম পদ বলে। তাই বলব— একই বিশেষ্য পদের বার বার পুনরুল্লেখ না করে তার পরিবর্তে যে পদ ব্যবহার করে বাক্যে শ্রুতিমধুরতা আনয়ন করা হয়, তাকে বলে মুঙস্লাই ককথাই/সর্বনাম পদ।

(মুঙনি আচুকথায়' আচুগীই ককবীতাংন খীনাথকরিই তিসানাই ককথাইন মুঙসীলাই হীনু।)

ফুনুকমারি ঃ ব/সে, বরগ/তাহারা, বিনি/তাহার, বরগনি ,তাহাদের, বন'/তাহাকে, নরগ/তোমরা, অব'/এটা, আব'/সেটা ইত্যাদি। এগুলোর সবকটিই মুঙ বা বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত হয়। তাই সেগুলি মুংসীলাই ককথাই/সর্বনাম পদ।

মুঙসীলাই বা সর্বনাম পদ ককবরকে ছয় প্রকার। যথা ঃ

১। বরকমুঙসীলাই/ব্যক্তিবাচক— মনুষ্য বা ব্যক্তিবাচক বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত মুঙসীলাইকে বলে বরক মুঙসীলাই/ব্যক্তিবাচক সর্বনাম। যেমন ঃ আঙ/আমি, নীঙ/তুমি, ব/সে, চীঙ/আমরা, বরগ/তাহারা, নরগ/তোমরা ইত্যাদি।

২। থীগীই মুঙসীলাই— কোনও ঘটনা, ব্যক্তি, বস্তু, প্রাণী, ভাব ইত্যাদি সম্পর্কে ইঙ্গিতবাহী ককথাই বা পদ ব্যবহার করা হলে তাকে বলা হয় থীগীই মুঙসীলাই। যেমন— অব'/এটা, আব'/সেটা, করা উব'/ওটা, আ/সেই, ই/এই ইক/এটা, উক'/ঐটা, ঔ/এই ইত্যাদি।

৩। চংমুঙকীরীই মুঙস্লাই/অনির্দেশক সর্বনাম— কোনও অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু অথবা ভাবের পরিবর্তে এই সর্বনাম পদ ব্যবহৃত হয়। তাই এই সর্বনামপদকে বলা হয় চংমুঙকীরীই মুঙস্লাই। যেমন ঃ কেব'/কেহ বা কেউ, কিচা কিচা/কিছু কিছু, তাই কেব'/আর কেউ, বাকসা বাকসা/কেউ কেউ, ফনা/অমুক, মুংসাসীক/কোন কিছু, কিচাসীক/কিছু ইত্যাদি।

৪। সীংমারি মুঙসীলাই/প্রশ্নবাচক সর্বনাম— কোন কিছু জানবার ইচ্ছা যে সর্বনাম পদের দ্বারা প্রকাশ পায় তাকে প্রশ্নবাচক সর্বনাম/সীংমারি মুঙসীলাই বলে। যেমন— সাব'/কে, কি/তাম', বব'/কোনটি, সাব'রগ/কাহারা, তাম'নি/কিসে, সাব'সাব'/কে কে, তাম'তাম'/কি কি, বম'রগ/কোনগুলো ইত্যাদি।

৫। বাইথাঙমারি মুঙসীলাই/আত্মবাচক সর্বনাম— যে সর্বনাম পদের দ্বারা নিজেকে বুঝানো হয় তাকে বাইথাঙমারি মুঙসীলাই/আত্মবাচক সর্বনাম পদ বলে। যেমন— বাইথাঙ/নিজে, সাকবাইথাঙ/নিজে, সাক সাক/নিজে নিজে, বাইথাঙনি/নিজের ইত্যাদি।

৬। খীলায় এর অন্তে 'নাই' যোগে মুঙসীলাই বা সর্বনামপদ ঃ ককচ্লীয় বা ধাতুর শেষে 'নাই' যুক্ত হলে 'নাই' যুক্ত ককথাই বা পদটি সর্বনাম পদে পরিণত হয়।

যেমন ঃ চানাই = চা + নাই— ভক্ষক বা যিনি খান। চীংনাই = চীং + নাই — যে বস্তু বা বস্তুসমূহ জ্বলজ্বল করে অথবা জ্বলে। এককথায় উজ্জ্বল বস্তু। তাঙনাই = তাঙ + নাই— যিনি কাজ করেন অথবা কর্মী। হিম+নাই = হিমনাই— যিনি হাঁটেন ইত্যাদি।

গরন/বিশেষণ

বাক্যের মধ্যে যে ককথাই/পদ অন্য ককথাইগুলোর দোষ, গুণ, আকার, অবস্থা, বর্ণ, সংখ্যা, মাত্রা, ক্রম, পরিমাণ ধর্ম ইত্যাদি প্রকাশ করে তাকে বলে গরন/বিশেষণ।

(কুবুনি ককথাইনি কাহাম-হাময়া, তরমুঙ-লকমুঙ, তঙমুঙ-চামুঙ, বাংমুঙ-খাইজাকমুঙ, বাথংমুঙ আবতীইরগ ফুনুকনাই এবা সুরনাই ককথাইন হীনু গরন।)

ফুনুকমারি ঃ কতর/বড়, চিকন/ছোট, কলক/লম্বা, বারা/খাটো, কিতিং/গোল, বুদুল/গোলাকার কাহাম/ভাল, হাময়া/মন্দ, মতম/সুগন্ধ, মীনাম/দুর্গন্ধ, কীতীই/মিষ্টি, কীখা/তিতা ইত্যাদি।

ব্যাকরণে বিশেষণ বা গরনকে তিনভাগে ভাগ করা যায় ঃ

১) মুঙ গরন/বিশেষ্যের বিশেষণ। ২) গরননি গরন/বিশেষণের বিশেষণ। ৩) খীলায়গরন/ক্রিয়া বিশেষণ।

এই ভাগগুলো নিয়ে পরে বিস্তৃত আলোচনা করব। প্রথমে ককবরকে কিভাবে বিশেষণ পদ গঠিত হয় তা নিয়ে আলোচনা করা যাক।

ককবরকে গরন ককথাই/বিশেষণ সাধারণতঃ মুঙ এর পরে বসে। অর্থাৎ মুঙ এর পর গরন ককথাই ব্যবহৃত হয়। যেমন ঃ

খা কীথার/পবিত্র মন, হিক কীতাল/নূতন বৌ, লামা কতর/বড় রাস্তা, য়াসুকু কলক/লম্বা নখ ইত্যাদি।

ককবরক ব্যাকরণে গরন ককথাই বা বিশেষণ পদ আটভাবে গঠিত হতে পারে।

ককবরক ককমাঅ দালচার লামতাই গরন ককথাই সীনামাই মানু।)

১) ধাতুর পূর্বে উাসা/উপসর্গ বসিয়ে গরন ককথাই/বিশেষণ পদ গঠন করা যায়।

ক-যোগে = কফন/জীর্ণ, কসক/পচা, কৎক/সুস্বাদ, কবর/পাগল, কতর/বড় ইত্যাদি।
ক-যোগে = কাহাম/ভাল।
ক-যোগে = কেফের/চ্যাপ্টা, কেচেপ, কেখেক, কেবেল ইত্যাদি।
ক-যোগে = কুচুক, কুফুর, কুফুঙ, কুতুং, কুমুন ইত্যাদি
ক-যোগে = কীচাম, কীফাক, কীবাং, কীখা, কীসাপ, কীপ্রাপ ইত্যাদি।
ক-যোগে = কিথিক, কিরিক।

২। ধাতুর অন্তে উাখ্লায়/প্রত্যয় যোগেও গরন ককথাই গঠিত হয়।

যেমনঃ		বুবুকযোগে	=	সিবুবুক (সি + বুবুক)
ব্রেব্রে		যোগে	=	খাব্রেব্রে (খা + ব্রেব্রে)
বেবে		”	=	খাবেবে (খা + বে বে)
ব্রু ব্রু		”	=	সি ব্রু ব্রু (সি + ব্রু ব্রু)
চুচু		”	=	ফাকচুচু (ফাক + চুচু)
চচ		”	=	ফাকচচ' (ফাক + চচ)
চুচুম		”	=	খীয়চুচুম (খীয় + চুচুম)
চচম		”	=	খীয়চচম (খীয় + চচম)
চমচম		”	=	খীয়চম খীয়চম (খীয় + চম)
দ্রু দ্রু		”	=	রুমুদ্রুদ্রু (রুমু + দ্রু দ্রু)
গুলুগুলু		”	=	সমগুলুগুলু
গেরেং গেরেং		”	=	সমগেরেঙ গেরেঙ, তীয়গেরেঙ গেরেঙ
দ্দু	প্রত্যয়	যোগে	=	ফুদ্দু (ফু + দ্দু)
গগ'	”	”	=	চেংগগ' (চেং + গগ')
হুহু	”	”	=	মতম হুহু (মতম + হুহু)
হেহেক	”	”	=	মীনাম হেহেক (মীনাম + হেহেক)
জাক	”	”	=	খীলায়জাক (খীলায় + জাক)
জিজি	”	”	=	খ্রাঙজিজি (খ্রাজ + জিজি)
জিজি	”	”	=	খ্রাঙজিজি (খ্রাঙ + জিজি) খ্রাঙজি খ্রাঙজি
খর' খর'	”	”	=	বাংখর' খর' (বাং + খর'খর') বুংখর' খর'
কক'	”	”	=	হিলিকক' (হিলিক + কক')

কীকী	”	”	=	হিলিকীকী, হিলিকীকীক (হিলিক + কীকীক)
লল’	”	”	=	পেকল’ল’ (পেক + লল’) তীয়লল’ ‘ফুল’ ল’
লীলীক	”	”	=	য়ালীলীক, কীলীলীক (কীলীক + লীলীক)
লীংলীং	”	”	=	থীলীং থীলীং, থীলীলীং।
লালা	”	”	=	খকলালা, উালালা (উার + লালা)
লেলে	”	”	=	তীয়লেলে, খালেলে, মাললেলে
মা সিসি	”	”	=	থুমাসিসি, হামাসিসি, থাংমাসিসি
মাসি	”	”	=	থাংমাসি, ফায়মাসি, কাপমাসি
মুরু মুরু	”	”	=	থীয়মুরু মুরু, হিমমুরু মুরু
পেপেক	”	”	=	সিপেপেক, সীরাপেপেক
পেপে	”	”	=	সীরাপেপে (সীরাপ + পেপে)
ফ্রে ফ্রে	”	”	=	রামফ্রেফ্রে (রাম + ফ্রেফ্রে)
পুপুক	”	”	=	রামপুপুক (রাম + পুপুক)
চেকেচেকে	”	”	=	রাম চেকে চেকে (রাম + চেকে চেকে)
প্লম প্লম	”	”	=	তীয়প্লম প্লম (তীয় + প্লম প্লম)
প্রাই প্রাই	”	”	=	খীনাপ্রাই প্রাই (খীনা + প্রাই প্রাই)
প্রম প্রম	”	”	=	সমপ্রম প্রম, নুকপ্রম প্রম
প্রু প্রু	”	”	=	খামপ্রুপ্রু (খাম + প্রু প্রু)
রর’	”	”	=	হিমরর’, থাংরর’, ফায়রর’, তীইরর’
রেরে	”	”	=	রমরেরে, থাংরেরে, আচুকরেরে, তাঙরেরে
সেসে	”	”	=	পুকসেসে, মুকসেসে
সিসি	”	”	=	কুঙসিসি, কর’সিসি
সস’	”	”	=	ফাকস’স’, নাঙসস’, খীয়সস’ মাকসস’
স্রু স্রু	”	”	=	মীনীয় স্রু স্রু, চাকস্রুস্রু
থক	”	”	=	চাথক, নীঙথক, খীলায়থক, তাঙথক
থ্রেং থ্রেং	প্রত্যয় যোগে		=	বাথ্রেং থ্রেং, লকথ্রেং থ্রেং
তীলাঙ তীলাঙ	”	”	=	সেংতীলাঙ তীলাঙ
তুরুতুরু	”	”	=	খীয়তুরুতুরু
থথ	”	”	=	বানথ’থ’ ইত্যাদি।

৩। ককচ্লীয় বা ধাতুর আগে পরে অর্থাৎ সামনে-পেছনে উাসা/উপসর্গ এবং উাখীলাই/প্রত্যয় যোগে গরন ককথাই গঠিত হতে পারে।

ককচীলীয়/ধাতু	উাসাযোগে/উপসর্গযোগে	উাখীলাই/প্রত্যয় যোগে
চাং	কী + চাং = কীচাং	কীচাং + ততক = কীচাংততক্।
সুম	কু + সুম = কুসুম	কুসুম + বই বই = কুসুমবইবই
সম	ক + সম = কসম	কসম + সিতরা = কসমসিতরা
চিক	ক + চিক কিচিক	কিচিক + কীপলা = কিচিককীপলা
ফেক	ক + ফেক = কেফেক	কেফেক + কবর = কেফেককবর
হাম	ক + হাম = কাহাম	কাহাম + কুক = কাহামকুক

৪। ধাতুর অন্তে 'থায়া' উাখীলাই বসলে গঠিত ককথাই বা পদটি গরন ককথাই বা বিশেষণ পদে পরিণত হয়।

যেমন ঃ পুঙ + থায়া = পুঙথায়া, চা + থায়া = চা-থায়া, লক + থায়া = লকথায়া, বারা + থায়া = বারাথায়া, হাম + থায়া = হামথায়া নুক + থায়া = নুকথায়া

৫। এক বা একাধিক মুঙ ককথাই বা বিশেষ্যপদ যদি একটি আর একটির বৈশিষ্ট্য প্রকাশ করে তখন নির্দেশিত সেই ককথাইটি গরন ককথাই এ রূপান্তর লাভ করে।

ফুনুকমারি ঃ রাঙচাক বীতাং = সোনার হার, উা-লাঠা = বাঁশের লাঠি, হলংলামা = পাথুরে রাস্তা, সরদীখাই = লোহার শেকল ইত্যাদি। এখানে মুঙ বা বিশেষ্য পদগুলো একটি অপরটির বৈশিষ্ট্য প্রকাশ করছে।

৬। কোন কোন ব্যক্তি বা বস্তুকে আর একটি ব্যক্তি বা বস্তু হিসাবে দেখানো হলে সেক্ষেত্রে গরন ককথাই বা বিশেষণ পদ হয়।

ফুনুকমারি ঃ নীঙ মীতায় = তুমি দেবতা, নীঙ চাবায়ামা = তুমি রাক্ষস, নীঙ সীকাল = তুমি ডাইনী, নীঙ কীরীইরগনি মুকতকসা = তুমি গরীবদের চোখের মণি। এখানে মীতায়, চাবায়ামা, সীকাল এবং মুকতকসা হলো গরন ককথাই বা বিশেষণ পদ।

৭। তাছাড়া কোন ব্যক্তি, প্রাণী বা বস্তুর সংখ্যা বুঝালেও গণনাবাচক ককথাইগুলো গরন ককথাই এ পরিণত হয়।

যেমন— চকসা, চেঙনীয়, দেকথাম, লেপব্রীয়, কংবা কাইদক, রেচেকস্লি, খকচার, বিসিচুকু, লচি ইত্যাদি গণনাবাচক পদ।

যেমন ঃ নাই প্রত্যয় যোগে = চুকনাই, থীয়নাই, চানাই, বুথারনাই হামরিনাই, বুরিনাই, সুরিনাই, মালরিনাই, নুকরিনাই, সুপনাই ইত্যাদি।

নি প্রত্যয়যোগে = হা-নি, পাহথাকনি, ফায়মানি, উলনি, আবনি আরনি, অরনি ইত্যাদি

এবার বিশেষণের প্রকারভেদ নিয়ে আলোচনা করা যাক।

১। মুঙগরন/বিশেষ্যের বিশেষণ

বিশেষ্যপদের গুণ, ধর্ম, অবস্থা ইত্যাদি যে পদের দ্বারা প্রকাশ পায় তা-ই বিশেষ্যের বিশেষণ। এটাকে ককবরকে বলে মুঙগরন। আরও বিস্তৃতভাবে বলতে গেলে, যে ককথাই বা পদের দ্বারা একটি মুঙ ককথাই বা বিশেষ্যপদের অবস্থা, পরিমাণ, সংখ্যা, ক্রম, গুণ, ধর্ম ইত্যাদি প্রকাশ পায় বা জানা যায় তাকে মুঙগরন বা বিশেষ্যের বিশেষণ বলে।

(মুঙ ককথাইনি কাহাম-হাময়া, বাংমা-বাংয়া, তমুঙ-চামুঙ, গীরীঙ অবতীই রগন' ফীলাং ফীলাং সাকীলায়ীই এবা ফুনুগীই রিনাই ককথাইন হীনু মুঙগরন ককথাই।)

ফুনুকমারি ঃ চেবায় কাহাম, রাঙ খববা, বুবাব মতম, লাম কতর, দেক চুক, তঙমুঙ কাহাম, গীরীঙ হাময়া, কুঙফের ইত্যাদি। পর্যায়ক্রমিক এই ককবরক ককথাইগুলোর বাংলা অর্থ হলো ঃ ভাল ছেলে, পাঁচ টাকা, সুগন্ধি ফুল, বড় রাস্তা, উঁচু ডাল, সুচরিত্র, কুস্বভাব, খাদা নাক ইত্যাদি।

২। গরননি গরন/বিশেষণের বিশেষণ

ক্রিয়া বিশেষণ অথবা নাম বিশেষণের ভাল-মন্দ, অবস্থা, প্রকার ইত্যাদি যে ককথাই/ পদের দ্বারা প্রকাশ পায় তাকে বিশেষণের বিশেষণ বলে।

(মুঙগরন এবা খীলায় গরননি কাহাম-হাময়া, তঙমুঙ-চামুঙ, গীরীঙ অবতীইরগন' সুরনাই-এবা সানাই-ককথাইন হীনু গরননি গরন।)

ফুনুকমারি ঃ কীচাংততক, কিচিককীপলা, কসমসিতরা, কাহামকুক, বেলাই নায়থক, নায়থককুক, পুঙথায়া, লকথায়া, লকথেরেঙ থেরেঙ, মতম জিপ জিপ, মতম তীইলীলীক, মীনাম হেকেহেক, য়ালীলীকনি কীলীলীক, কর্সম মিলিক, সেংতীলাঙ-তীলাঙ, বুংখর'খর' ইত্যাদি।

৩। খীলায়-গরন/ক্রিয়া-বিশেষণ

কোনও পদের দ্বারা ক্রিয়া সম্পাদনের অবস্থা বর্ণিত হলে বা জানা গেলে তাকে বলে খীলায়রগন/ ক্রিয়া-বিশেষণ।

(খীলায় বাহাইখে বিনি সামুঙ তাঙখা আবরগ ফুনুগীই রিনাই ককথাইন হীনু খীলায়গরন।)

ফুনুকমারি ঃ

খীনা প্রাইপ্রাই, নুকপ্রাই প্রাই, হিমরহ', চা-রব', চাথক, নীঙথক, খীলায়থথক, চা-থায়া,

মীনায়তীতীই, কাপকতর কাপ, বহক রাকসাই মীনায়, তাঙকতর-তাঙ, থুরাজা-থু ইত্যাদি খীলায়রগন বা ক্রিয়া বিশেষণকে ককবরকে মোট পাঁচটি ভাগে ভাগ করা যায়।

১। জরারীকনাই খীলায়রগন/সময় নির্দেশক ক্রিয়া বিশেষণ। যে খীলায়গরন দ্বারা ক্রিয়াপদের কাজের সময় নির্দেশিত হয় তাকে বলে জরা রীকনাই-খীলায়গরন বা সময় নির্দেশক ক্রিয়া বিশেষণ।

ফুনুকমারি ঃ

ক) মীনায় তিনি ফুঙগ চীঙন নাসিঙগীই তঙনাফুল = মীনায় আজ সকালে আমাদেরকে অপেক্ষা করে থাকবেন বলে জানা যায়।

খ) বুবাগ্রা মিয়াঅ সীরাপসানি বাগীই হুগ' ফায়খা = মালিক গতকাল কিছুক্ষণের জন্য জুমে এসেছিলেন।

এই দুটি বাক্যে 'ফুঙগ', মিয়াঅ এবং সীরাপসানি বাগীই হলো খীলায়গরন ককথাই।

২। থায় (place) রীকনাই খীলায়রগন/স্থান নির্দেশক ক্রিয়া বিশেষণ পদের শেষে 'র' এর অবস্থানের ভিত্তিতে অর্থাৎ যে খীলায় গরণ দ্বারা ক্রিয়া সম্পাদনের স্থান নির্দেশিত হয় তাকে বলে থায় রীকনাই খীলায়রগন বা স্থান নির্দেশক ক্রিয়া বিশেষণ।

ফুনুকমারি ঃ

ক) নীঙ অর'নি কুতুলদি/তুমি এখান থেকে সরে যাও। খ) নীঙ বর' থাং/তুমি কোথায় যাও ইত্যাদি।

৩। তঙমুঙ রীকনাই খীলায়রগন/অবস্থা বা বৈশিষ্ট্য নির্দেশক ক্রিয়া বিশেষণ।

যে খীলায়রগন দ্বারা ক্রিয়ার অবস্থা বা বৈশিষ্ট্য প্রকাশ পায় তাকে তঙমুঙ রীকনাই খীলায়রগন বা অবস্থা/বৈশিষ্ট্য নির্দেশক ক্রিয়া বিশেষণ বলে।

ফুনুকমারি ঃ

ক) দা সেনারায়নি তমুঙ চাথায়া = সেনারায়দার ব্যবহার বেশী ভাল নয়। খ) ব কক সানানি রীঙয়া = কিভাবে কথা বলতে হয় সেটা সে জানেনা। গ) বিনি হিমমুঙ নায়থকয়া = তাঁর চলন বাঁকা অথবা চলনে সৌন্দর্যের অভাব।

এই তিনটি বাক্যে তঙমুঙ, ককসানানি এবং হিমমুঙ এই পদগুলো হলো তঙমুঙ রীকনাই খীলায়রগন/অবস্থা অথবা বৈশিষ্ট্য নির্দেশক ক্রিয়া।

৪। বাংমুঙ রীকনাই খীলায়রগন/পরিমাণ বাচক ক্রিয়া বিশেষণ ঃ যে পদের দ্বারা ক্রিয়ার সংখ্যা, পরিমাণ, গুণগত পরিমাণ ইত্যাদি বুঝানো হয় তাকে বলে বাংমুঙ রীকনাই খীলায়রগন

বা পরিমাণবাচক ক্রিয়া বিশেষণ।

ফুনুকমারি ঃ

ক) নিনি আব' মজম' হামরর' বীলা/তোমার ওটা তো তুলনামূলক ভাল। খ) খুমপুয়নি রাঙ-রি কীরীইর্থা/খুমপুই এর অঢেল টাকা পয়সা নেই।

এই দুটি বাক্যে হামরর' এবং কীরীইথা হচ্ছে বাংমুঙ রীকনাই'খীলায়রগন।

৫। সীংমুঙ রীকনাই খীলায়রগন/প্রশ্নসূচক ক্রিয়া বিশেষণ

ক) ব তাম'নি ফায়খা/সে কেন আসে নাই? খ) নীঙ তাম' খীলায়/তুমি কি কর? গ) নীঙ বুফুরু থাংনাই/তুমি কখন যায়? এই তিনটি বাক্যে তাম'নি, তাম' বুফুরু ইত্যাদি পদগুলো হচ্ছে সীংমুঙ রীকনাই খীলায়রগন বা প্রশ্নসূচক ক্রিয়া বিশেষণ।

গরনারি/তুলনামূলক বিশেষণ

গরনারি হলো তুলনামূলক বিশেষণ। এতে দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে ভাল-মন্দ বিষয়ে তুলনা বুঝানো হয়। তাই একাধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে ভাল-মন্দ বিষয়ে উৎকর্ষ-অপকর্ষ ইত্যাদি বোঝালে তাকেই গরনারি বা তুলনামূলক বিশেষণ হিসাবে অভিহিত করা হয়। (গীরীঙ দালসান' রীকজাক কায়সা এবা কায়সানি সীলাই কীবাং মুঙনি বিসিংগ সুরমুঙন' হীনু গরনারি)।)

গরনারি মোট তিনপ্রকার। যথা ঃ ১) সংদারি গরনারি/positive degree ২) সুরনীয় গরনারি/comperative degree ৩) সুরবাং গরনারি/superlative degree।

১। সংদারি গরনারি/positive degree

সংদারি গরনারি' তে তুলনা বুঝানো হয় না ; শুধুমাত্র গরন'এর মূল রূপটিই ব্যবহৃত হয়। অতএব তুলনা না বুঝিয়ে গরন এর মূল রূপটিই শুধুমাত্র ব্যবহৃত হলে তাকে সংদারি গরনারি বা positive degree বলা হয়।

(মুংসাসীকনি গরন সাজাকখে বন' হীনু সংদারি গরনারি।)

বরচুকফাঙ বেদেকসেরেম = শিমূলের শাখা সাধারণত নরম থাকে। এখানে গরন বা বিশেষণগুলো কারও সঙ্গে তুলনা বুঝায় না। শুধু তার মূল রূপটিই ব্যবহৃত হয়েছে। তাই এই গরন বিশেষণটি সংদারি গরনারি/ positive degree।

২। সুরনীয় গরনারি/comperative degree

এক্ষেত্রে দুটি ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা বুঝায়। দুটি ভিন্ন বস্তু বা ব্যক্তির মধ্যে তুলনা অর্থাৎ

উৎকর্ষ-অপকর্ষ ইত্যাদি বুঝায় বলেই সুরনীয় গরনারি বা comperative degree হয়। (মুঙনীয় এবা কায়নীয়নি বিসিং কাহাম-হাময়া, কলক-বারা আবতীইরগ সুরসাউই সাজাকমান' হীনু সুরনীয় গরনারি।)

ফুনুকমারি ঃ

১) কীচাংতিনি সীলাই মীচাঙটি নাইথক = কীচাংতির চেয়ে মীচীঙতি আরও সুন্দর। ২) দাফ্র কলক, ফিয়াবা চমরক তেইব কলক = দাফ্র লম্বা, কিন্তু চমরক আরও লম্বা। ৩) মুনদুল ফাঙনি সীলাই গুর্জুরফাঙ তেইব কুচুক = মুনদুল গাছের চেয়ে গর্জন গাছ আরও উঁচু।

উপরের তিনটি বাক্যের প্রত্যেকটিতেই দুইটি বিশেষ্য পদের মধ্যে তুলনা বোঝাচ্ছে। প্রথম বাক্যে সৌন্দর্যগতভাবে, দ্বিতীয় বাক্যে দৈর্ঘ্যের দিক দিয়ে এবং তৃতীয় বাক্যে উচ্চতার দিক দিয়ে এই তুলনা করা হয়েছে। তাই গরন ককথাইটি হয়েছে সুরনীয় গরনারি/comperative degree। সীলাই, তেইব এই দুটি পদের দ্বারা আমরা তা বুঝতে পারি।

নোটস্ ঃ সুরনীয় গরনারি বাক্যে সংদারি গরনারি বা positive degree এর বর্তমান রূপটিই বহাল থাকে। তার বর্তমান রূপের কোনরূপ পরিবর্তন ঘটেনা। কিন্তু এই গরন পদের পূর্বে সীলাই, তেইব/তেব' ইত্যাদি তুলনাবোধক পদগুলি ব্যবহৃত হবে। অর্থাৎ এই পদগুলো গরন ককথাই' এর পূর্বে সংদানি গরনারি/positive degree কে সুরনীয় গরনারি/comperative degree তে রূপান্তরিত করে।

৩। সুরবাং গরনারি/superlative degree

এক জাতীয় দুই এর অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে উৎকর্ষ-অপকর্ষ বা তুলনা বুঝাতে সুরবাং গরনারি/superlative degree হয়।

(কায়নীয়নি কীবাং এবা মুঙনীয়নি কীবাংন সুরসামানিন' হিনু সুরবাং গরনারি/superlative degree।)

ফুনুকমারি ঃ

১। জতত'নি বিসিং সুলেংন' কলক = সকলের মধ্যে সুলেঙগই লম্বা। ২। কামিনি সিকলারগনি বিসিং মীচাংতি নায়থককুক = পাড়ার যুবতীদের মধ্যে মীচাংতি সর্বাপেক্ষা সুন্দরী। ৩। বুয়নি সীলাই বিনি হুগ'ন মায় হামকুক খা = অন্যদের তুলনায় তার জুমেই ফসল সর্বাপেক্ষা ভাল হয়েছে। ৪। ফাঙনি বের' বীরীইফাঙ কতরকুক = গাছের মধ্যে বটগাছ সবচেয়ে বড় হয়। ৫) খেপেংরায়ন' অর' জত'নি ফানগীনাঙ = থেপেংরায়ই এখানকার সর্বাপেক্ষা শক্তিশালী লোক। ৬। অ হাফার' থেমরাঙনি বারা থাকজাক পেরেতকুক কীরীই = এই দুনিয়ায় থেমরাঙ

এর ন্যায় খারাপ লোক আর হয় না।

উপরের বাক্যগুলোতে দুই এর অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা বোঝানো হয়েছে। তাই বাক্যগুলোর গরনারি হয়েছে সুরবাং গরনারি বা superlative degree।

নোট ঃ

বিশেষণ/গরন পদের শেষে কুক প্রত্যয় যোগ করে এবং পূর্বে জত'নি, জত'নি স্লাই, জত'নি বিসিং, বের', বেলাই ইত্যাদি উপসর্গ/উাসা বসিয়ে এটাকে সুরবাং গরনারিতে পরিণত করা যায়।

ফুনুকমারি ঃ

সংদারি গরনারি/ positive degree	সুরনীয় গরনারি/ comperative degree	সুরবাং গরনারি superlative degree
কাহাম	সীলাই কাহাম	কাহামকুক
কুফুর	তাইব কুফুর	কুফুরকুক
নায়থক	বেলায় নায়থক	নায়থককুক

এভাবে সংদারি গরনারি থেকে সুরনীয় এবং সুরবাং গরনারিতে পরিণত করা যায়।

খীলায় ককথাই/ক্রিয়াপদ

বাক্যের প্রাণ খীলায় ককথাই হচ্ছে কর্মবোধক পদ। খীলায় ককথাই বা ক্রিয়াপদ ভিন্ন বাক্যের অর্থ সম্পূর্ণ হয় না। এই কর্মবোধক শব্দ দ্বারা করা, হওয়া, থাকা ইত্যাদি অর্থ প্রকাশ পায়। কোনও বাক্যে অবস্থা বিশেষে ক্রিয়াপদ অনুপস্থিত বা উহ্য থাকতে পারে। কিন্তু এর উপস্থিতি অনুভব করা যায়। সুতরাং আমরা বলব— যে পদের দ্বারা করা, হওয়া, থাকা ইত্যাদি কর্মবাচক অর্থ প্রকাশ পায় তাকে খীলায় ককথাই বা ক্রিয়াপদ বলে।

(ককথাই থাইসানি ককমাঙতাই আংমা, তাঙমা, খীলায়মা আবতাইরগ সাজাকে আবন' হিনু খীলায় ককথাই।)

ককচ্লীয়/ধাতু ঃ ক্রিয়াপদ বা খীলায় ককথাইকে ভাঙ্গলে এর একটি অবিভাজ্য মূল অংশ পাওয়া যায়। এই অবিভাজ্য অংশই ককচালীয় বা ধাতু। সুতরাং আমরা বলব— খীলায় ককথাই বা ক্রিয়াপদের মূল অর্থ প্রকাশক অবিভাজ্য অংশকে ধাতু বা ককচালীয় বলে।

ফুনুকমারি ঃ

রীচাপদি/গান গাও = রীচাপ + দি, থাংখীনা/সম্ভবতঃ গিয়েছে = থাং + খ্না, রমনিয়া/ধরবেনা = রম + নিয়া, তঙগ/আছে = তঙ + অ, চাখা/খেয়েছে = চা + খা, মীসাউানী/নাচবে = মীসা + আনী, চাউই/খেয়ে = চা + ঔই ইত্যাদি। উল্লিখিত ককথাই বা পদগুলোর ধাতু হচ্ছে যথাক্রমে— রীচাপ, থাং রম, তঙ, চা, মীসা, চা ইত্যাদি। সুতরাং বুঝতে অসুবিধা হয় না যে, বিশ্লেষিত ক্রিয়াপদের মূল বা অবিভাজ্য অংশই হলো ধাতু বা ককচীলীয়। ধাতুর সঙ্গে সিনিমারি ইত্যাদি যোগে যে পদ গঠিত হয় তা-ই ক্রিয়াপদ বা খীলায় ককথাই।

(খীলায় ককথাইনি খালজাক কক বথুমানন' ককচালীয় হীনু।)

ফুনুকমারি ঃ ককচীলীয় বা ধাতু ককবরকে দুরকম—

ককচীলীয়/ধাতু	উাসা/উপসর্গ	গঠিত ককচীলীয় কুমুন
ফাই	বু	বুফাই
চিক	ক	কিচিক
খুরুপ	কু	কুখুরুপ
খুরুপ	ব	বুখুরুপ
হিম	ম	মিহিম
থর	ম	মথর
থুং	ম	মুথুং
থাক	ম	মীথাক
থাক	ব	বীথাক
খক	ফ	ফেখক
খক	ক	কেখক
খক	ব	বখক
রিঙ	ফ	ফিরিঙ
লক	ফ	ফলক
নুক	ফ	ফুনুক
রীঙ	ফ	ফীরীঙ
চেক	র	রেচেক
তম	র	রতম

চিক	স	সিচিক
বাই	স	সীবাই

২। ককচীলীয় সিনিমারি বা প্রত্যয় যোগে যে ধাতুকে সরাসরি খীলায় ককথাই বা ক্রিয়াপদে পরিণত করা যায় তাকে বলে ককচীলীয় কুমুন বা সিদ্ধ ধাতু।

উদাহরণ ঃ

থাং/যাওয়া, ফায়/আসা, বীচা/দাঁড়ানো, সিচা/জাগ্রত হওয়া, চা/খাওয়া, নীঙ/পান করা, কীবা/বমি করা, অঙখীলাই/ওগলানো ইত্যাদি।

ককবরকে দুভাবে ক্রিয়াপদ গঠিত হতে পারে। প্রথমতঃ ককচীলীয় বা ধাতুর উত্তর প্রত্যয় বা উাখীলাই যোগ করে, দ্বিতীয়তঃ ককচালীয় বা ধাতুতে সিনিমারি বা বিভক্তি যোগ করে।

১। ককচীলীয় বা ধাতু-অন্তে প্রত্যয় যোগ করে গঠিত ক্রিয়াপদের উদাহরণ ঃ

প্রত্যয়/উাখীলাই	ককচীলায়/ধাতু	খীলায় ককথাই/ক্রিয়াপদ
খ্না	সীয়	সীয়খীনা
চুরুমা	সীয়	সীয়চুরুমা
খামুন	সীয়	সীয়খামুন
থায়া	সীয়	সীয়থায়া
তীলায়	সীয়	সীয়তালায়
জাক	সীয়	সীয়জাক
বর’	সীয়	সীয়বর’
প্রাইপ্রাই	সীয়	সীয়প্রাই প্রাই
থক	সীয়	সীয়থক

২। ককচীলায় বা ধাতুর উত্তর ক্রিয়াবিভক্তি যোগে গঠিত ক্রিয়াপদ।

ককচী লীয় সিনিমারি/ক্রিয়া বিভক্তি	ধাতু/ককচীলীয়	খীলায় ককথাই/ক্রিয়াপদ
অ	থাং	থাংগ
খা	থাং	থাংখা
আনী	থাং	থাংগানী
আঁই তঙ অ/উ	থাং	থাংগাঁই তঙগ/তঙগু
আঁই তঙ আনী	থাং	থাংগাঁই তঙগানী
খে	থাং	থাংখে

না	থাং	থাংনা
নাই	থাং	থাংনাই ইত্যাদি।

৩। সব ক্রিয়াপদের সাহায্যে বাক্যের অর্থ সম্পূর্ণরূপে প্রকাশিত নাও হতে পারে। এমন কিছু ক্রিয়াপদ আছে যার সাহায্যে বাক্যের অর্থ সম্পূর্ণতা প্রাপ্ত হয় না। আবার এমন কতকগুলো ক্রিয়াপদ আছে যার দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণভাবে প্রকাশ পায়। তাই অর্থ প্রকাশের ক্ষমতা অনুযায়ী ক্রিয়াপদকে দু'টি ভাগে ভাগ করা যায়। ক) মীথাক খীলায়/সমাপিকা ক্রিয়া খ) মীথাকয়া খীলায়/অসমাপিকা ক্রিয়া।

ক) যে খীলায় ককথাই/ক্রিয়াপদ একটি বাক্যের পরিপূর্ণ অর্থ প্রকাশে সক্ষম তাকে বলে মীথাকখীলায় বা সমাপিকা ক্রিয়া।

(তাংসা ককবীতাংনি ককমাঙ মীথাকসুকনাই খীলায় ককথাইন' হীনু মীথাকখীলায়।)

মীথাক খীলায় এর বিভক্তি ও প্রত্যয় সমূহ নিম্নরূপ ঃ

অ, খা, উ, নাই, আনী, য়ানা, দি, খামুন, খীনা, নিয়া লিয়া ইত্যাদি।

ফুনুকমারি ঃ

অ	যোগে	=	ব থাংগ/সে যায়।
খা	”	=	চীঙ মায় চাখা/আমরা ভাত খেয়েছি।
উ	”	=	আঙ নুগু/আমি দেখি।
নাই	যোগে	=	সাব' সাব' থাংনাই/কে কে যাচ্ছে।
আনী	”	=	আঙ থাংগানী/আমি যাব।
য়ানা	”	=	ব থাংয়ানা/সম্ভবতঃ সে যায়নি।
দি	”	=	আরঅ তা থাংদি/সেখানে যেওনা।
খামুন	”	=	সাখে আঙ তঙখামুন/বললে আমি থাকতাম।
খীনা	”	=	ব-ন' অ স[illegible] দরারিখীনা/সম্ভবতঃ সেই এই কাজ পণ্ড করেছে।
নিয়া	”	=	ব থাংনিয়া/সম্ভবতঃ সে যায়নি।
লিয়া	”	=	আঙ থাংলিয়া/আমি যায় নি ইত্যাদি।

উপরোক্ত বাক্যস্থিত ক্রিয়াপদগুলো মীথাকখীলায়/সমাপিকা ক্রিয়ার উদাহরণ।

খ) মীথাকয়া খীলায় বা অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে বাক্য শেষ হয় না। শুনবার বা বলবার আকাঙ্ক্ষা থেকেই যায়। অর্থাৎ এই ক্রিয়া বাক্য শেষ করতে পারে না। এর দ্বারা

বাক্যের অর্থ সম্পূর্ণ হয় না। এককথায়— যে পদ একটি বাক্যের পরিপূর্ণ অর্থ প্রকাশে অক্ষম তাকে বলে মৌথাকয়া খৌলায় বা অসমাপিকা ক্রিয়া।

(ককবৌতাং তাংসান' মৌথাগৌই মানয়া খৌলায়ন' মৌথাকয়া খৌলায় হিনু।)

এখানে একটি কথা মনে রাখা দরকার এবং তা হলো সমাপিকা ক্রিয়া/মৌথাক খৌলায় এর সঙ্গে যুক্ত এমন প্রত্যয় বা ক্রিয়া বিভক্তি বাদে বাকী সবগুলোই মৌথাকয়া খৌলায়/অসমাপিকা ক্রিয়া।

ফুনুকমারি ঃ

ঔই যোগে	=	আঙ হাবাঅ থাংগৌই/আমি জুম ক্ষেত্রে গিয়ে। এই বাক্যের ক্রিয়াটি সম্পূর্ণ হয়নি।
খে "	=	ব নক স্নামখে/সে ঘর নির্মাণ করলে। এক্ষেত্রে বাক্যের অর্থ অসম্পূর্ণ থেকেছে।
য়াউই"	=	মকল নুকয়াউই/চোখে না দেখে। এটাও অসম্পূর্ণ ক্রিয়াপদের অসম্পূর্ণ বাক্য।

দেখা যায়, তিনটি বাক্যের ক্রিয়াপদই অসমাপ্ত অর্থাৎ ক্রিয়ার কাজ শেষ হয় নাই এরূপ বোঝাচ্ছে। তাই এগুলো মৌথাকয়া খৌলায় বা অসমাপিকা ক্রিয়া।

ককবরকে মৌথাকয়া খৌলায় বা অসমাপিকা ক্রিয়াপদ চেনার জন্য কিছু ধ্বনি ও ধ্বনিগুচ্ছের কথা সবসময় মনে রাখতে হবে। ঔই এবং খে এ দুটি ধ্বনি সবসময় অসমাপিকা ক্রিয়ার সঙ্গে যুক্ত থাকে। একের অধিক অসমাপিকা ক্রিয়া একটি বাক্যে অবস্থান করতে পারে। কিন্তু অর্থ সমাপ্তির জন্য একটি সমাপিকা ক্রিয়া অন্ততঃ ব্যবহার করতেই হবে। যেমন ঃ ব খাচিগৌই য়কখা/সে পালিয়ে বেঁচেছে। আঙ মায় চাঅই ফায়ানৌ/আমি ভাত খেয়ে আসব। নৌঙ থাংখে আঙ ফায়নাই/তুমি গেলে আমি আসব। নুকয়াউই কক তা সাদি/না দেখে বলো না ইত্যাদি।

তাঙজাকনাই খৌলায়/সকর্মক এবং তাঙজাকযা খৌলায়/অকর্মক ক্রিয়া

বাক্যস্থিত কর্মপদের সঙ্গে সম্পর্কের ভিত্তিতেও খৌলায় ককথাইকে ভাগ করা যেতে পারে। এটা দু'ভাগে বিভক্ত। যথা ঃ ১) তাংজাকনাই খৌলায়/সকর্মক ক্রিয়া এবং ২) তাঙজাকয়া খৌলায়/অকর্মক ক্রিয়া।

১। তাঙজাকনাই খৌলায়/সকর্মক ক্রিয়া ঃ যে খৌলায় বা ক্রিয়াপদের কর্ম থাকে তাকে তাঙজাকনাই খৌলায় বা বাংলায় সকর্মক ক্রিয়া বলে।

(খৌলায়' তমুং তাঙজাকনাই তঙখে আব-ন' তাঙজাকনাই খৌলায়।)

ফুনুকমারি ঃ

আতা মায় চাঅ/দাদা ভাত খায়। আতিকুল বল নাঅ/আতিকুল লাকড়ি সংগ্রহ করে। বুকমালি তীয় খণ্ড/হুকমালি জল তুলে। এই বাক্যগুলোতে চাঅ, নাঅ, খণ্ড হলো তাঙজাকনাই খীলায়/সমাপিকা ক্রিয়া। কারণ কর্মকে ভিত্তি করেই এই ক্রিয়াপদগুলোর পূর্ণতাপ্রাপ্তি ঘটেছে।, এই ক্রিয়াপদগুলোকে তাম'/কি দিয়ে প্রশ্ন করলেই বাক্যে কর্মের সন্ধান পাওয়া যায়। অর্থাৎ বাক্যস্থিত কর্মপদটিকে পাওয়া যায়।

এখানে প্রথম বাক্যেআতা মায় চাঅ— এই বাক্যটিকে জিজ্ঞেস করা যাক। আতা তাম' চা/দাদা কি খায়? উত্তর হবে— মায় চাঅ/ভাত খায়। এখানে মায় বা ভাত হচ্ছে চাঅ/খায় ক্রিয়ার কর্ম। সুতরাং ক্রিয়াটি সকর্মক।

দ্বিতীয় এবং তৃতীয় বাক্যেও তাম'/কি দিয়ে ক্রিয়াপদটিকে প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় যথাক্রমে বল/লাকড়ি এবং তীয়/জল। সুতরাং ক্রিয়া দু'টিও সকর্মক ক্রিয়া।

নোট ঃ খীলায় ককথাই/ক্রিয়াপদটিকে তাম'/কি দিয়ে প্রশ্ন করে যদি উত্তর মেলে তাহলে বুঝতে হবে যে, খীলায় ককথাই টি তাঙজাকনাই খীলায়/সকর্মক ক্রিয়া।

২। তাঙজাকয়া খীলায় বা অকর্মক ক্রিয়া ঃ যে খীলায় বা ক্রিয়ার কর্ম থাকে না, যার দ্বারা কেবল অস্তিত্ব, ঘটনা বা অবস্থান বোঝায় তাকে বলে তাঙজাকয়া খীলায়/অকর্মক ক্রিয়া। (খীলায়' তমু তাঙজাকনাই কীরীইখে বন' হিনু তাঙজাকথা খীংলায় ! তাঙজাকনাই কীরীইখেন' তাঙজাকয়া খীলায় অীংগু।)

ফুনুকমারি ঃ

আঙ রীচাবু/আমি গাই। ব সীয়'/সে লিখে। আঙ হাবাঅ থাংগ/আমি কর্মক্ষেত্রে যাই।

এই তিনটি বাক্যে ক্রিয়াপদকে ভিত্তি করে কিছু প্রশ্ন করা যাক। প্রথম বাক্যে আঙ তাম' রীচাপ/আমি কি গাই? উত্তর কিছুই মেলে না। অর্থাৎ এ বাক্যের কোন তাঙজাকনাই/কর্ম নেই। এককথায় কর্মহীন ক্রিয়া। তাই বীচাব' এই ক্রিয়াপদটি তাঙজাকয়া খীলায়/অকর্মক ক্রিয়া।

আবার দ্বিতীয় ও তৃতীয় বাক্যেও তাই। এখানেও ক্রিয়াপদটিকে ভিত্তি করে তাম'/কি দিয়ে প্রশ্ন করলে কোন উত্তর পাওয়া যাবে না। সুতরাং এই দুটি বাক্যের ক্রিয়াপদটিও তাঙজাকয়া খীলায় বা অকর্মক ক্রিয়া। কারণ এগুলোতেও ক্রিয়া কর্মহীন অর্থাৎ কর্মের অনুপস্থিতি।

নোট ঃ খীলায়/ক্রিয়াপদটিকে তাম'/কি দিয়ে প্রশ্ন করলে এবং কোন উত্তর পাওয়া না গেলে তাঙজাকয়া খীলায় বা অকর্মক ক্রিয়া হয়।

তাঙজাকনীয় খীলায়/দ্বিকর্মক ক্রিয়া

যেখানে সকর্মক ক্রিয়ার বা তাঙজাকনাই খীলায় এর দুটি কর্ম থাকে, সেখানে তাঙজাকনীয় খীলায়/দ্বিকর্মক ক্রিয়া হয়। দু'টি সকর্মক ক্রিয়ার মধ্যে একটি প্রাণী বা ব্যক্তিবাচক এবং অপরটি অপ্রাণী বা বস্তুবাচক হয়। সুতরাং বলা যায়— যে সকর্মক ক্রিয়ার একটি প্রাণীবাচক বা ব্যক্তিবাচক এবং অপরটি বস্তুবাচক বা অপ্রাণীবাচক কর্ম থাকে, সেই ক্রিয়াকে বলা হয় দ্বিকর্মক ক্রিয়া।

(খীলায়' তমুং তাঙজাকনাই মুঙনীয় তঙখে বন' হীনু তাঙজাকনীয় খীলায়।)

ফুনুকমারি ঃ

বায় নন' কুক রমরিঅ/দিদি তোমাকে ফড়িং ধরতে দেয়। বীতা বন' মীখ্রা বীসা রিফায়'/তার ভাই তাকে বানর বাচ্চা এনে দেয়।

উপরের বাক্য দুটিতে খীলায় ককথাই বা ক্রিয়াপদ যথাক্রমে রমরিঅ এবং রিফায়'। এই ক্রিয়াপদগুলোকে তাম'/কি দিয়ে প্রশ্ন করলে প্রথম বাক্যে কুক/ফড়িং এবং দ্বিতীয় বাক্যে মীখ্রা বীসা/বানর বাচ্চা এই দুটি কর্মপদ পাওয়া যায়। এই দুটি কর্মপদের দুটিই প্রাণীবাচক। আবার সাব'ন' বা কাকে দিয়ে প্রশ্ন করলে পাওয়া যায় যথাক্রমে নন'/তোমাকে এবং বন'/তাকে। এখানেও দুটি তাঙজাকনাই ককথাই বা কর্মপদ পাওয়া যায়। এই দুটি কর্মই ব্যক্তিবাচক। মোট কথা— রমরিঅ ক্রিয়ার দুটি কর্মপদ। একটি কুক এবং অপরটি নন'। তদনুরূপ রিফায়' ক্রিয়াপদেরও দুটি কর্মপদ আছে— যথাক্রমে মীখ্রাবীসা এবং বন' অর্থাৎ বানর বাচ্চা এবং তাকে। সেজন্য এই দুটি ক্রিয়াই দ্বিকর্মক ক্রিয়া বা ককবরকে তাঙজাকনীয় খীলায়।

ককচালীয় বায় ককচালায় কীথাই ককচালীয়/দু'টি ধাতুর মিলনে ধাতু

ককবরকে দুটি ধাতু বা ককচালীয় এর মিলনে ককচালীয় বা ধাতুর সৃষ্টিও হয়। অর্থাৎ দুটি ধাতুর মিলনে নূতন ধাতু উৎপন্ন হয়।

ককচালীয় থাইনীয় কীথালায়াই খীলায় অীংগ।

চক + খাক = চখাক— খুনতি জাতীয় সরঞ্জাম দিয়ে মাটি খোদাই অর্থে। তক + খাক = তখাক — লাঠি বা রড় জাতীয় অস্ত্রের সাহায্যে আঘাত করা। বু + খাক = বুখাক— লাঠি জাতীয় দ্রব্যের সাহায্যে মারতে থাকা বা আঘাত করা। সুক + ফেরে = সুফেরে— তীক্ষ্ণ বল্লম বা ছুরি জাতীয় অস্ত্রের সাহায্যে ঘাই দেওয়া।

উপরের প্রত্যেকটি উদাহরণ দুটি ককচালীয় বা ধাতুর মিলনে উৎপন্ন। দুটি ধাতুর সমন্বয়েই এক্ষেত্রে আমরা নতুন ককচালীয় বা ধাতু পাচ্ছি।

খরক/পুরুষ

বাক্যে অবস্থিত মুঙ/বিশেষ্য ও মুঙসীলাই/সর্বনাম পদগুলোকে পৃথকভাবে চিনিয়ে দেবার জন্য যে ককথাই/পদের ব্যবহার করি সেটাই খরক/পুরুষ। এই খরক/পুরুষ তিন ভাগে বিভক্ত। যথা ঃ

১) সানাইখরক/উত্তম পুরুষ
২) সাজাকনাই খরক/মধ্যম পুরুষ
৩) কুবুনি খরক/প্রথম পুরুষ বা নাম পুরুষ

১) সানাই খরক/উত্তম পুরুষ

১) বাক্যে যিনি কথা বলেন তিনিই উত্তম পুরুষ। কথা বলার সময় যিনি বা যারা নিজের নামের পরিবর্তে যে মুঙসীলাই ককথাই/সর্বনাম পদ ব্যবহার করেন তাকেই উত্তম পুরুষ/সানাই খরক হিসাবে ধরে নেওয়া হয়।

(বাইথাঙ কক সানাইন হীনু সানাই খরক।)

ফুনুকমারি/উদাহরণ ঃ

আঙ = আমি, চীঙ = আমরা
আনি = আমার, চিনি = আমাদের
আন' = আমাকে, চীঙন = আমাদিগকে

ককবরক এ সামাজিক সম্পর্ক নির্ধারণের ক্ষেত্রে কতকগুলো নিয়মকানুন বা পদ্ধতি আছে। এই পদ্ধতি বা বৈশিষ্ট্যগুলো জানা থাকা একান্ত দরকার। তা হলো সানাই খরক/উত্তম পুরুষের 'আনি' ককথাই দ্বারা সম্পর্ক নির্ধারণের সময় 'আঙ' 'আ' অংশটি সম্পর্কবাচক পদের প্রথমে ব্যবহৃত হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

আনি বায়ুঙ (আমার ভাগ্নে) = আঙ বায়ুঙ
আনি হিক (আমার স্ত্রী) = আঙহিক/আঁহিক
আনি বাচাই (আমার বৌদি) = বাচাই/আঙবাচাই
আনি সায় (আমার স্বামী) = আঙসায়
আনি মা (আমার মা) = আমা

আনি ফা (আমার বাবা) = আফা
আনি বায় (আমার দিদি) = আবি/বায়
আনি তয় (আমার মাসী) = আতয়
আনি চু (আমার পিতামহ) = আচু
আনি চাঁই (আমার পিতামহী) = আচাঁই

২) সাজাকনাই খরক/মধ্যম পুরুষ

একটি ককবরক বাক্যে যাকে কিছু বলা হয় তাই মধ্যম পুরুষ/সাজাকনাই খরক। অর্থাৎ শ্রোতার নামের পরিবর্তে যে মুঙসৌলাই/সর্বনাম পদ ব্যবহৃত হয় তাকেই সাজাকনাই খরক/মধ্যম পুরুষ বলে।
(খীনানাইনি মুঙন স্লায়ীই আচুকনাই মুঙস্লাইন সাজাকনাই খরক হিনু।)

ফুনুকমারি/উদাহরণঃ

নীঙ = তুমি　　নরগ = তোমরা
নিনি = তোমার　　নরগনি = তোমাদের
নন' = তোমাকে　　নরগন'= তোমাদিগকে ইত্যাদি।

নোট ঃ ককবরকে তুমি অথবা আপনি এ দুটো পদের জন্য কোন আলাদা পদ ব্যবহৃত হয় না। নীঙ বললেই তুমি অথবা আপনি উভয়কে বোঝানো হয়। অর্থাৎ মধ্যম পুরুষের একটি পদের মাধ্যমেই এই দুটো পদের অর্থ প্রকাশ পায়।
সাজাকনাই খরক/মধ্যম পুরুষে 'নিনি' ককথাই দ্বারা সামাজিক সম্বন্ধ প্রকাশ করার সময় সম্বন্ধবাচক পদের আগে ন, না, নু, নী ইত্যাদি বসে ও সামাজিক সম্পর্কসূচক অর্থ প্রকাশ করে।

ফুনুকমারি/উদাহরণঃ

নিনি মা (তোমার মা) = নীমা
নি নি উায় (তোমার ছোট বোনের জামাই/স্ত্রীর বড় ভাই) = নুউায়
নিনি হামজীক (তোমার পুত্রবধূ) = নাহামজীক
নিনি হানক (তোমর ছোট বোন) = নাহানক
নিনি তা (তোমার দাদা) = নীতা

নিনি ফা (তোমার বাবা) = নীফা

নিনি তয় (তোমার মাসীমা) = নতয়

নিনি তয়জীক (তোমার মাসিমা) = নতয়জীক

নিনি কুমুয় (তোমার জামাইবাবু) = নুকুমুয়

৩। কুবুনি খরক/প্রথম পুরুষ বা নাম পুরুষ

যার বা যাদের সম্পর্কে বলা হয় এরকম তৃতীয় ব্যক্তি/ব্যক্তিবর্গ বা বস্তুর নামের পরিবর্তে যে সর্বনাম পদ ব্যবহৃত হয় তাকে কুবুনি খরক/প্রথম পুরুষ বলা হয়।

(কক সালায়থানি কুবুনি বরক এবা বরকরগন' তীয়াই সাজাকখে আব'ন' হীনু কুবুনি খরক। কক ঔংখা সানাই খরক বায় সাজাকনাই খরকন' কারীই কুবুনি তঙমারগ জত'ন, কুবুনি খরক।)

ফুনুকমারি/উদাহরণঃ

ব = সে

বনি/বিনি = তাহার

বন' = তাহাকে

বরগ = তাহারা

বরগনি = তাহাদের

বরগন' = তাহাদিগকে

নোটঃ কুবুনি খরক/প্রথম পুরুষের ধ্বনি বা বিনি ককথাই দ্বারা সামাজিক সম্পর্ক নির্ধারণের সময় সম্বন্ধবাচক পদের আগে বা, ব, বু, বী ইত্যাদি অংশগুলো যুক্ত হয় এবং সম্বন্ধবাচক পদ গঠন করে।

ফুনুকমারি/উদাহরণঃ

বিনি মা = বুমা = তাহার মা

বিনি ফা = বুফা = তাহার বাবা

বিনি তয় = বতয় = তাহার মাসিমা

বিনি তয়জীক = বতয়জীক = তাহার মাসিমা

বিনি হানক = বাহানক = তাহার বোন

বিনি হামজীক = বাহামজীক = তাহার পুত্রবধূ

বিনি সা = বীসা = তাহার সন্তান

বিনি সাজীক = বীসাজীক = তাহার কন্যা

বিনি সাচীলা = বীসাজীলা = তাহার পুত্র ইত্যাদি।

খরাঙমানজু/সন্ধি

সন্ধি বা খরাঙমানজু শব্দের অর্থ হলো মিলন। কয়েকটি শব্দের মিলনে গঠিত সুসংবদ্ধ পদসমষ্টি বাক্যের সাহায্যে আমরা মনের ভাব প্রকাশ করি। কখনো ধীরে এবং কখনো দ্রুতভাবে উচ্চারণ করে আমরা মনের ভাব প্রকাশ করে থাকি। দ্রুত উচ্চারণ করে কথা বলার সময় পাশাপাশি অবস্থিত দুটি পদের সন্নিহিত ধ্বনি সমূহের মিলন ঘটে। ধ্বনিগতভাবে দুটি বর্ণের বা শব্দের এই মিলনের নামই খরাঙ মানজু বা সন্ধি নামে পরিচিত। তাতে প্রথম পদের শেষ ধ্বনি বা বর্ণ এবং পরবর্তী পদের প্রথম ধ্বনি বা বর্ণের মিলন ঘটে। তাই বলতে হয়— পরস্পর সন্নিহিত দুটি ধ্বনি বা বর্ণের মিলনকে খরাঙমানজু বা সন্ধি বলে।

(সামলায় সামলায় তঙলায়জাক ককথাই থাইনীয়নি সীকাঙনি ককথাইনি পাইথাক খরাঙ বায় উলনি ককথাইনি বীসকাঙগ আচুকজাক খরাঙ কীথাউই সীয়থাই জুদা অীংখে এবা আচুকখে আব'ন' হীনু খরাঙ মানজু।

সুতরাং আমরা সংক্ষেপে বলতে পারি— ক) সন্ধিতে প্রথম পদের শেষ ধ্বনি বা বর্ণ ও পরবর্তী পদের প্রথম ধ্বনির অথবা এর প্রতীক বর্ণের মিলন ঘটে। খ) সন্ধিতে ধ্বনিগত মিলন ঘটলেও পদগুলোর অর্থ অবিকৃত থাকে। গ) সন্ধিতে পদসমূহের ক্রমের কোনরূপ বিপর্যয় ঘটেনা। ঘ) ককবরকে পাশাপাশি অবস্থিত পদগুলোর পরস্পর সন্নিহিত ধ্বনিসমূহেরই মিলন ঘটে। তাই সন্ধিতে ধ্বনিগত মিলন হয়।

সংস্কৃত বা বাংলার ন্যায় ককবরক সন্ধিতে খুব বেশী বৈচিত্র্য নেই। এ পর্যন্ত মাত্র কয়েকটি বৈশিষ্ট্য আমাদের নজরে এসেছে। সেগুলো নিয়েই এখানে রাখছি। তবে অন্যান্য ভাষার ন্যায় সন্ধির ক্ষেত্রে ককবরকেরও কতকগুলো স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য বা নিজস্বতা রয়েছে এ কথা মনে রাখতে হবে।

এ পর্যন্ত ককবরকে ছয়ভাবে সন্ধি নিষ্পন্ন হতে দেখা যায়।

ক) পদের শেষ বর্ণ 'ক' হলে এবং পরবর্তী 'অ' ঐ শেষ ধ্বনি বা বর্ণের সঙ্গে যুক্ত হলে পূর্ববর্তী 'ক' লোপ পায় ও ঐ 'ক' স্থানে একটি 'গ' এর আগমন ঘটে। এককথায় 'ক' বর্ণটি 'গ'-এ পরিণত হয়।

ফুনুকমারিঃ

অক + অ = অগ'
ককবরক + অ = ককবরগ'
নক + অ = নগ'
হাচীক + অ = হাচীগ'
উাহানক + অ = উাহানগ'
মীরীক + অ = মীরীগ'

তক + অ = তগ'
রাঙচাক + অ = রাঙচাগ'
মরক + অ = মর'গ'
কুচুক + অ = কুচুগ'
নায়ৎক + অ = নায়ৎগ'
পাইথাক + অ = পাইথাগ'
বুচুক + অ = বুচুগ'
রুতুক + অ = রুতুগ' ইত্যাদি

(ককথাই পাইথাগ' 'ক' তঙখে তেই আ 'ক' নি উলদ্রব' 'অ' থেপাখে 'ক' সীয়থাই 'গ' অীংগীই থাংগ।)

খ। কোনও ককথাই বা পদের শেষ বর্ণ 'প' হলে এবং ঐ 'প' এর সঙ্গে 'অ' যুক্ত হলে পূর্ববর্তী পদের 'প' লোপ পেয়ে ঐ স্থানে 'ব' এর আগমন ঘটে।

ফুনুকমারিঃ

খাকীলাপ + অ = খাকীলাব'
বীকাপ + অ = বীকাব'
বীথাপ + অ = বীথাব'
মখ'লপ + অ = মখলব'
ককলপ + অ = ককলব'
বীচাপ + অ = বীচাব'
য়াচাপ + অ = য়াচাব'
খচাক + অ = খচাগ'
চীকাপ + অ = চীকাব'

(ককথাইনি পাইথাগ' 'প' তঙপে, আ 'প' নি উলদ্রব' 'অ' আচুকখে 'প' সীয়থায়' 'ব' আচুকনাই)।

গ) পদের শেষে 'ং' বা 'ঙ' থাকলে এবং এর শেষে 'অ' যুক্ত হলে 'ং' বা 'ঙ' এর পর একটি 'গ' এর আগম ঘটে।

ফুনুকমারিঃ

কীচীং + অ = কীচীংগ
কুপুলুঙ + অ = কুপুলুঙগ
কীবাং + অ = কীবাংগ
কেরাঙ + অ = কেরাঙগ
কুতুং + অ = কুতুংগ
কবঙ + অ = কবঙগ
ককতাং + অ = ককতাংগ
খেরাঙ + অ = খেরাঙগ

(ককথাইনি পাইথাগ' 'ং' এবা 'ঙ' তঙখে তেই আব'নি উলদ্রব 'অ' আচুকখে 'ং' এবা 'ঙ'-নি উলদ্রব' 'গ' নুকজাগ'।)

(ঘ) দুটি পদের মিলনের সময় পরবর্তী পদের প্রথম অংশে 'চী' থাকলে সন্ধির পর 'চী' অংশটি লোপ পায়। 'চী' স্থানে 'জী' এর আগম ঘটে।

ফুনুকমারি ঃ

সা + চীলা = সাজীলা,

সাঁই + চীলা = সাঁইজীলা

তক + চীলা = তকজীলা,

বীসা + চীলা = বীসাজীলা

পুন + চীলা = পুনজীলা,

কীচাক + চীলা = কীচাকজীলা

মীসীয় + চীলা = মীসায়জীলা

ব্যতিক্রম ঃ সাঁই + চীলা = সাঁইলা, পুন + চীলা = পুনজুউা, য়ঙ + চীলা = য়ঙচীলা, তক + চীলা = তকলা, বীসা + চীলা = বীসলা ইত্যাদি)

(ককথাই বায় ককথাই কীথাউই ককথাই কীতাল আংফুরু উলনি ককথায়' পুইলা 'চী' তঙখে উলনি ককথাইনি 'চী' কীমাউই থাংগীই 'চী' নি আচুকথায়' 'জী' আচুকনাই।)

ঙ) কতকগুলো প্রত্যয় নিষ্পন্ন ককবরক সন্ধির উদাহরণ ঃ

পুন + জীক = পুনজীক   তক + জীক = তকজীক   থুরুক + জীক = থুরুকজীক

পুন + বুমা = পুমা

তক + বুমা = তকমা

হানক + জীক = হানকজীক

মুগলি + জীক = মুগলিজীক

বীসা + জীক = বীসাজীক

চ) অন্য নিয়মে নিষ্পন্ন সন্ধিসমূহ

উাক + নক = উাহানক, নক + হানক = নহানক, পুন + বীসা = পুনসা, মীখ্রা + বীসা = মীখ্রাসা, আমিঙ + বীসা = আমিংসা, থুরুক + বীসা = থুরুকসা, তিপ্রা + বীসা = তিপ্রাসা, উানজীয় + বীসা = উানজীয়সা/উানসা, তক + বীসা = তকসা, মুসুক + বীসা = মুসুকসা।

উাখীলাই/উাসা প্রত্যয়/উপসর্গ

প্রয়োজনে আমরা প্রতি মুহূর্তেই নূতন নূতন শব্দ সৃষ্টি করতে পারি বা করে থাকি। কথায় কথায় স্বতঃস্ফূর্ত ভাবেই জ্ঞাত-অজ্ঞাতসারে আমাদের মুখ থেকে এরকম অজস্র শব্দ বেরিয়ে আসে। ককবরকে ধাতু, বিশেষণ, পদ, সর্বনাম ও বিশেষ্য পদকে ভিত্তি করে নূতন শব্দ সৃষ্টির কাজ এভাবেই চলতে থাকে।

ধাতু ও নামপদের অন্তে ধ্বনি বা ধ্বনিগুচ্ছ যুক্ত হয়ে যেমন নূতন শব্দের সৃষ্টি হয়, তেমনি এগুলোর পূর্বে বা আগেও এই ধ্বনি বা ধ্বনিগুলো যুক্ত হয়ে নূতন নূতন অর্থের শব্দ গঠনে সাহায্য করে। এই ধ্বনি বা ধ্বনি গুচ্ছগুলো এভাবে নূতন অর্থের শব্দরাজি সৃষ্টি করে ককবরকের

শব্দ প্রাচুর্য বৃদ্ধি করে। যে কোন ভাষা জীবন্ত ভাষারূপে নিজেকে প্রকাশ করার জন্য এরূপ শব্দ প্রাচুর্যের উপর নির্ভর করে। এটিই তার অন্যতম প্রাথমিক পর্ব।

উাখীলাই/প্রত্যয়

যে ধ্বনি বা ধ্বনিগুলো নামপদ ও ধাতুর পরে যুক্ত হয়ে নূতন শব্দ সৃষ্টিতে সহায়তা করে এদেরকে বলা হয় উাখ্লাই বা প্রত্যয়।
(সীয়থাইরগ তমুং বুমুঙ ককথাই এবা ককচীলীয়রগনি উলদ্রব' আচুগীই ককথাই-কীতাল সীনামফিখে বন' উাখীলাই হিনু।)
উদাহরণ ঃ
ধাতু-উত্তর উাখীলাই যোগে শব্দ গঠন—
নায় ধাতু = নায়মুঙ (নায় + মুঙ), নায়জাক (নায় + জাক), নায়নাই (নায় + নাই)।
বিশেষণ স্থানীয় ধাতুর সঙ্গে উাখীলাই যোগে শব্দ গঠন।
বেল ধাতু = বেল + জাক = বেলজাক, বেল + মুঙ = বেলমুঙ, বেল + নাই = বেলনাই।
বিশেষ্য উত্তর উাখীলাই যোগে শব্দ গঠন—
রাঙ + গীনাঙ = রাঙগীনাঙ, বীসা + গীনাঙ = সাগীনাঙ, বীসাক + গীনাঙগীই = সাক গীনাঙগীই, বুফাঙ + বাংমিসিঙ = বুফাঙ বাংমিসিং, নক + মারিউই = নকমারিই, তীয় + পম পম = তীয়পমম, তীয় + চিরিচিরি = তীয়চিরিচিরি ইত্যাদি। উপরোক্ত উদাহরণগুলোতে বিশেষ্যের ডত্তর উাখীলাই যুক্ত হয়ে নূতন শব্দ সৃষ্টি করেছে।
উাখীলাই বা প্রত্যয় ককবরক ব্যাকরণে দুই ভাগে বিভক্ত।
১) খীলায় উাখীলাই/কৃৎ প্রত্যয় ২) ককথাই উাখীলাই/তদ্ধিত প্রত্যয়।

১। খীলায় উাখীলাই/কৃৎ প্রত্যয়

যে সকল উাখীলাই/প্রত্যয় ধাতু-উত্তর যুক্ত হয়ে নূতন শব্দ সৃষ্টিতে সাহায্য করে তাদেরকে বলা হয় খীলায় উাখীলাই/কৃৎপ্রত্যয়।
(ককচীলীয়নি উল' আচুগীই ককথাই কীতাল সীনামখে আ উাখীলাইন খীলায় উাখীলাই হিনু।)
ফুনুকমারি ঃ নাই + খীনা = নায়খীনা, চা + পেক পেক = চা-পেপেক, নায় + চম = নায়চম, থাং + আই = থাংগীই, থাং + খে = থাংখে, তাম + কীরীঙ = তামকীরীঙ, ফায়

+ খামুন = ফায়খামুন, ফায়য়া + গীজা = ফায়য়া গীজা, চা + গীলাক = চাগীলাক, হিম + গ্রা = হিমগ্রা, ফায় + জাবা = ফায়জাবা ইত্যাদি।

ধাতুর উত্তর যুক্ত হয়ে এই খীলায় উাখীলাইগুলো নূতন নূতন অর্থের শব্দ সৃষ্টি করেছে।

২। ককথাই উাখীলাই/তদ্ধিত প্রত্যয়

নামপদের উত্তর যুক্ত হয়ে যে সমস্ত প্রত্যয় বিভিন্ন অর্থযুক্ত শব্দ গঠনে সাহায্য করে তাদেরকে বলা হয় ককথাই উাখীলাই বা তদ্ধিত প্রত্যয়।

(বুমুঙ ককথাইনি উলদ্রব' আচুগীই ককমাঙগাঙ ককথাইরগ সীনামখে বন' হীনু ককথাই-উাখীলাই।)

ফুনুকমারি ঃ

বিশেষ্য-উত্তর ককথাই উাখীলাই যোগে—

রাঙ + গীনাঙ = রাঙগীনাঙ, রি + গীনাঙ = রি-গীনাঙ, বলঙ + গীনাঙগীই = বলঙ গীনাঙগীই, খরক + বাংমিসিঙ = খরক বাংমিসিঙ, হাপিঙ + মারিই = হাপিঙমারিই, রাম + তাই = রামতাই ইত্যাদি।

গরন ককথাই এর শেষে উাখীলাই যোগে—

কিসি + ব্রু ব্রু = সিব্রুব্রু, কিসি + বুবুক = সিবুবুক, রুমু + দ্রু দ্রু = রুমদ্রুদ্রু, করম' + লালা = করম'লালা। কাচাক + বর' = চাকরর', কসম/সম + চুমু চুম = সমচুমু চুমু ইত্যাদি

মুঙসীলাই বা সর্বনামপদ উত্তর উাখীলাই যোগে—

নাঙ + তাই = নাংতাই। ব + ন = বন', আন' +ব = আনব', মায় + সিমি = মায় সিমি, বরগ + সি = বরগ সি, বালাব + বাসাক = লাববাসাক ইত্যাদি।

উাসা/উপসর্গ

উপসর্গ বা উাসা ভাষার একটি বিশেষ দিক। রবীন্দ্রনাথের ভাষায়— "উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে, নতুন শব্দ তৈরী করবার বেলায় তাদের নইলে চলে না।" উপসর্গ হল এমন কিছু বর্ণ বা বর্ণগুচ্ছ যা ধাতু বা শব্দের পূর্বে বসে নানা অর্থে নূতন নূতন অর্থপূর্ণ শব্দ গঠনে সাহায্য করে। এগুলো ধাতু বা শব্দের অর্থ পরিবর্তন ঘটায়, পুষ্টি বা বৈশিষ্ট্য সম্পাদন করে।

ককবরকে এই বর্ণ বা বর্ণগুচ্ছগুলোই উাসা নামে অভিহিত। উাসাগুলো স্বয়ং কোন বিশেষ অর্থ প্রকাশ করে না। অর্থাৎ ডাসা বা উপসর্গগুলোর অর্থ প্রকাশের ক্ষমতা নেই, তবে অর্থের

ব্যঞ্জনা প্রকাশের ক্ষমতা আছে। খীলাই উাংীলাই এবং ককথাই উাংীলাই ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে যেমন নূতন নূতন ককবরক শব্দ সৃষ্টি করে, উপসর্গ বা উাসাগুলোও তেমনি ধাতু, বিশেষ্য পদ, সর্বনাম পদ, বিশেষণ পদ ইত্যাদির পূর্বে বসে এবং তাতে নূতন নূতন ককবরক শব্দ সৃষ্টি হয়।

তাহলে এবার আমরা বলব— যে সমস্ত বর্ণ বা বর্ণগুচ্ছ ধাতু এবং বিশেষ্য, সর্বনাম ও বিশেষণ পদের পূর্বে বসে বা যুক্ত হয়ে নূতন শব্দ সৃষ্টিতে সাহায্য করে এদেরকে বলা হয় উাসা বা উপসর্গ।

(সীয়থাইরগ তমুং ককচৌলীয় তেই মুঙ, মুঙসীলাই, গরণ অবতাই ককথাইরগনি বীসকাঙগ আচুগাই ককথাই কীতাল সীনামখে বন' উাসা হীন'।)

১) ধাতুর পূর্বে উপসর্গ বা উাসা যোগে নূতন শব্দ গঠন ঃ

মীথাঙ— ম + থাঙ, মুথু = ম + থু, কীথাঙ— ক + থাঙ (এই শব্দগুলোর ককচৌলীয় বা ধাতু হচ্ছে থাঙ। এই থাঙ এর সঙ্গে ম, ম, ক ইত্যাদি উপসর্গ বা উাসা যুক্ত হয়ে শব্দে অর্থবৈচিত্র্য সৃষ্টি করেছে।)

২) বিশেষণ স্থানীয় ধাতুর পূর্বে উাসা/উপসর্গ যোগে নূতন শব্দ গঠন ঃ

কতর = ক + তর, কুউার = ক + উার, কেফেক = ক + ফেক, কেবেল = ক + বেল, কাহাম = ক + হাম, কীবাই = ক + বাই, কীফাক = ক + ফাক।

অর্থ সংকেত = কতর = বড়, কাহাম = ভাল, কুউার = বিস্তৃত, কেবেল = দুর্বল, কীবাই = ভাঙ্গা, কীফাক = কষায়, কেফেক = মাতাল ইত্যাদি।

৩) মুঙসীলাই বা সর্বনামের মূল অংশের পূর্বে উপসর্গ যোগে নূতন শব্দ গঠন ঃ

আর' = আ + র, ইর' = ই + র, অর' = অ + র, অব' = অ + ব, আব' = আ + ব, উব' = উ + ব, উক' = উ + ক।

অর্থ ঃ অর' = এখানে, ইর'— এখানে, আর' = সেখানে, অব'— এটা, আব' — সেটা, উব' = ওটা, উক' = এই তো ইত্যাদি।

৪) মুঙ বা বিশেষ্য পদের ক্ষেত্রে উাসা/উপসর্গ যোগে নূতন শব্দ গঠন ঃ

আচাই = আ + চাই, আফা = আ + ফা, আচু = আ + চু ইত্যাদি।

"বিভিন্ন প্রকার খীলায় উাখ্লাই"

বিভিন্ন কৃৎ প্রত্যয়

১) ঔই প্রত্যয় = অসমাপিকা ক্রিয়া বুঝাতে ধাতুর উত্তর ঔই প্রত্যয় যুক্ত হয়। যেমন ঃ থাং + ঔই = থাংগৌই (যাইয়া, গিয়ে), থৌয় + ঔই = থৌয়ৌই (মরিয়া/মরে) ইত্যাদি। তেমনি ঃ নায়ৌই, চাউই, সাউই, নাসিগৌই, সৌয়ৌই, ফায়ৌই, থাঙগৌই, বুউই, রৌচাবৌই, মুসুয়ৌই, মৌসাউই ইত্যাদি।

আবার ঘটমান বর্তমান, ঘটমান অতীত এবং ঘটমান ভবিষ্যৎকালের বাক্য গঠনের ক্ষেত্রেও এই ধ্বনি ব্যবহৃত হয়। এটা ক্রিয়ার কাল বা Tense-এব ক্ষেত্রে আলোকিত হয়েছে। তাই এখানে আলোচনা নিষ্প্রয়োজন।

ঔই প্রত্যয়ের প্রয়োগ = আঙ মৌসাউই তঙগানী

= আমি নাচতে থাকব।

আঙ কাবৌই তঙগানী = আমি কাঁদতে থাকব ইত্যাদি।

২) খাই/খে প্রত্যয় = খে ধ্বনিটি খাই ধ্বনিরই সংক্ষিপ্ত রূপ। অসমাপিকা ক্রিয়ার ক্ষেত্রে এই প্রত্যয়টি ধাতুর উত্তর ব্যবহৃত হয়। আবার বিশেষণ স্থানীয় ধাতু অন্তেও যুক্ত হয়ে বাক্যে ব্যবহৃত হতে পারে। যেমন ঃ থাং + খে = থাংখে (গেলে), তঙ + খে = তঙখে (থাকলে) ইত্যাদি। তেমনি— তঙখে, চাখে, নায়খে নাখে, তৌলাংখে, বিরখে, হিমখে, মতমখে, চাকখে, খৌয়খে, তরখে ইত্যাদি।

বাক্য প্রয়োগ = নৌঙ চাখে আঙব চানাই = তুমি খেলে আমিও খাব। মতমখে খুনজুঅ কাননাই = ঘ্রাণ থাকলে কানে গুজব।

৩) কৌরৌঙ প্রত্যয় = নিপুণ অর্থে ধাতুর উত্তর কৌরৌঙ প্রত্যয় যুক্ত হয়। যেমন ঃ তাম + কৌরৌঙ = তামকৌরৌঙ (বাংলা অর্থে বাজিয়ে) মৌসা + কৌরৌঙ = মৌসাকৌরৌঙ (নাচিয়ে) ইত্যাদি।

তেমনি— ককসাকৌরৌঙ, সৌয়কৌরৌঙ, সামুঙকৌরৌঙ, খাতিকৌরৌঙ, খৌলায়কৌরৌঙ, চেকায়কৌরৌঙ, সুককৌরৌঙ, থুকৌরৌঙ, রমকৌরৌঙ ইত্যাদি।

৪) খামুন প্রত্যয় = অতীতে সংঘটিত কোন ক্রিয়ার সম্ভাব্যতা বা অসম্ভাব্যতা বুঝালে ধাতু বা ক্রিয়াপদ অন্তে 'খামুন' প্রত্যয় যুক্ত হয়। যেমনে থাং + খামুন = থাংখামুন (নিশ্চয় যেতাম) রি + খামুন = রিখামুন (দিতাম) ইত্যাদি। তেমনি— নায়খামুন, খি'খামুন, সৌতৌয়খামুন, সৌয়খামুন, নৌঙখামুন, বুখামুন, লামখামুন, ব'খামুন ইত্যাদি।

৫) খৌনা/খুনা প্রত্যয় = এই প্রত্যয় দুটি একই ধ্বনির এপিঠ ওপিঠ। ক্রিয়ার কাজের সম্ভাব্যতা এবং অসম্ভাবত্যতা বুঝানোর ক্ষেত্রে এই দুটি ধ্বনি ব্যবহৃত হয়। সম্ভাবত্যতার ক্ষেত্রে ধাতু বা

ক্রিয়াপদের শেষে খীনা এবং অসম্ভাবত্যতার ক্ষেত্রে খুনা বসে।

(খ) ফেনারায়, আঙ নন' কয়জাঅ, নীঙ আনি কক খীনজাবাদি = ফেনারায়, আমি তোমাকে অনুরোধ করি, তুমি অনুগ্রহপূর্বক আমার কথা শোন।

৩। কোলন/দৃষ্টান্ত চিহ্ন [ঃ]

যে কোন বিষয়ে উদাহরণ দেওয়ার সময় এই চিহ্ন ব্যবহৃত হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

ক) তলানি ককথাইরগনি কীচার' বু আইখর ঔংনাই সাদি ঃ বু-গ্রা, সী-কং, বি-ব (বুবাগ্রা, সীয়কং, বিজাব) = নিচের শব্দগুলোর মাঝে কি অক্ষর বসবে বলো ঃ

খ) রমদি ঃ আঙ থীয়াইন থাংখা।

= ধরুন ঃ আমি মরেই গিয়েছি।

গ) আব'রগ ঔংখা ঃ মুসুক, মিসিপ, করায়

= এগুলো হলো ঃ গরু, মহিষ, ঘোড়া

৪। ড্যাস/রেখা চিহ্ন [-]

কোনও বিষয়ে দৃষ্টান্ত দেওয়ার পূর্বে, পূর্বতন বক্তব্য বিষয়টি স্পষ্ট করে দেওয়ার প্রয়োজনে

অন্য একটি বাক্যাংশ প্রয়োগের আগে অথবা কোনও বিষয়ে কথা বলার সময় অন্য প্রসঙ্গ শুরু করার পূর্বে ড্যাস/রেখা চিহ্ন ব্যবহার করা হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

ক) চন্দ্রাই সাখা— আন' হাময়া তা হিনদি = চন্দ্রাই বলল— আমাকে মন্দ বলো না।

খ) নুখুঙগ তঙগ— হিক-সায়, সা-তাই, মানীয়-খীনীয় তেই কাহাম হাময়া।

= সংসারে আছে— স্বামী-স্ত্রী, সন্তান-সন্ততি, জিনিসপত্র এবং ভালো-মন্দ।

৫। কোলন ড্যাস [ঃ-] /রেখাচিহ্ন

কোন কোন ক্ষেত্রে উদাহরণ দেওয়ার সময় এই রেখাচিহ্নও বসানো হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

ক) চুউান খিলথানি নাঙমা মানীয়রগ অীংখা ঃ

চুউানলাই, চুউানথাই, মাইরুম, থাইপুঙ বালাই আকরগ = মদের বড়ি তৈরীর প্রয়োজনীয় উপাদানগুলো হলা ঃ বড়ি পাতা, রস, চাউল, কাঁঠাল গাছের পাতা ইত্যাদি।

৬। সীংমুঙমারি/জিজ্ঞাসা-চিহ্ন (?)

প্রশ্নসূচক বাক্যের শেষে থাকমারি/দাড়ি'র পরিবর্তে সীংমুঙমারি বা জিজ্ঞাসা-চিহ্ন ব্যবহৃত হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

ক) নিনি মুঙ তাম'? = তোমার নাম কি?

খ) দিবরনি মায় দে চাখা? = দুপুরের খাওয়া হয়েছে কি?

৭। মীলাঙ চামুঙ মারি/বিস্ময়াদিসূচক চিহ্ন [!]

বিস্ময়, আনন্দ, ঘৃণা ইত্যাদি ভাব প্রকাশ পেলে অথবা কাউকে সম্বোধন করে কিছু বলা হলে এই চিহ্নটি প্রয়োগ করতে হয়। মোট কথা— বিস্ময়সূচক বাক্যে এবং সম্বোধন অর্থে মীলাঙচামুঙমারি/বিস্ময়সূচক চিহ্ন ব্যবহৃত হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

অীং! ব আসীক দে অীংখা = উঃ! সে কি হয়ে গেল। বাঃ! সাল হাপমানি নায়থকসুক তঙখা = বাঃ! ডুবন্ত সূর্য দারুণ সুন্দর দেখাচ্ছে।

৮) খুরচামারি/উদ্ধরণ-চিহ্ন [" " বা ' ']

কারো কোন উক্তি অবিকলভাবে প্রকাশের জন্য কিংবা কোন উদ্ধৃতি প্রকাশ করতে হলে খুরচামাবি/উদ্ধরণ চিহ্ন ব্যবহৃত হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

ব সাখা, "আঙ তাকৌলাই পাস খৌলায়নাই।"
= সে বলেছে, "এবার আমি পাস করবই।"

৯) হাইফেন/পদসংযোজক চিহ্ন [-]

কোনও পদের বা শব্দের সম্পূর্ণ অংশ বসাবার স্থান সংকুলান না হলে, সমাসবদ্ধ পদ লিখার সময় অথবা পদের শ্রুতিমাধুর্য আনার প্রশ্নে পরস্পর সন্নিহিত দু'টি পদকে এই হাইফেন বা পদ সংযোজক চিহ্নের দ্বারা যুক্ত করা হয়। মোট কথা দুটি সম্পর্ক যুক্ত পদের মাঝখানে Hyphen/পদসংযোজক চিহ্ন ব্যবহৃত হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

ক) কাহাম-হাময়া = ভাল-মন্দ
খ) মায়-তীয় = ভাত-কাপড়
গ) নীঙ-আঙ = তুমি-আমি
ঘ) তাখুক বুখুক = ভাই-বোন

১০) ব্রেকেট (Breket) [[{()}]]

বাক্য অথবা শব্দের অর্থ অথবা একটি বাক্যের বিস্তৃত ব্যাখ্যা নির্দেশের জন্য Breket ব্যবহৃত হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

ভারত'ন' পুইলা মায় কাইনা চেঙখা।
(মিঃ বরডলই হিস্ট্রি অফ আসাম, পার্ট II, পাতা-৩)
= ভারতেই প্রথম ধান বীজ রোপণ শুরু হয়।
(মিঃ বরদলই, হিস্ট্রি অফ্ আসাম পার্ট II তিনের পাতায়)
কিংবা সরল অঙ্কের ক্ষেত্রে তিনটি ব্রেকেটের ব্যবহার করা হয়।
যেমন ঃ $[2+3\{6-2\} \times (4+1) - 7 \div 3]$
$8+[4-\{2+(2-1)\}]$

১১) আথুকিরিমারি/তারা-চিহ্ন [*]

বৈশিষ্ট্যপূর্ণ বাক্য অথবা শব্দগুলোকে আলাদা করে দেখানোর জন্য আথুকিরিমারি ব্যবহার করা হয়।

ফুনুকমারি/উদাহরণ ঃ

গুমতি তীয়মাত কুমীর কাঅ। = গোমতীর জলে কুমীর দেখা যায় * কুমীর = crocodile।

তাঙহালক/কারক

একটি বাক্যে কর্তাসহ আরও অনেকগুলো পদ থাকে। এই ককথাই বা পদগুলোর মধ্যে প্রধান হচ্ছে কর্তা/তাঙফাঙ এবং সমাপিকা ক্রিয়া বা মাথাকনাই খীলায়। এ দুটি পদের মধ্যে একটি প্রত্যক্ষ সম্পর্ক বিদ্যমান এবং এক্ষেত্রে তাঙফাঙ বা কর্তার দ্বারা খীলায় ককথাই বা ক্রিয়া পদ নিয়ন্ত্রিত হয়। বাক্যে খীলায় ককথাই বা ক্রিয়াপদের সঙ্গে অন্যান্য পদগুলোরও একটি সম্বন্ধ থাকে। এই সম্বন্ধগুলোকেই কারক সম্বন্ধ বলা হয়। সুতরাং বাক্যে ক্রিয়াপদের গুরুত্ব অপরিসীম। এককথায় একে বাক্যের প্রাণ বলে ধরে নিতে পারি। কোন কোন বাক্যে এটা উহ্যও থাকতে পারে। তবু বাক্যে এর উপস্থিতি একান্ত কাম্য। অনেক সময় দেখা যায় যে, একটি বাক্যে এমন কিছু পদ থাকে যার সঙ্গে ক্রিয়াপদের সম্বন্ধ থাকে না। এদের কারক পরিচয়ও নেই। একটি বাক্যে অন্তর্ভুক্ত বিশেষ্য, বিশেষণ বা সর্বনাম পদকে নামপদ/মুঙরীক ককথাই বলা হয়। এই মুঙরীক ককথাই বা নামপদগুলোর সঙ্গে বাক্যস্থিত খীলায় ককথাই বা ক্রিয়াপদগুলো কারক সম্পর্কে সম্পর্কিত। তাই বলতে পারি— বাক্যের অন্তর্গত ক্রিয়াপদের সঙ্গে বিশেষ্য, সর্বনাম ইত্যাদি পদের অর্থাৎ নামপদের যে সম্বন্ধ তাকেই তাঙহালক বা কারক বলে।

(কক বীতাংগ মুঙ এবা মুঙসীলাই বায় খীলায় ককথাইনি হালক বজাকখে আব'ন' হীনু তাঙহালক।)

ফুনুকমারি/উদাহরণ ঃ

"বুবাগ্রা হামতরফা রাজাখর' য়াকবাইথাঙ রাঙচাক কতরা-নি রাঙ লুকুরগন' বাগীই তঙগু।" এই বাক্যের খীলায়ককথাই/ক্রিয়াপদ হলো 'বাগীই তঙগু'। সুতরাং এর সঙ্গে বাক্যের অন্য পদগুলোর নানারূপ সম্পর্ক রয়েছে। এই 'বাগীই তঙগ' ক্রিয়াপদটিকে বিভিন্ন প্রশ্ন করলেই বাক্যের অন্যান্য পদের সঙ্গে এর সম্বন্ধ পাওয়া যাবে। যেমন ঃ সাব' বাগীই তঙ = কে বিলি করছেন? উত্তর হবে বুবাগ্রা হামতরফা অর্থাৎ রাজা হামতরফা। তাম' বাগীই তঙ = কি বিলি করছেন? উত্তর = রাঙ বা টাকা। তাম'বায় বাগীই তঙ = কিসের দ্বারা বিলি করছেন? উত্তর = য়াকবাইথাঙ বা স্বহস্তে। সাব'ন' বাগীই তঙ = কাদেরকে বিলি করছেন? উত্তর = লুকুরগন'

বা প্রজাদিগকে : বর'নি নাহারাই বাগাই তঙ = কোথা থেকে বিলি করছেন? উত্তর = রাঙচাক কতরানি বা সোনার পাত্র থেকে। বরঅ তঙতাতাই বাগাই তঙ? = কোথায় বসে বিলি করছেন? উত্তর = রাজাখর' অর্থাৎ রাজধানীতে। তা থেকে বুঝা যাচ্ছে যে, এই বাক্যের ক্রিয়াপদ 'বাগাই তঙগু' এর সঙ্গে বাক্যের অন্যান্য বিশেষ্য জাতীয় পদসমূহের সম্পর্ক অঙ্গাঙ্গীভাবে যুক্ত। বিশেষ্য বা সর্বনাম পদগুলোর সঙ্গে ক্রিয়াপদের সম্পর্কেরও এক একটি নাম আছে। এই সম্পর্কের ফলে যতগুলো নামের সৃষ্টি হয় কারকও তত প্রকারেরই হয়। ক্রিয়ার সঙ্গে বিশেষ্য বা সর্বনাম পদের সম্পর্ক প্রধানতঃ ছয় রকম বলে কারকও ছটি—

১) তাঙফাঙ-তাঙহালক/কর্তৃকারক ২। তাঙজাকনাই তাঙহালক/কর্মকারক ৩। তাঙমানীয় তাঙহালক /করণকারক ৪। তাঙমুক্ তাঙহাক/অপাদানকারক ৫। তাঙয়াকচু তাঙহালক/গৌণকর্ম বা সম্প্রদান কারক ৬। তাঙনিকুমা তাঙহালক/অধিকরণ কারক।

১। তাঙফাঙ তাঙহালকঃ

যে কর্ম সম্পাদন করে সেই কর্তা। এককথায় যে বিশেষ্য বা বিশেষ্য স্থানীয় পদ বাক্যে ক্রিয়া নিষ্পন্ন করে তাকে কর্তা বা তাঙফাঙ বলে। আর ক্রিয়ার সঙ্গে কর্তৃসম্বন্ধ যুক্ত পদকে বলে তাঙফাঙ তাঙহালক বা কর্তৃকারক। বাক্যে ব্যবহৃত প্রতিটি ক্রিয়াপদকে সাব'/কে, সীবা/কে, তাম/কি ইত্যাদি দিয়ে প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যাবে সেগুলোই তাঙফাঙ বা কর্তা। অথবা যে স্বয়ং কোন ক্রিয়া সম্পাদন করে তাকে বলে তাঙফাঙ তাংহালক/কর্তৃকারক। এই কর্তৃকারকই বাক্যের মূল উদ্দেশ্য।

(তাঙনাইন তাঙফাঙ হিনু। এবা সাব', সীবা, তাম' আকরগ হিনাই সীংগাই সুরজাকনাইন হীনু তাঙফাঙ। খীলায় বায় তাঙফাঙ কীথালায়জাক ককথাইন হিনু তাঙফাঙ তাঙহালক। এবা বাইথাঙ সামুঙ চারিই তিসানাইন তাঙফাঙ তাঙহালক হীনু।)

ফুনুকমারি ঃ আতা তীয় নীঙগ = দাদা জলপান করে। এবার প্রশ্ন করা যাক্— সাব' তীয় নীঙ/কে জল পান করে? উত্তর হবে— আতা/দাদা। এখানে আতা হচ্ছে তাঙফাঙ/কর্তা। অর্থাৎ এখানে ক্রিয়ার সঙ্গে কর্তার সম্পর্ক বিদ্যমান। তাই এটা কর্তৃকারক।

২। তাঙজাকনাই তাঙহালক/কর্মকারক

কর্তা যা সম্পাদন করে তাই কর্ম/তাঙজাকনাই। এককথায় কর্তা যা করে তাই কর্ম। কোনও বাক্যে ক্রিয়ার সঙ্গে তাঙজাকনাই/কর্ম সম্বন্ধযুক্ত পদকে বলে তাঙজাকনাই তাঙহালক/কর্মকারক। অর্থাৎ তাঙফাঙ বা কর্তা যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন করে সেটাই তাঙজাকনাই তাঙহালক/কর্মকারক।

তাঙজাকনাই/কর্মকারককে চিনতে হলে তাম'/কী, সাবন'/ কাকে বুব'/কোনটি ইত্যাদি দ্বারা বাক্যস্থিত ক্রিয়াপদটিকে প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় সেই উত্তরই তাঙজাকনাই তাঙহালক/কর্মকারক।

(তাঙফাঙ বায় তাঙজাকমান' হিনু তাঙজাকনাই। খীলায় বায় তাঙজাকনাই কীথালায়জাক ককথাইন তাঙজাকনাই তাঙহালক হিনু।)

ফুনুকমারি ঃ জয়কুমার মানীয় ফালু/জয়কুমার দ্রব্য বিক্রয় করে।

এ বাক্যের তাঙফাঙ/কর্তা হচ্ছে জয়কুমার। যদি প্রশ্ন করি— জয়কুমার তাম' ফাল/জয়কুমার কি বিক্রয় করে? উত্তর হবে— মানীয়/দ্রব্য। এ বাক্যে মানীয়/দ্রব্য হচ্ছে তাঙজাকনাই/কর্ম। ক্রিয়া 'ফালু' এর সঙ্গে কর্ম 'মানীয়' এর সম্পর্কই এক্ষেত্রে কর্মকারকের স্রষ্টা।

৩। তাঙমানীয় তাঙহালক/করণকারক

কর্তা যার সাহায্যে কোন কাজ সম্পাদনক করে তা-ই করণ বা তাঙমানীয়। সোজা কথায়, কোনও বাক্যের কর্তা/তাঙফাঙ যে ব্যক্তি বা বস্তুর সাহায্যে কোন ক্রিয়া সম্পাদনক করে সেই ব্যক্তি বা বস্তুবাচক পদই তাঙমানীয়/করণ। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে তাঙমানীয়/করণ সম্বন্ধযুক্ত পদকে বলে তাঙমানীয় তাঙহালক/করণকারক। কোনও বাক্যে ক্রিয়াপদটিকে সাব' বায়/কার দ্বারা, তাম' বায়/কি দিয়ে ইত্যাদি প্রশ্নের প্রাপ্ত উত্তরই হবে তাঙমানীয় তাঙহালক/করণকারক।

(তাঙফাঙন' চুবানাই মানীয়ন হিনু তাঙমানীয়। এবা খীলায় বায় তাঙমানীয় কীথাজাক ককথাইন হিনু তাঙমানীয় তাঙহালক।)

ফুনুকমারি ঃ দংগয় রায়দাঙ বায় চিবুক বুঅ/দংগয় লাঠির সাহায্যে সাপ মারে। প্রশ্ন— দংগয় তাম' বায় চিবুক বু/দংগয় কি দিয়ে সাপ মারে? উত্তর— রায়দাঙ বায়/লাঠি দিয়ে। এ বাক্যে রায়দাঙ হলো তাঙমানীয় বা করণ সম্পর্ক।

৪। তাঙমুক তাঙ হালক/অপাদান কারক

তাঙমুক বা অপাদান কথাটির অর্থ হলো উৎস। তাই যে উৎস থেকে ক্রিয়াটি ঘটে তাই তাঙমুক/অপাদান। অর্থাৎ যা থেকে কোন ব্যক্তি বা বস্তু পতিত, গৃহীত, উৎপন্ন, মুক্ত, অন্তর্হিত, গৃহীত ইত্যাদি হয় তাকে তাঙমুক তাঙহালক/অপাদানকারক বলে। বাক্যস্থিত ক্রিয়াপদকে বর'নি/কোথা থেকে, বর'নি সিমি ইত্যাদি দ্বারা প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায় তাই তাঙমুক বা অপাদান। ক্রিয়ার সঙ্গে অপাদান সম্বন্ধযুক্ত পদই তাঙমুক তাংহালক/অপাদানকারক। (তাঙফাঙ খীলায়মুঙ চংমানি আরিন' তাঙমুক হিন'। খ্লায়বায় তাঙমুক গথিলায়জাক ককথাইন

হিনু তাঙমুক তাঙহালক।)

ফুনুকমারি ঃ বেদেক কুচুকনি বীথাই কীলায়/উচ্চ ডাল থেকে ফল পড়ে। প্রশ্ন— বর'নি বীথাই কীলাই/কোথা থেকে ফল পড়ে? উত্তর— উচ্চ ডাল থেকে/বেদেক কুচুকনি। এই বেদেক কুচুকনি বা উচ্চ ডাল থেকে হলো তাঙমুক/অপাদান কারক।

৫। তাঙয়াকচু তাঙহালক/সম্প্রদান বা গৌণ কর্মকারক

কাউকে নিঃস্বার্থ ভাবে বা স্বতঃত্যাগপূর্বক কোন কিছু দান করা হলে তাকে বলে তাঙয়াকচু তাংহালক/সম্প্রদান বা গৌণ কর্মকারক।

সম্প্রদানকে গৌণকর্ম হিসাবে গণ্য করা যায়। আচার্য সুনীতিকুমারের মতে— "বৈজ্ঞানিক প্রণালীতে যাঁহারা বাঙ্গালা ভাষার ব্যাকরণ লইয়া আলোচনা করিয়াছেন, তাঁহারা প্রায় কেহই বাঙ্গালাতে সম্প্রদান কারক বলিয়া পৃথক একটি কারক স্বীকার করেন নাই। বস্তুতঃ বাঙ্গালাতে সম্প্রদান কারককে কর্মকারকের অন্তর্ভুক্ত করিয়া দেখিলে ক্ষতি নাই এবং তাহাই সমীচীন।" সুতরাং ককবরকেও একে সম্প্রদান কারকের অন্তর্ভুক্ত করা ঠিক নয়। সেজন্য গৌণকর্মের ককবরক পরিভাষা তাঙয়াকচু নাম রাখা হয়েছে।

(খরকসাসীকন' সাকবাইথাঙ য়াকারসুগীই রহরমান' হীনু তাঙয়াকচু তাঙহালক।)

ফুনুকমারি ঃ বুবাগ্রান' খাজনা রিদি, বিরনাইন' মাইরুম রহরদি, সিপাইন উলতাই রাঙ তা রিদি। রাজা কীরীইরগন' রাঙ রিঅ অর্থাৎ রাজাকে খাজনা দাও, ভিখারীকে চাউল দাও, পুলিশকে ঘুষ দিয়ো না, রাজা গরীবদের টাকা বিলি করেন ইত্যাদি।

৬। তাঙনিকুমা তাঙহালক/অধিকরণ কারক

ক্রিয়ার আধারকে তাঙনিকুমা/অধিকরণ বলে। অর্থাৎ যে স্থানে বা যে সময়ে ক্রিয়াটি নিষ্পন্ন হয় তাকে বলে তাঙনিকুমা তাঙহালক/অধিকরণ কারক।

(কককীতাং তাংসাঅ জরা, থায় আকরগ ফুনুকজাকখে আবন' হিনু তাঙনিকুমা তাঙহালক)।

ফুনুকমারি ঃ সিপিঙগ থক তঙগ/ তিলে তৈল আছে, নখাঅ আথুকুরি তঙগ/ আকাশে তারা আছে, কীচাংমা মল' সাল বারাঅ/ শীতকালে দিন ছোট হয়, চুমুই পরাব' মানু, রীচাবনাব' রীঙগ/ চুমুই লেখাপড়ায় যেমন, গানেও তেমনি দক্ষ ইত্যাদি। বুফুরু বা কখন, বরঅ/ কোথায় ইত্যাদি দ্বারা বাক্যস্থিত ক্রিয়াপদকে প্রশ্ন করলে যা উত্তর পাওয়া যায় তাই তাঙনিকুমা/ অধিকরণ কারক।

তাঙনিকুমা তাঙহালককে তিনভাগে ভাগ করা যায়। যথা - থায় রীকনাই/ স্থানবাচক, জরা

রীকনাই/ কাল বাচক, মুঙসাসীক রীকনাই/ বিষয়বাচক ইত্যাদি।

সিনিমারি/বিভক্তি

ককবরকে বিভক্তি হচ্ছে কতকগুলো অর্থহীন বর্ণ বা বর্ণগুচ্ছ। কয়েকটি ক্ষেত্রে এটা সার্থক পদ হিসাবেও ব্যবহৃত হয়। বিভক্তিগুলো বিশেষ্য স্থানীয় ককথাই/পদগুলোর সঙ্গে যুক্ত হয়ে ক্রিয়ার সঙ্গে এদের সম্পর্ক নির্ধারণ করে। আবার এটা ধাতুর সঙ্গে যুক্ত হয়ে নূতন ক্রিয়াপদেরও সৃষ্টি করে এবং ধাতু থেকে পূর্ণাঙ্গ ক্রিয়াপদ সৃষ্টিতে সাহায্য করে।

সুতরাং বলব— ধাতু বা নামপদের অন্তে যুক্ত হয়ে যে বর্ণ বা বর্ণগুচ্ছ নূতন পদ গঠন করে তাকে বলে সিনিমারি/বিভক্তি।

ককবরকে বিভক্তিতে দু'ভাগে ভাগ করা যায়। যথা— ককথাই সিনিমারি/শব্দ বিভক্তি এবং ককচৌলীয় সিনিমারি/ধাতু বিভক্তি।

ককথাই সিনিমারি/ শব্দ বিভক্তি ঃ ককথাই সিনিমারি একটি শব্দকে বাক্যে ব্যবহারের উপযোগী করে তুলে। এটা ছাড়া অর্থাৎ বিভক্তি যোগ না হলে কোনও শব্দ বাক্যে ব্যবহারের ছাড়পত্র পায় না। শুধু তাই নয়, ককথাই সিনিমারি বা শব্দ বিভক্তি বাক্যে ব্যবহৃত বিশেষ্য বা বিশেষ্য স্থানীয় পদের বা পদগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্কও নির্দেশ করে। এমন কি সৃষ্ট পদটির সংখ্যা ও কারকও নির্ণয় করে। সুতরাং এবার আমরা বলতে পারি— শব্দ-অন্তে যুক্ত হয়ে যে বর্ণ বা বর্ণগুচ্ছগুলো শব্দটিকে বাক্যে ব্যবহারের যোগ্যতা প্রদান করে এবং বিশেষ্য বা বিশেষ্য স্থানীয় পদের বা পদগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক নির্ণয় করে তাকে বলে ককথাই সিনিমারি/শব্দ বিভক্তি। আর ধাতু অন্তে যুক্ত বর্ণ বা বর্ণগুচ্ছকে বলে ককচৌলীয় সিনিমারি/ধাতু বিভক্তি। কারণ এগুলো একটি ধাতুকে পূর্ণাঙ্গ ক্রিয়াপদে রূপান্তরিত করে। অ, উ, খা, নাই, আনী ইত্যাদি ধ্বনি অথবা বর্ণ বা বর্ণগুচ্ছগুলো হলো ককচৌলীয় সিনিমারি/ধাতুবিভক্তি।

এবার ককথাই সিনিমারি/শব্দবিভক্তি নিয়ে বিস্তৃত আলোচনা করা যাক্। ককবরকে ককথাই সিনিমারি বা শব্দ বিভক্তিকে মোট ৬টি ভাগে ভাগ করা যায়। যথা ঃ ১) 'বুকচা' সিনিমারি/শূন্য বিভক্তি। ২) 'ন' সিনিমারি/ ৩) 'বায়' সিনিমারি ৪) 'নি' সিনিমারি ৫) 'সিমি' সিনিমারি ৬) 'অ' সিনিমারি। এর মধ্যে 'বায়' এবং 'সিমি' সিনিমারি হচ্ছে সার্থক ককথাই/পদ। এগুলো বিভক্তি নয়, কিন্তু বিভক্তির কাজ করে। পদের পরে বসে বিভক্তির কাজ করে বলেই এগুলোকে বলা হয় ককথাইউল। বাকীগুলো অর্থহীন বর্ণ বা বর্ণগুচ্ছ।

১) বুকচা সিনিমারি ঃ বুকচা কথার বাংলা পরিভাষা হলো শূন্য বা যার বিভক্তি নেই। শূন্যই যার বিভক্তি। কিন্তু বিভক্তিহীন শব্দ তো বাক্যে স্থানলাভ করে না। বুকচা সিনিমারিতে বিভক্তি

আছে ঠিকই, তবে বিভক্তিটি নিজে অপ্রকাশিত থাকে। অর্থাৎ বুকচা সিনিমারি যোগে মূল শব্দ অপরিবর্তিতই থাকে।

ফুনুকমারি ঃ খুমতয়া হুক তাঙগ/খুমতয়া জুমের আগাছা পরিষ্কার করে। সাব' হুক তাঙ/কে জুমের আগাছা পরিষ্কার করে? উত্তর— খুমতয়া। এ বাক্যে 'খুমতয়া'-তে বুকচা সিনিমারি হয়েছে। খুমতয়াতে বিভক্তি যুক্ত হয়েছে ঠিকই ; কিন্তু তা অপ্রকাশিত থেকেছে। তাই বুকচা সিনিমারি বা শূন্য বিভক্তি হয়েছে।

২। 'ন' সিনিমারি ঃ উদাহরণ ঃ বুমা বীসান' থাইচুমু থাইসা রিখা = মা সন্তানকে একটি চিন্দ্রা দিয়েছে। সাবন' থাইচুমু রিখা/কাকে চিন্দ্রা দিয়েছে? উত্তর— বীসান'/সন্তানকে। এখানে 'ন' সিনিমারি বা 'ন' বিভক্তি যুক্ত হয়েছে।

৩। 'বায়' সিনিমারি ঃ উদাহরণ ঃ চেখ্রা বায় মায় রাঅ/কাঁচি দিয়ে ধান কাটে। তাম'বায় মায় রা/ কি দিয়ে ধান কাটে? উত্তর হবে— চেখ্রা বায়/কাঁচি দিয়ে। এ বাক্যে 'বায়' হলো ককথাইউল। সুতরাং বলব— 'বায়' ককথাইউল/'বায়' অনুসর্গ।

নোট ঃ বায়— এই অর্থপূর্ণ সার্থক ককথাইটি সর্বক্ষেত্রে অনুসর্গ হিসাবে ব্যবহৃত হয়। অন্যান্য ক্ষেত্রেও এটা স্বতন্ত্র অর্থ প্রকাশ করে। যেমন ঃ দুকমালি বায় সাম্পারি মারে মারায়/দুকমালি ও সাম্পারি দুই বান্ধবী। এখানে 'বায়' ককথাই/পদটি ককথাইউল বা অনুসর্গ হিসাবে ব্যবহৃত হয় নাই।

৪। 'নি' সিনিমারি ঃ উদাহরণ ঃ নীঙ তাবুক বর'নি ফায়ীই তঙ/তুমি এখন কোথা থেকে আসছ? এ বাক্যে হয়েছে 'নি' সিনিমারি বা 'নি' বিভক্তি। বুফাঙনি বীথাই কীলায়'/গাছ থেকে ফল পড়ে। বর'নি বীথাই কীলাই/কোথা থেকে ফলটি পড়ে? উত্তর— বুফাঙনি/গাছের বা গাছ থেকে। এ বাক্যেও 'নি' সিনিমারি হয়েছে।

৫। 'সিমি' সিনিমারি ঃ উদাহরণ ঃ খুমুলীঙনি সিমি হিমীই ফায়খা/খুমুলীঙ থেকে হেঁটে এসেছি। বর'নি সিমি হিমীই ফায়? উত্তর হবে— খুমুলীঙনি সিমি/খুমুলীঙ থেকে। এখানে 'সিমি' অনুসর্গ বা ককথাইউল যুক্ত হয়েছে।

৬। 'অ' সিনিমারি ঃ উদাহরণ ঃ বাকুতুঙ রীঙনগ' থাংগ/বাকুতুঙ বিদ্যালয়ে যায়। বাকুতুঙ বরঅ থাং/বাকুতুঙ কোথায় যায়? উত্তর— রীঙনগ'। অরঅ তা তঙদি/এখানে থেকো না। বরঅ তা তঙদি হিন/কোথায় থাকতে বরণ করে? উত্তর— অরঅ/এখানে।

তীয়' আ মানথগু/জলে মাছ পাওয়া যায়। বরঅ আ মানথক/কোথায় মাছ পাওয়া যায়? উত্তর— তীয়'/জলে। মাসিংগ কীচাংমা আকার'/শীতকালে শীতের প্রকোপ বাড়ে। বুফুরু কীচাংমা আকার/কখন শীতের প্রকোপ বাড়ে? উত্তর— মাসিংগ/শীতকালে। উপরের

বাক্যগুলোতে ক্রিয়ার আধার এবং কাল বুঝিয়েছে। তাই অধিকরণ কারক হয়েছে। সবগুলো বাক্যেই হয়েছে 'অ' সিনিমারি বা 'অ' বিভক্তি।

ককহালক/সম্বন্ধ পদ

খীলায় ককথাই বা ক্রিয়াপদের সঙ্গে সম্বন্ধপদ/ককহালকের কোন সম্বন্ধ নেই। বিশেষ্য বা সর্বনাম পদগুলোর মধ্যেই এই সম্পর্ক সীমাবদ্ধ। অর্থাৎ ককহালক বা সম্বন্ধ হচ্ছে ক্রিয়াপদ ভিন্ন পদগুলোর মধ্যে একটির সঙ্গে অপরটির সম্বন্ধ। পরবর্তী বিশেষ্য পদের সঙ্গে বাক্যস্থিত পূর্ববর্তী বিশেষ্য বা সর্বনাম পদের সম্পর্ক 'নি' সিনিমারি/বিভক্তি দ্বারা যুক্ত হলে সেই পূর্ববর্তী পদকে ককহালক/সম্বন্ধ পদ বলে।

(মুঙ এবা মুঙসীলায় বায় তেই থাইসা মুঙ এবা মুঙসীলাই তমুং 'নি' সিনিমারি বায় হালক খাকৌরীঙজাকখে আব'ন' হীনু ককহালক।)

ফুনুকমারিঃ আনি কিচিং/আমার বন্ধু। এখানে পূর্ববর্তী পদ (আং + নি) আনি'র সঙ্গে কিচিং/বন্ধু এর সম্পর্ক বিদ্যমান।

বিনি মুসুক দেগা/তার ষাড় গরু। এখানে (ব + নি) বিনি'র বা তার এর সঙ্গে মুসুক দেগা/ষাড় গরুর সম্পর্ক। চিনি নুখুঙ/আমাদের সংসার। এখানে (চীঙ + নি) চিনি/আমাদের সঙ্গে নুখুঙ/সংসারের সম্পর্ক। নরগনি মুসুক মাবীসীক তঙ/তোমাদের কয়টি গরু আছে? এ বাক্যে নরগ নি/তোমাদের এই পদটির সঙ্গে গরুর সম্পর্ক বিদ্যমান। উপরের বাক্যগুলোতে বিশেষ্য বা সর্বনাম পদগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক সূচিত হয়েছে 'নি' সিনিমারি বা 'নি' বিভক্তির দ্বারা। অতএব এগুলো সম্বন্ধ পদ/ককহালক।

ককখুমুঙ/সম্বোধন পদ

ককখুমুঙ বা সম্বোধন পদের সঙ্গে বাক্যস্থিত অন্য কোন পদের সম্পর্ক থাকে না। তাছাড়া ক্রিয়াপদের সঙ্গেও ককখুমুঙ/সম্বোধন পদের কোন সম্পর্ক থাকে না। সেজন্য ককখুমুঙ বা সম্বোধন পদ কারকপদবাচ্যও নয়। কাউকে সম্বোধন করে কিছু বলা হলেই সেই পদ সম্বোধন পদে পরিণত হয়। তাই বলা যায়— যে পদের দ্বারা কাউকে সম্বোধন করে কিছু বলা হয় তাকে বলে ককখুমুঙ/সম্বোধন পদ।

(খরকসাসীকন' মুঙ খুউই, লবীই এবা য়াসি কায়ীই রিঙমা ককথাইন হিনু ককখুমুঙ।)

সম্বোধন/ককখুমুঙ সম্পর্কে সংক্ষেপে বলা যায়ঃ ক) সম্বোধন পদ/ককখুমুঙ বাক্যের যেকোন স্থানে বসতে পারে। খ) বাক্যস্থিত কোন পদের সঙ্গে ককখুমুঙ এর সম্পর্ক থাকেনা। গ)

ককবরকে ককখুমুঙ/সম্বোধনপদে সবসময় বুকচা সিনিমারি/শূন্য বিভক্তি বসে।

ফুনুকমারি ঃ অ মারে, কিচিং নগদে তঙ? হে বান্ধবী, বন্ধু বাড়ীতে আছেন?
অ আমা, আন' মীথাঙজাবাদি/হে মা, আমাকে বাঁচান। অ সিকলারগ, বিয়াং তরই তরই থাংলায় সা। হে যুবকবৃন্দ, দলে দলে কোথায় যাও? অ মায়লুমা, আন' মায়খুল রিজাদি/হে মায়লুমা দেবতা, আমাকে ধনদৌলত দাও। আন' তিসাজাদি, আমা। আ ককন' কক তা সাফিদি বাবাসা ইত্যাদি।

উপরের বাক্যগুলোতে ককখুমুঙ/সম্বোধন পদগুলি হলো যথাক্রমে অ মারে, অ আমা, অ সিকলারগ, অ মায়লুমা, বাবাসা ইত্যাদি।

খীলায় জরা/কাল

জরা বা কাল বলতে আমরা সময়জ্ঞানকে বুঝি। এককথায় এটা সময়বাচক। সংঘটিত কোনও ঘটনার সময় অর্থে এই কাল বা জরা ব্যবহৃত হয়। ক্রিয়ার কর্মটি যে সময়ে যে কালে সংঘটিত হয়, তাকে ক্রিয়ার কাল বা খীলায় জরা বলে। ককবরক ককমাতে একে বলে খীলায়জরা।

(খীলায় তমুং মুঙসাসীক অীংমা জরান' সাখে আবন' হিনু খীলায় জরা।)

ফুনুকমারি ঃ ১) আতা তীয় নীঙগ/দাদা জল পান করেন। ২) আফা কামিঅ থাংখা/বাবা বাড়ীতে যান। ৩) আমা খীনা আগুলিঅ থাংগানী/মা আগামীকাল আগরতলায় যাবেন।

এখানে উল্লিখিত তিনটি বাক্যের দ্বারা যথাক্রমে বর্তমান, অতীত ও ভবিষ্যৎ এই তিনটি কালের সংঘটিত ঘটনা বা সংঘটিত হবে এরূপ কার্যের বা ক্রিয়ার জরা/সময়কে বোঝানো হয়েছে। কাল ভেদে ক্রিয়ার বিভিন্ন রূপ দৃষ্ট হয়। ককবরকে বা ককবরক ব্যাকরণে কাল/জরা তিনপ্রকার। কাজের সুবিধার জন্যই জরাকে এভাবে ভাগ করা হয়েছে। যথা ঃ ১) অীংতঙ জরা/বর্তমান কাল ২) অীংথাং জরা/অতীতকাল ৩) অীংনাই জরা/ভবিষ্যৎ কাল।

১। অীংতঙ জরা/বর্তমান কাল

যেসব কাজ বা ঘটনা গতানুগতিক ঘটে থাকে এবং বর্তমানেও ঘটে চলেছে এমন ক্ষেত্রে ক্রিয়ার অীংতঙ জরা/বর্তমান কাল হয়। এককথায় ক্রিয়ার কাজটি সম্পন্ন হওয়ার মুহূর্তকে বর্তমান কাল বলে এবং ক্রিয়াপদটিকে বলে বর্তমান কালের ক্রিয়া। অর্থাৎ অতীতের সংঘটিত ঘটনা এবং ভবিষ্যতে ঘটবে বা ঘটতে থাকবে এরূপ ঘটনা ছাড়া বাকীগুলো সব বর্তমান কালের হয়।

তাই বলা যায়— ক্রিয়ার যে রূপের দ্বারা নিত্যকালের স্বাভাবিক এবং বর্তমান কালের কোন ঘটনার কথা বোঝানো হয় তখন তাকে ঔংতঙ জরা/বর্তমান কাল বলা হয়।

(খীলায় তমুং মুঙসাসীক ঔংগীই তঙমা জরান' সাখে আব'ন' হীনু ঔংতঙ জরা।)

ফুনুকমারি ঃ ১) আঙ হামজাগ'/আমি ভালবাসি। ২) বরগ থাংগ/তারা যায়। ৩) চীঙ তীয় নীঙগীই তঙগ/আমরা জল পান করছি। ৪) জর্জ হিমীই তঙগ/জর্জ হাঁটিতেছে ইত্যাদি। উপরোক্ত বাক্যগুলো সবই বর্তমান কালের বাক্যের উদাহরণ।

ঔংতঙ জরা বা বর্তমান কাল দু'প্রকারের। যথা ঃ ১) কালনি ঔংতঙ জরা/সাধারণ বা নিত্য বর্তমান। ২) ঔংগীই তঙ জরা/ঘটমান বর্তমান।

১) কালনি ঔংতঙ জরা/সাধারণ বা নিত্য বর্তমান

যেখানে ক্রিয়াটি স্বভাবতঃ বা সচরাচর ঘটে থাকে তার কালকে বা জরাকে সাধারণ বা নিত্য বর্তমান কাল বলা হয়। ককবরক ককমাতে বা ককবরক ব্যাকরণে এটাকে বলা হয় কালনি ঔংতঙ জরা।

(সালক্রুম ক্রুম ঔংমান' হীনু কালনি ঔংতঙ জরা।)

ফুনুকমারি ঃ বীসাতে রীঙনগ' থাংগ/বীসাতে বিদ্যালয়ে যায়। খাজাতি মায় রাঅ/খাজাতি ধান কাটে ইত্যাদি।

কালনি ঔংতঙ জরা বা সাধারণ অথবা নিত্য বর্তমান কালে পুরুষ, বচন ও লিঙ্গভেদে বাক্যস্থিত ক্রিয়াপদের শেষে বা ধাতু অন্তে অ, উ ইত্যাদি ধ্বনি যুক্ত হয়। অর্থাৎ অ-কার বা উ-কার বসে। মনে রাখতে হবে— বর্তমান কালের চিহ্ন বা রূপ হচ্ছে 'অ'- কার এবং 'উ' কার।

আবার ইঁহি ককবীতাং বা না-বাচক ককবরক বাক্যগঠনের সময় মূল ধাতু বা ক্রিয়াপদের শেষে 'য়া' এই বর্ণগুচ্ছ যোগ করতে হবে। 'য়া' যুক্ত ক্রিয়াপদের শেষে বর্তমান কালের চিহ্ন অ-কার বা উ-কার বসে না।

ফুনুকমারি ঃ আঙ সীয়য়া/আমি লিখি না। চীঙ কক সালায়মা/আমরা কথা বলি না। নরগ বল থীঙলায়য়া/তোমরা বল খেল না ইত্যাদি। উপরোক্ত প্রতিটি বাক্যেই 'য়া' যুক্ত রয়েছে এবং বর্তমান কালের প্রতীক অ-কার বা উ-কার যুক্ত হয় নাই।

২) ঔংগীই তঙ জরা/ঘটমান বর্তমান কাল

অতীতকালে শুরু হয়ে বর্তমান কালেও যে ক্রিয়ার কাল চলছে, এখনও শেষ হয় নাই, তার কালকে ঔংগীই তঙ জরা/ঘটমান বর্তমান কাল বলা হয়। এককথায়— যে ক্রিয়াটি বর্তমানে চলছে সেই ক্রিয়ার কালকে ঘটমান বর্তমান কাল বলে।

(তমুং মুঙসাসীক আঁংগাঁই তঙখে, ফিয়াবা পাইসুগাঁই থাংয়াখু আবতাঁই সাজাকখে অ জরান' হিনু আঁংগাঁই তঙ জরা।)

ফুনুকমারি ঃ ব সামুঙ তাঙগাঁই তঙগ/সে কাজ করছে। আতয় রাঁচাবাঁই তঙগ/মাসিমা গান গাইছে।

আঁংগাঁই তঙ জরা/ঘটমান বর্তমান কালের বাক্য গঠনের সময় নিম্নলিখিত নিয়ম পদ্ধতির কথা মনে রাখতে হবে।

ক) ঘটমান বর্তমান কালের গঠিত বাক্যের ক্রিয়াপদের শেষে আঁই তঙ অংশটি যুক্ত হবে।

খ) 'তঙ' এই ককচালীয় বা ধাতু-অন্তে বর্তমান কালের চিহ্ন অ-কার বা উ-কার যুক্ত হবে।

ফুনুকমারি ঃ

দিঙচাম মায় চাউই তঙগ/দিঙচাঙ ভাত খাচ্ছে, মাঁচাঙতি হিমাঁই তঙগু/মাঁচাঙতি হাঁটছে।

উল্লিখিত বাক্য দুটিতে ক্রিয়াপদ বা ধাতু অন্তে আঁই এবং তঙ যুক্ত রয়েছে এবং তঙ-এর সঙ্গে যুক্ত রয়েছে অ-কার এবং উ-কার। যেমন ঃ চাউই তঙগ = চা + আঁইতঙ + অ, হিমাঁই তঙগু = হিম + আঁই তঙ + উ।

আবার ব্যক্তি বা অঞ্চল বিশেষে অথবা অভ্যাসবশতঃ, কিংবা জিহ্বার জড়তা হেতু বা দ্রুত উচ্চারণের ফলে 'আঁই' অংশটি অনেকক্ষেত্রে কথা বলার সময় উহ্য থাকে। কিন্তু এর অস্তিত্ব অনুভব করা যায়। তখন এই 'আঁই' ধ্বনির পরিবর্তে ক্রিয়াপদটির দ্বিত্ব বা দীর্ঘ উচ্চারণ হয়।

ফুনুকমারি ঃ

দা চিকন মায় নাগাঁই তঙগু/	মেজদা	ধান	মাড়া	দিচ্ছে।
দা চিকন মায় নাগ তঙগু/	"	"	"	" ।
ব থাংগাঁই তঙগ/	সে	যাচ্ছে।		
ব থাং তঙগ/	"	" ।		

উপরের জোড়া বাক্যগুলো লক্ষ্য করার মতো। প্রথম জোড়ার প্রথম বাক্যে ধাতুর সঙ্গে আঁই যুক্ত হয়েছে। ফলে হয়েছে নাক + আঁই = নাগাঁই। দ্বিতীয় বাক্যেও নাক এর সঙ্গে আঁই যুক্ত হয়েছে। কিন্তু তা উহ্য আছে। ফলে এই ধাতুটির উচ্চারণ হ্রস্ব থেকে দীর্ঘ বা দ্বিত্ব স্বরে পরিণত হয়েছে। ফলে হয়েছে নাগ। তেমনি দ্বিতীয় জোড়ায়ও প্রথম বাক্যের থাংগাঁই পদটি একই নিয়মে দ্বিতীয় বাক্যে হয়েছে থাং।

ঘটমান বর্তমান কালের হঁহি ককবীতাং/না-বোধক বাক্যের ক্ষেত্রেও তঙ ধাতুর শেষে 'য়া'

অংশটি যুক্ত করতে হয়। তবে 'য়া' এরপর অ-কার কিংবা উ-কার বসে না।

ফুনুকমারি ঃ

আঙ নাসিঙগাঁই তঙয়া/আমি অপেক্ষা করছি না। চীঙ চাউই তঙয়া/আমরা খাচ্ছি না। ব সাউই তঙয়া/সে বলছে না।

নোটস্ ঃ পুরুষ, বচন এবং লিঙ্গভেদে আঁংগাঁই তঙ জরা/ঘটমান বর্তমান কালের বাক্যের ক্রিয়াপদ-অন্তে আঁই এবং তঙ ধাতু বসে। তবে বহুবচনের ক্ষেত্রে বহুত্ববোধক ধ্বনি 'লায়' যুক্ত হয়। তাছাড়া পুরুষ, বচন এবং লিঙ্গভেদে এর রূপের কোনরূপ পরিবর্তন হয় না।

আঁংথাং জরা/অতীতকাল

অতীতকালে নিষ্পন্ন কোন ঘটনা সম্পর্কে বুঝাতে গিয়ে একটি বাক্যে ক্রিয়ার যে রূপ হয়, তা-ই আঁংথাং জরা/অতীতকাল। বর্তমানকালের পূর্বে অর্থাৎ অতীতে সমাপিকা ক্রিয়ার কাজটি সংঘটিত হয়। এককথায় যে ক্রিয়া অতীতে সংঘটিত বা সম্পন্ন হয়েছে এবং তার ফল বর্তমানে নেই, এরূপ বুঝাতে যে কাল ব্যবহৃত হয় তাকেই আঁংথাং জরা বা অতীতকাল বলে। আর ক্রিয়াটিকে বলা হয় অতীতকালের ক্রিয়া।

(খাঁলায় তমুং মুঙসাসাক আঁংগাঁই থাংমানি জরান' সাখে আব'ন' হিনু আঁংথাং জরা।)

ককবরক ব্যাকরণে অতীতকাল দু'প্রকার। যেমন ঃ ১) কালনি আঁংথাং জরা/নিত্য বা সাধারণ অতীতকাল। ২) আঁংগাঁই থাং জরা/ঘটমান অতীতকাল।

১। কালনি আঁংথাং জরা/সাধারণ বা নিত্য অতীতকাল ঃ

কোন ঘটনা অতীতে সংঘটিত হয়েছে, কিন্তু তার ফল বর্তমানে নেই— এরকম কালকে কালনি আঁংথাং জরা/সাধারণ বা নিত্য অতীতকাল বলে। অর্থাৎ কোন কাজ কিছু পূর্বে সম্পন্ন হয়েছে, কিন্তু তার ফল বর্তমানে নেই, এরূপ বুঝালে ক্রিয়ার সাধারণ অতীতকালের রূপ হয় ; যা ককবরক ব্যাকরণে কালনি আঁংথাং জরা নামে অভিহিত করা যায়।

(মুংসাসাক আঁংগাঁই থাংজাকন' হিন' কালনি আঁংথাং জরা।)

ফুনুকমারি ঃ আচু মায় চাখা/দাদু ভাত খেয়েছেন। বায়কতর আন' অ কক সাখা/বড়দি আমাকে এ কথা বলেছেন। কুমুয় হুগ' থাংখা/জামাইবাবু জুমে গিয়েছেন ইত্যাদি।

উপরোক্ত সবকটি বাক্যই নিত্য বা সাধারণ অতীতকালের উদাহরণ। এ ধরনের বাক্যের ক্ষেত্রে ক্রিয়াপদের শেষে 'খা' যুক্ত হয়।

আবার নিত্য বর্তমান কালের চিহ্ন বা ক্রিয়া বিভক্তি আ-কার বা উ-কার ক্রিয়াপদ-অন্তে যুক্ত

করেও কালনি ঔংথাং জরাকে ককবরকে বলানো যায়। তবে এক্ষেত্রে কালব্যঞ্জক বা সময়জ্ঞাপক আলাদা পদ বাক্যে ব্যবহার করতে হয় ; নতুবা নয়। উদাহরণ ঃ

য়ঙ উাকবলঙ মাসা কগখা/জ্যেঠামশায় একটি বন্য শূকর গুলিবিদ্ধ করেছেন। ঔসকাঙগ য়ঙ উাকবলঙ মাসা কগ'/গত পরশুদিন জ্যেঠামশায় একটি বন্য শূকর গুলিবিদ্ধ করেন। মিয়াঅ পিয়া মৌসীয় মাস কণ্ড/গতকাল পিসেমশাই একটি হরিণ গুলিবিদ্ধ করেন। উপরোক্ত তিনটি বাক্যের প্রথমটিতে সময়জ্ঞাপক পদ অনুপস্থিত। আবার দ্বিতীয় ও তৃতীয় বাক্যে সময়জ্ঞাপক 'ঔসকাঙগ' এবং মিয়াঅ পদ দুটি বিদ্যমান। প্রথম বাক্যে ক্রিয়াপদ অন্তে 'খা' যুক্ত রয়েছে ; কিন্তু দ্বিতীয় ও তৃতীয় বাক্যে সময়জ্ঞাপক পদ থাকার দরুণ 'খা' এর বদলে বর্তমানকালের রূপ অ-কার এবং উ-কার যুক্ত হয়েছে। তাই বাক্যগুলো খাঁটি কালনি ঔংথাং জরা বা নিত্য অতীতকালের বাক্য।

অন্যান্য জরা বা কালের ন্যায় এই tense এর ক্ষেত্রেও পুরুষ, বচন এবং লিঙ্গভেদে ক্রিয়াপদের রূপের কোনরূপ পরিবর্তন ঘটে না। শুধুমাত্র বহুবচনের ক্ষেত্রে ককচৌলীয় বা ধাতু ও ক্রিয়া বিভক্তির মাঝে 'লায়' নামক একটি বহুত্ববোধক ধ্বনিগুচ্ছের আবির্ভাব ঘটে। অথবা 'বায়' নামক বহুত্ববোধক ধ্বনির প্রতীকও ব্যবহৃত হয়।

উদাহরণ ঃ চীঙ থাংলায়খা/আমরা গিয়েছি। বরগ থাংবাইখা/তারা সবাই গিয়েছেন। ঔসকাঙগ মারেসঙ চিনি নগ' ফায়লায়'/গত পরশুদিন বান্ধবীগণ আমাদের বাড়ীতে আসে। মিয়াঅ বরগ ফায়লায়'/গতকাল তারা আসেন ইত্যাদি।

আবার অতীতে কালবাচক ককবরক বাক্যে 'লিয়া', 'য়ানা' ইত্যাদি অংশগুলো ক্রিয়াপদ অন্তে যুক্ত হয়ে না-বাচক ককবরক বাক্য গঠন করে। এর মধ্যে সম্ভাবনা বা অনিশ্চয়তা অর্থে 'য়ানা' অংশটি যুক্ত হয়। যেমন ঃ

খুমপুয় ঔী সামুঙ তাঙয়ানা/খুমপুয় সম্ভবতঃ সেই কাজটি করে নাই। আথুকিরি বিড়ি নীঙয়ানা/সম্ভবতঃ আখুকিরি বিড়ি খায়নাই। ব আনি মানীয় খকয়ানা। সম্ভবতঃ সে আমার দ্রব্য চুরি করে নাই।

আফুতি বা সামুঙ তাঙলিয়া/আফুতি সেই কাজটি করে নাই। আঙ তাকলাই বিসা হাবা নঙখরলিয়া। আমি এবার এক বৎসর ধরে জুমক্ষেত্রে যায় নাই। ব ফায়লিয়া/সে আসে নাই।

আবার সময় বা কালবাচক পদ থাকলে অতীতকালের ককবরক বাক্যে ক্রিয়াপদ অন্তে য়া-যুক্ত হয়ে না-বাচক বাক্য গঠিত হয়। উদাহরণঃ

আমা মিয়াঅ খুমুলীঙগ থাংয়া/মা গতকাল খুমলীঙগে বায় নাই। ব ঔসকাঙগ মৌসীয়

কগয়া/সে গত পরশুদিন হরিণ মারে নাই।

২। ঔংগীই থাং জরা/ঘটমান অতীতকাল

অতীতকালে চলছিল এরূপ কোন ঘটনা বুঝানোর ক্ষেত্রে ক্রিয়াপদের ঔংগীই থাং জরা/ঘটমান অতীতকালের রূপ হয়। এককথায় অতীতে যে ক্রিয়ার কাজ চলছিল, তার কালকে ঔংগীই থাং জরা কাল বলা হয়।

(সৌকাঙগ মুঙসাসীক চেঙজাকখা, ফিয়াবা বুখুক ফাইজাকয়াখু এবা মীথাকজাকয়াখু আবতাই সাজাকখে ঔংগীই থাং জরা হীনজাগু।)

ঔংগীই থাং জরা/ঘটমান অতীতকালের ককবরক বাক্য গঠনের নিয়মাবলী ঃ

ক) ঔংতঙ জরার ন্যায় এক্ষেত্রেও ক্রিয়াপদ-অন্তে ঔই এবং পরে তঙ অংশটি যুক্ত হয়। খ) বাক্যে প্রয়োজনীয় সময় বা কালজ্ঞাপক পদ অবস্থান করে। এই সময় জ্ঞাপক পদটি বাক্যস্থিত কর্তৃপদের আগে অথবা পরে যেকোন একটি স্থানে বসতে পারে। গ) তঙ এর শেষে বর্তমান কালের চিহ্ন অ-কার বা উ-কার যুক্ত হয়। যেহেতু সময়জ্ঞাপক অর্থাৎ অতীত সময় জ্ঞাপক পদ বাক্যে অবস্থান করে, তাই অতীতকালের ক্রিয়ার রূপ 'খা' অংশটি এখানে যুক্ত হবে না। অ-কার এবং উ-কারই এর অর্থ প্রকাশ করবে। কালজ্ঞাপক পদগুলো যথাক্রমে ঃ আফুরু/তখন, ঔসকাঙগ/গত পরশুদিন, মিয়াঅ/গতকাল ইত্যাদি অতীতকালবাহী পদ। ঘ) পুরুষ ও লিঙ্গভেদে ক্রিয়াপদের রূপ অপরিবর্তিত থাকবে। কেবল বচনের ক্ষেত্রে বহুত্ববোধক চিহ্ন 'লায়' ধাতু ও ক্রিয়া বিভক্তির মাঝে বসবে। ঙ) এলাকার ভিন্নতা, ব্যক্তির জিহ্বার জড়তা, ব্যক্তিগত উচ্চারণ বৈশিষ্ট্য, উচ্চারণের দ্রুততা ইত্যাদির জন্য ক্রিয়াপদ অন্তে যুক্ত ঔই অংশটি অনুভবের মধ্যে থাকলেও তা উহ্য থাকতে পারে। তখন যে ধাতুর শেষে 'ঔই' অংশটি যুক্ত হবে সেই ধাতুটির দ্বিত্ব উচ্চারণ হয়। চ) আবার নিত্য অতীতের ন্যায় ঘটমান অতীতকালের ককবরক বাক্যেও একই নিয়মে লিয়া, য়ানা, য়া, লিয়ানা ইত্যাদি অংশসমূহ ক্রিয়াপদ অন্তে যুক্ত হয়ে নঞর্থক বা না-বোধক বাক্য গঠন করে।

ফুনুকমারি ঃ

ক) তাহাতি আফুরু তীয় খগীই তঙগ/তাহাতি তখন জল তুলছিল। খ) আ জরাঅ নায়থকতি তুকুই তঙগ/সেই সময়ে নায়থকতি স্নান করছিল। গ) সিকাম আ মল' তনথকজাগীই তঙগ/সিকাম সেই সময়ে আনন্দ উপভোগ করছিল। ঘ) ঔসকাঙগ হপ্রেঙ আন' ককথাইসা সাউই তঙগ/গত পরশুদিন হপ্রেঙ আমাকে একটি কথা বলছিল। ঙ) মিয়াঅ আঙবায়ুঙজীক রীঙনগ' থাংমা জরাঅ নীংব থাংগীই তঙগু/গতকাল ভাতিজী বিদ্যালয়ে যাওয়ার সময় তুমিও

যাচ্ছিলে।

উপরোক্ত বাক্যগুলোতে সময় বা কালবাচক যেকোন একটি পদ ব্যবহৃত হয়েছে।

প্রতিটি বাক্যের ক্রিয়াপদ অন্তে অৌই তঙ এবং তঙ এর পর অ-কার অথবা উ-কার যুক্ত রয়েছে। অর্থাৎ সময়জ্ঞাপক পদ থাকার জন্যই এই ঘটমান অতীতকালের বাক্যগুলোতে ক্রিয়াপদ-অন্তে অবস্থিত তঙ এর পর বর্তমান কালের রূপ অ-কার বা উ-কার বসেছে।

বাক্যগুলোর মধ্যে 'খ' বাক্যে একমাত্র, 'অৌই' নেই। অথচ 'অৌই' এর অস্তিত্ব অনুভব করা যায়। দ্রুত উচ্চারণের ফলেই তুকু + অৌই = তুকুউই এর পরিবর্তে 'তুকুই' এই পদটি বসেছে।

অৌংনাই জরা/ভবিষ্যৎকাল

যা ঘটবে তাই ভবিষ্যৎ বা থিনাঙ। বর্তমান কালের পরে যে কালে ক্রিয়া সংঘটিত হবে তাকে ভবিষ্যৎকাল বলে। অর্থাৎ ভবিষ্যতে কোন ক্রিয়া সম্পন্ন হবে বা ঘটতে থাকবে এরূপ বুঝাতে ক্রিয়ার যে রূপ হয় তাই ভবিষ্যৎকাল বা অৌংনাই জরা হিসাবে পরিচিত। এককথায় যে কাজ ভবিষ্যৎকালে অনুষ্ঠিত হবে তার কালকে ভবিষ্যৎ কাল বা অৌংনাই জরা বলে।

(থিনাঙগ মুঙসাসৌক তাঙজাগানী এবা তাঙজাগৌই তঙগানী অবতৌই কক সাজাকখে আব'ন' হিনু অৌংনাই জরা।)

অৌংনাই জরা বা ভবিষ্যৎকাল সম্পর্কে দু/একটি কথা মনে রাখতে হবে। তা হলো ঃ

ক) অন্যান্য জরার বা কালের ন্যায় এর লিঙ্গ ও পুরুষ ভেদে ক্রিয়াপদের রূপের কোনরূপ পরিবর্তন হয় না। কেবল বচনের ক্ষেত্রে কিছুটা পরিবর্তন লক্ষ্য করা যায়। বহুবচনের ক্ষেত্রে শুধুমাত্র ক্রিয়াপদের মাঝখানে অর্থাৎ ধাতু ও ক্রিয়া বিভক্তির মাঝে বহুত্ববোধক ধ্বনি 'লায়' ধ্বনি প্রযুক্ত হবে।

খ) অৌংনাই জরার ককবরক বাক্যের ক্রিয়াপদের শেষ অংশে অর্থাৎ মূল ধাতুর অন্তে 'আনী' প্রত্যয় যুক্ত হবে।

ফুনুকমারি ঃ

১) আঙ তৌয় নৌঙগানী/আমি জলপান করব। ২) চৌঙ খীনাঅ তেলিয়ামুড়াঅ থাংলায়ানী/আগামীকাল আমরা তেলিয়ামুড়ায় যাব। ৩) বরগ চৌঙন নাসিঙগৌই তঙসকলায়ানী/তারা আমাদের জন্য অপেক্ষা করতে থাকবে। ৪) নরগ কামিঅ থাংগৌই

তঙলায়দি/তোমরা বাড়ীতে যেতে থাকবে। ৫) নীঙ আফুরু থাংগানী/তুমি তখন যাবে।

উপরোক্ত বাক্যগুলো বিশ্লেষণ করলে দেখা যায় যে, এগুলোতে ঔংনাই জরা বা ভবিষ্যৎকালের ক্রিয়ার নিয়মগুলো হুবহু কার্যকরী হয়েছে।

ঔংনাই জরা/ভবিষ্যৎকাল দু'ভাগে বিভক্ত। যথা ঃ ১। কালনি ঔংনাই জরা/নিত্য ভবিষ্যৎকাল ২) ঔংগাই তঙনাই জরা/ঘটমান অতীতকাল।

১। কালনি ঔংনাই জরা/নিত্য ভবিষ্যৎকাল

কোনও কাজ এখনও সংঘটিত হয় নাই। কিন্তু ভবিষ্যতে হবে এরূপ বুঝালে নিত্য ভবিষ্যৎকালের প্রয়োগ হয়।

অর্থাৎ ভবিষ্যতে কোনও নির্দিষ্ট সময়ে যে ক্রিয়ার কাজ সংঘটিত হবে বা বর্তমান সময়ের পর ভবিষ্যতে ঘটবে অথবা ঘটতে পারে এরূপ কালকে বলে কালনি ঔংনাই জরা/নিত্য ভবিষ্যৎকাল।

কালনি ঔংনাই জরা/ভবিষ্যৎকালের বাক্যে ক্রিয়াপদের শেষে আনী প্রত্যয় যুক্ত হয়।

যেমন ঃ ১) আঙ খীনা শিলংগ থাংগানী/আমি আগামীকাল শিলং যাব। ২) অ সামুঙ উল' তাঙগানী/এই কাজটি পরে করব। ৩) তাবুকয়া, উল' খীলায়ানী/এখন নয়, পরে করব ইত্যাদি।

'আনী' এই ক্রিয়া বিভক্তির ব্যবহারিক রূপ সম্পর্কে কয়েকটি কথা মনে রাখতে হবে। তা হলো ঃ

১) ককচীলীয় বা ধাতু অন্তে আ-কার, ই-কার, উ-কার থাকলে এবং এরূপ আ-কার, উ-কার বা ই-কার যুক্ত ধাতুর শেষে 'আনী' যুক্ত হলে তা উচ্চারণের সময় উানীতে পরিণত হয়। যেমন ঃ ক) আঙ চাউানী/আমি খাব (চা আনী)। খ) ব মীসীয়ানী/সে শিস্ দেবে (মীসীই আনী)। গ) নীঙ রি সুউানী/তুমি কাপড় কাচবে (সু আনী) ইত্যাদি।

২) আবার ধাতু অন্তে ং এবং ঙ থাকলে এবং পরে 'আনী' যুক্ত হলে মাঝে এক টি 'গ' এর আগম হয় এবং 'গ' এর শেষে আ-কার বসে। যেমন ঃ

ক) নীঙ থাংগানী/তুমি যাবে (থাং+ আনী)। ব থীঙগানী/সে খেলবে (থীঙ+আনী) ইত্যাদি।

কালনি ঔংনাই জরা/নিত্য ভবিষ্যৎকালের বহুবচনের ক্ষেত্রে ক্রিয়াপদ বা ধাতু বা ক্রিয়া বিভক্তির মাঝে বহুত্ববোধক ধ্বনি লায় বসে। যেমন ঃ

ক) বরগ কীথাম থাংলায়ানী/তারা তিনজন যাইবে (থাং লায় আনী)। খ) রামসঙ

থাংলায়ানী/রামেরা যাবে (থাং লায় আনী) ইত্যাদি।

তবে লিঙ্গ ও পুরুষের ক্ষেত্রে তার ক্রিয়াপদের রূপের কোন পরিবর্তন ঘটেনা। বিস্তৃত আলোচনার প্রয়োজন নেই।

আবার নিকট ভবিষ্যৎ অর্থে ধাতু-অন্তে অথবা ক্রিয়াপদের শেষে 'নাই' ধ্বনি বা বর্ণগুচ্ছ বসিয়েও ককবরকভাষীরা কালনি ঔংনাই জরার বাক্যে কথা বলে থাকেন। যেমন ঃ

আঙ তাবুক-ন থাংনাই— এ বাক্যটির নিকট ভবিষ্যতের অর্থে হবে ঃ ক) আমি এক্ষুণিই যাছি। আবার নিত্য ভবিষ্যৎকালের বাক্যে হবে খ) আমি এক্ষুণিই যাব।

তেমনি ঃ চৌঙ থাংলায়নাই ক) আমরা যাচ্ছি খ) আমরা যাব। ব তিনি ফায়নাই ক) সে আজ আসছে। খ) সে আজ আসবে। আসলে 'নাই' এই ক্রিয়া বিভক্তিটি নিকট ভবিষ্যৎকালের। কিন্তু এটাকে নিত্য ভবিষ্যৎকালের বাক্যস্থিত ক্রিয়াপদ বা ধাতুর শেষেও যুক্ত করা যায়।

২) ঔংগৌই তঙনাই জরা/ঘটমান ভবিষ্যৎকাল

কোন কাজ ভবিষ্যতে সংঘটিত হতে থাকবে এরূপ বুঝালে ঔংগৌই তঙনাই জরা/ঘটমান ভবিষ্যৎকাল হয়। অর্থাৎ যে ক্রিয়ার কাজ ভবিষ্যৎতে সংঘটিত হতে থাকবে তার কালকে বলে ঔংগৌই তঙনাই জরা/ঘটমান ভবিষ্যৎকাল।

(বৌসকাঙগ মুঙসাসৌক ঔংগৌই তঙনাই ই কক সাজাকখে আবন' হিনু ঔংগৌই তঙনাই জরা/ঘটমান ভবিষ্যৎকাল।)

ঔংগৌই তঙজরা এবং ঔংগৌই থাং জরার ন্যায় ঘটমান ভবিষ্যৎকালের বাক্যেও ঔই এবং তঙ অংশটি ক্রিয়াপদের পর ব্যবহৃত হয়। তবে তঙ এর শেষে 'আনী' এবং নিকট ভবিষ্যৎকালের চিহ্ন 'নাই' এই দু'টির যেকোন একটি যুক্ত হতে পারে।

ফুনুকমারি ঃ ক) নৌঙ উল' ফায়দি, আঙ থাংগৌই তঙসগানী/তুমি পরে আস, আমি অব্যবহিত পূর্বে যেতে থাকব (ঔই তঙ সক আনী)। খ) মাগ্রায় চা-উই তঙসগানী/মাগ্রায় অব্যবহিত পূর্বে খেতে থাকবে। (ঔই + তঙসক + আনী)। গ) আঙ সামুঙ তাঙগৌই তঙগানী/আমি কাজ করতে থাকব (ঔই তঙ + আনী)। চৌঙ ফায়ৌই তঙলায়ানী/আমরা আসতে থাকব (ঔই তঙ + লায় + আনী)। ঙ) ব আথুলুকন' সেলেঙগৌই তঙনাই/সে আথুলুককে ঘৃণা করতে থাকবে। (ঔই তঙ + নাই)। চ) মুসুক কৌথৌয় মৌনামৌই তঙনাই/মরা গরু দুর্গন্ধ ছড়াতে থাকবে। (ঔই তঙ + নাই)।

ঔংগৌই তঙনাই জরার অপর বিশেষত্ব হলো সময়জ্ঞাপক পদের ব্যবহারের ফলে ক্রিয়ার রূপের পরিবর্তন লাভ। এ সম্পর্কে ঘটমান অতীতকালে আলোচিত হয়েছে। ঘটমান

ভবিষ্যৎকালের ক্ষেত্রেও সেই নিয়ম প্রযোজ্য। তাই আলাদাভাবে আলোচনা নিষ্প্রয়োজন। তবে এটুকু বলা যায় যে, কালজ্ঞাপক পদগুলো দুটি বিশেষ্য বা সর্বনামের মাঝে ব্যবহৃত হয়। যেমন ঃ ক) নীঙ থাংফুরু আঙ ফায়ীই তঙগানী/তুমি যাওয়ার সময় আমি আসতে থাকব। খ) বায়চিকন-ন কাইফুরু আঙ খাতীং খাজা অীংগীই তঙগানী/ছোড়দির বিয়ের সময় আমি আনন্দে আত্মহারা হয়ে থাকব ইত্যাদি।

পুরুষ ও লিঙ্গভেদে ঘটমান ভবিষ্যৎকালের ক্রিয়াপদের রূপ অপরিবর্তিত থাকে।

বহুবচনে বহুত্ববোধক ধ্বনি লায় ধাতু বা ক্রিয়াপদ ও ক্রিয়া বিভক্তির মাঝে ব্যবহৃত হয়।

উদাহরণ ঃ ক) চীঙ হিমীই তঙলায়ানী/আমরা হাঁটতে থাকব (অীই তঙ + লায় + আনী)। খ) বরগ নাসিঙগীই তঙলায়সকনাই/তারা অপেক্ষা করতে থাকবে (অীই তঙ + লায় + সক + নাই) ইত্যাদি।

খীলায়হালক /বাচ্য

আমরা জানি, ক্রিয়ার যে রূপভেদের দ্বারা অথবা প্রকাশভঙ্গীর দ্বারা বাক্যের কর্তৃপদ ও কর্মপদের সঙ্গে এর সম্বন্ধ সূচিত হয় অথবা কর্তৃ ও কর্মপদের সঙ্গে সম্পর্কিত না হয়ে কেবল ক্রিয়ার ভাবটুকুই বুঝায়— ক্রিয়াপদের সেই প্রকাশভঙ্গীকেই বাচ্য বলা হয়।

ক্রিয়াপদের সেই রূপভেদের দ্বারা জানা যায়— ক) ক্রিয়াটির সম্পর্ক বাক্যের কর্তৃপদের সঙ্গে অথবা খ) কর্মপদের সঙ্গে অথবা গ) কর্তৃ বা কর্ম কোন পদটির সঙ্গেই অন্বয়যুক্ত নয়, কেবল ক্রিয়ার ভাবটুকুই এর দ্বারা প্রকাশ পাচ্ছে— ক্রিয়ার সেই রূপভেদই সাধারণতঃ বাচ্য নামে পরিচিত।

(খীলায়নি অীংমুঙন রীগীই খীলায় বায় তাঙফাঙ, এবা তাঙজাকনাই ককথাইনি হালক বজাগ' এবা তাঙফাঙ তেই তাঙজাকনাই ককথাই মুঙসা বায় ফান' হালক বজাকয়াউই খা-কামুঙনি হালক বজাকখে বন' হিনু খীলায়হালক।)

বাচ্যের রকমভেদ অনুসারে ককবরক বাক্যগুলোকে চার ভাগে ভাগ করা যায়। অর্থাৎ খীলায়হালক/বাচ্য চার প্রকারের। যথা ঃ ১) তাঙফাঙ খীলায়হালক/কর্তৃবাচ্য ২) তাঙজাকনাই খীলায়হালক/কর্মবাচ্য ৩) খাফাঙ খীলায়হালক/ভাববাচ্য ৪) তাঙফাঙ তাঙজাকনাই খীলায়হালক/কর্তৃ-কর্ম বাচ্য ইত্যাদি।

১) তাঙফাঙ খীলায়হালক/কর্তৃবাচ্য

যে বাক্যে কর্তাই প্রধান তা-ই কর্তৃবাচ্য বা তাঙফাঙ। এই বাক্যে কর্তার প্রাধান্য স্পষ্টভাবে প্রতীয়মান হয়। তাতে কর্তা বা তাঙফাঙ অন্য কারও প্রতি কিছু করে। আর ক্রিয়া সততই কর্তৃপদকে অনুসরণ করে। যিনি বাক্য সম্পাদন করেন তিনিই কর্তা। সুতরাং যে বাচ্যে তাঙফাঙ বা কর্তাই প্রধান এবং ক্রিয়ার সঙ্গে কর্তার সম্বন্ধই সূচিত হয় তাকেই বলে তাঙফাঙ খীলায়হালক বা কর্তৃবাচ্য।

(ককতাং তাঙসাঅ তমুং তাঙফাঙ অজামা ঔংখে তেই খীলায় বায় তাঙফাঙনি হালক বজাকখে আবন' হিনু তাঙফাঙ খীলায়হালক।)

কর্তৃবাচ্যে ক্রিয়াটির তাঙজাকনাই থাকতেও পারে আবার নাও থাকতে পারে। আর তাঙজাকনাই থাকলে খীলায়হালক/বাচ্যটিকে তাঙজাকনাই খীলায়/কর্মবাচ্যে রূপান্তরিত করা যায় এবং কর্তৃবাচ্যের ক্রিয়াটির তাঙজাকনাই বা কর্ম না থাকলে কর্তৃবাচ্য থেকে বা খাফাঙ রা ভাববাচ্যে পরিণত করা যায়। এই বাচ্যে অর্থাৎ কর্তৃবাচ্যে কর্তৃ বা কর্তার 'বুকচা সিনিমারি' হয়।

উদাহরণঃ নাখীরায় মকল ফুলান' মাইরুম রিঅ/নাখীরায় অন্ধটিকে চাউল দেয়। মৌসা মুসুক চপ্রব'/বাঘ গরু ধরে। দুমজাকতি রীচাব'/দুমজাকতি গান গায়। নৌঙ বুফুরু ফায়খা/তুমি কখন এসেছ ইত্যাদি।

এই চারটি বাক্যই কর্তৃবাচ্যের। প্রথম দুটি বাক্যে তাঙজাকনাই বা কর্ম আছে এবং পরবর্তী দুটি বাক্যে কর্মপদ নেই। এই চারটি বাক্যেই কর্তার সঙ্গে ক্রিয়ার সম্পর্ক স্থাপিত হয়েছে। বাক্য চারটিতেই কর্তৃপদে এবং কর্মপদে 'বুকচা সিনিমারি' বা 'শূন্য বিভক্তি' হয়েছে।

নোটস্ঃ ক) তাঙফাঙ খীলায়হালক/কর্তৃবাচ্যে তাঙফাঙ বা কর্তাই প্রধান থাকে। খ) খীলায়/ক্রিয়ার সঙ্গে তাঙফাঙ/কর্তার সম্পর্কই সূচিত হয়। গ) তাঙফাঙ/কর্তায় এবং তাঙজাকনাই/কর্মের বুকচা সিনিমারি বা শূন্য বিভক্তি হয়।

২। তাঙজাকনাই খীলায়হালক/কর্মবাচ্য

যে বাক্যে কর্মপদই প্রধান তা-ই কর্মবাচ্য। এখানে কর্তা নিষ্ক্রিয় থাকে। অন্য কেহ তার প্রতি বা তার সম্পর্কে কিছু করে থাকে। অর্থাৎ কর্মপদটি কর্তৃপদে পরিণতি লাভ করে এবং বাক্যে আপন কর্তৃত্ব দেখায়। শুধু তা নয়, কর্মপদটি বাক্যস্থিত ক্রিয়াপদটিকেও নিয়ন্ত্রণ করে। এ ধরনের বাক্যে কর্তার পরিবর্তে ক্রিয়াপদের সঙ্গে কর্মপদের সম্পর্ক সূচিত হয় এবং কর্তাটির কোন গুরুত্ব থাকে না। সুতরাং বলা যায়— যে বাক্য বিন্যাসে কর্মপদটি কর্তৃপদে পরিণত হয়ে বাক্যে প্রধান ভূমিকা গ্রহণ করে এবং ক্রিয়াপদটিও এর দ্বারাই নিয়ন্ত্রিণ হয় তাকে বলে

কর্মবাচ্য বা তাঙজাকনাই খীলায় হালক

(ককবীতাং তাংসাঅ তমুঙ তাঙজাকনাই ককথাই তাঙফাঙনি আচুকথায়' আচুকখে, তেই খীলায় ককথাই বায় তাঙজাকনাইনি হালক বজাকখে আব'ন' তাঙজাকনাই খীলায় হীনু।)

কর্মবাচ্য বা তাঙজাকনাই খীলায়হালক সম্পর্কে কয়েকটি গুরুত্বপূর্ণ কথা মনে রাখতে হবে। তা হলো ঃ

ক) তাঙজাকনাই খীলায়হালক বা কর্মবাচ্যে কর্মের প্রাধান্য থাকে। বাক্যে খীলায় ককথাই বা ক্রিয়াপদের সঙ্গে এর সম্পর্ক সূচিত হয়। খ) কর্মবাচ্যে কর্তায় অর্থাৎ কর্তৃপদে 'বায়' সিনিমারি/'বায়' বিভক্তি এবং কর্মে বা কর্মপদে বুকচা সিনিমারি/শূন্য বিভক্তি হয়। গ) কর্তৃপদ এবং কর্মপদ দুটি বাক্যের প্রথমে বা শেষে অথবা মাঝে যেকোন একটি স্থানে খুশীমত বসতে পারে। ঘ) তাঙজাকনাই খীলায়হালক/কর্মবাচ্যে গুরুত্বহীন কর্তা অনেক সময় উহ্য বা অনুল্লেখিত থাকতে পারে। ঙ) কর্মবাচ্যে ককচৌলীয় বা ধাতুর শেষে অর্থাৎ ক্রিয়াপদের শেষে 'জাক' প্রত্যয় যুক্ত হয়। পরে বা শেষে কালচিহ্ন বসে।

ফুনুকমারি ঃ আবসাকৌলীয় বায় তাল নায়জাকখা/শিশু কর্তৃক চাঁদ দৃষ্ট হয়েছে। মৌসা বায় মুসুক চপ্রপজাকখা/বাঘ কর্তৃক গরু আক্রান্ত হয়েছে। আঙ বায় চিবুক মাসা বুথারজাকখা/আমার কর্তৃক একটি সাপ মারা হয়েছে।

উপরোক্ত তিনটি বাক্যেই কর্তৃপদগুলোতে 'বায়' সিনিমারি বা বায় বিভক্তি হয়েছে। কর্মপদগুলোতে হয়েছে শূন্য বা বুকচা সিনিমারি এবং এই কর্মপদগুলোর সঙ্গেই ক্রিয়াপদের সম্বন্ধ সূচিত হয়েছে। ক্রিয়াপদের মূল অংশ ককচৌলীয় বা ধাতুগুলোতে 'জাক' প্রত্যয় যুক্ত হয়েছে এবং 'জাক' প্রত্যয়ের পর ক্রিয়া বিভক্তি 'খা' অংশটি যুক্ত হয়েছে।

আবার লক্ষ্য করা যাক্— কর্তৃবাচ্য = আঙ চিবুক মাসা বুথারখা। কর্মবাচ্য ক) আঙবায় চিবুক মাসা বুথারজাকখা খ) চিবুক মাসা বুথারজাকখা।

৩। খাফাঙ খীলায়হালক/ভাববাচ্য

যে বাক্যে ক্রিয়ার ভাবই প্রধানভাবে প্রতীয়মান হয় তাকে বলে ভাববাচ্য বা খাফাঙ খীলায়হালক।

(ককবীতাং তাংসাঅ-খা-খীলায়মুঙনি কক দাগ দাগখে নুকজাকখে এবা সাজাকখে বন' হীনু খাফাঙ খীলায়হালক।)

কোনও কর্তৃবাচ্যে বাক্যস্থিত ক্রিয়াপদটি সকর্মক না হলে, অর্থাৎ অকর্মক হলে এটাকে খাফাঙ খীলায়হালক/ভাববাচ্যে পরিণত করতে হয়।

ফুনুকমারি ঃ কর্তৃবাচ্য— ক) বীরীয় সিকলারগ রীচাপলায়'/যুবতী মেয়েরা গান গায়। খ) ব থীঙনা থাংখা/সে খেলতে গেছে। গ) নীং-ন সীকাঙ চেঙদি/তুমিই আগে সূচনা কর। ঘ)

নীরমহল' উাইসা থাংগীই ফায়ানী। /নীরমহলে একবার ঘুরে আসি। ঙ) বু মালখুঙ বায় থাংনাই/কোন গাড়ীতে যাচ্ছিস? চ) ফাতার' আচুক গীরাদি/বাইরে আপাততঃ বসুন ইত্যাদি।

ভাববাচ্যঃ

ক) বীরীয় সিকলারগ বায় রীচাপলায়জাগ' /যুবতী মেয়েদের দ্বারা গান গাওয়া হয়। খ) ব বায় থীঙনা থাংজাকখা/তার দ্বারা খেলতে যাওয়া হয়েছে বা তার খেলায় যাওয়া হয়েছে। গ) নীংবায়-ন সীকাঙ চেঙজাকখুন/তোমার দ্বারাই আগে সূচিত হোক। ঘ) নীরমহল' উাইসা থাংগীই ফায়না অীংথুন/নীরমহলে একবার ঘুরে আসা হোক। ঙ) বু মালখুঙ বায় থাংজাকনাই/কোন গাড়ীতে যাওয়া হচ্ছে। চ) ফাতার' আচুকনা অীংগ্রাথুন/আপাততঃ বাইরে বসা হোক ইত্যাদি।

কর্তৃবাচ্য থেকে ভাববাচ্যে আনতে হলে কর্তৃবাচ্যের কর্তৃপদটিতে 'বায়' সিনিমারি/বায় বিভক্তি হবে। আর বাক্যের বৈশিষ্ট্য অনুসারে ক্রিয়াপদের সঙ্গে 'জাক' প্রত্যয় বা থুন অথবা অন্যান্য প্রত্যয় বসবে।

৪। তাঙফাঙ-তাঙজাকনাই খীলায়হালক/কর্তৃ-কর্মবাচ্য

তাঙফাঙ-তাঙজাকনাই বা কর্তৃ-কর্ম বাচ্যের বিন্যাসে কর্তার বা কর্তৃপদের উল্লেখ থাকে না, কর্মটিই প্রাধান্য বিস্তার করে। মনে হয় কর্তৃপক্ষের স্থান কর্মটিই অধিকার করে আছে। এই ধরনের বাচ্যই কর্তৃ-কর্মবাচ্য বা তাঙফাঙ-তাঙজাকনাই খীলায়হালক।

(ককবীতাং তাংসাঅ তমুঙ তাঙফাঙনি কক খুরসাজাকয়াখে, তাঙজাকনাইন তাঙফাঙনি আচুকথায়' আচুগীই তঙগু হিনীই খা-কাখে বন' হীনু তাঙফাঙ-তাঙজাকনাই খীলায়হালক।

ফুনুকমারিঃ ক) তনথক চাথকনি সাল পাইরিজাকখা/সুখের দিন শেষ করা হল। খ) পানদা মীথাকজাকখা/সভার সমাপ্তি ঘোষিত হল। গ) বরক উসিগীই পায়াঅ উাখুম কীমাজাকখা/ভীড়ে কানের দুল হারিয়েছে।

উপরের বাক্যগুলোতে কর্তৃপদের বা তাঙফাঙ এর কোন উল্লেখ নেই। ফলে কর্মপদগুলো কর্তৃপদকে অধিকার করেছে বলে মনে হবে। তাই কর্মপদগুলো হয়েছে কর্তৃ-কর্মপদ। বাচ্যটির নামও হয়েছে কর্তৃ-কর্ম বাচ্য।

খীলায় হালক সীলাইমুঙ/বাচ্য পরিবর্তন

একবাচ্যের বাক্যকে অন্য বাচ্যে পরিবর্তন করার সময় বাক্যের অর্থ পরিবর্তন করা যায় না। বাক্যের অর্থ অপরিবর্তিত রেখেই বাচ্য পরিবর্তনের কাজ সম্পন্ন করতে হয়। বাচ্য পরিবর্তনের

সময় ভাবগত পরিবর্তন করা যায়। শুধুমাত্র কর্তৃপদ, কর্মপদ এবং ক্রিয়াপদের রূপান্তর করা হয়।

ককথাই সীলাইমুঙ/পদ পরিবর্তন

এক শ্রেণীর পদের অন্য শ্রেণীতে রূপান্তরকেই আমরা সাধারণত পদান্তর বলে জানি। পদের এরূপ রূপান্তরকেই পদ পরিবর্তন বলে অভিহিত করা যায়। একটি ককথাইকে অপর একটি ককথাই অর্থাৎ একটি পদকে আর একটি পদে পরিবর্তন করাকেই বলে পদ পরিবর্তন।

মুঙ/বিশেষ্য-গরণ/বিশেষণ

উানসুকমুঙ	উানসুকজাক	হর	হররীকজাক
থুমুঙ-	থুজাক	বসঙ-	বসঙরীকজাক
সীরীঙমুঙ-	সীরীঙজাক	বুকমুঙ-	বুকজাক
বিসি-	বিসিরীকজাক	ফীরীঙমুঙ-	ফীরীঙজাক
বলঙ-	বলঙগ তঙজাক	বরমুঙ-	বরজাক
বুখুক-	খুকরীগজাক	নাহারমুঙ-	নাহারজাক
বীসাগ-	সাকরীকজাক	খকমুঙ-	খকজাক
সাল-	সালরীকজাক	তাঙমুঙ-	তাঙজাক
রাইদা-	রাইদা রীকজাক	ককসামুঙ-	ককসাজাক
তাল-	তালরীকজাক	সারমুঙ-	সারজাক
বীথাই-	থাইগীনাঙ	সালকামুঙ-	সালকাজাক
রাঙ-	রাঙগীনাঙ	নাঙমুঙ-	নাঙজাক
মুকতীরীয়	মুকতীরীয় থাংজাক	আমপামুঙ	আমপাজাক
খীরাঙমুঙ	খীরাঙজাক	নাঙমুঙ	নাঙথায়
কাইমুঙ	কাইজাক	হামজাকমুঙ	খা-হাপজাক

হাপমুঙ	হাপজাক	পাইমুঙ	পাইজাক
সেকপ্রমুঙ	সেকপ্রজাক	খাফাঙ	খাফাঙরীকজাক
চেঙমুঙ	চেঙজাক	কতন	কতনজাক
তঙথকমুঙ	তঙথকজাক	নুখুঙ	নুখুঙরীকজাক
লাকায়	লাকায়নাজাক	সেলেঙমুঙ	সেলেঙজাক
সলক	সলকনাজাক	নাসেলেমুঙ	নাসেলেজাক
কক	ককসাজাক	তঙথার	তঙথাররীকজাক
সামুঙ	সামুঙতাঙজাক	বুকুঙ	কুঙরীকজাক
উালায়মুঙ	উালায়জাক	হলং	হলংগীনাঙ
পায়মুঙ	পায়জাক	হাচীক	হাচীগ'তঙজাক
			ইত্যাদি
জলিমুঙ	জলিজাক		
গুনদাক	গুনদাকগীনাঙ		
চেকাপ	চেকাপবুলজাক		

গরণ/বিশেষণ	**মুঙ/বিশেষ্য**		
কীচাং	চাংমুঙ	সীয়থায়	সীয়মুঙ
সেংক্রাক	সেংরীঙমুঙ	কেখেক	খেকমুঙ
বিগ্রা	বিগ্রাআংমুঙ	কীপ্লাই	পাইমুঙ
খামেরে	খাইচিকমুঙ	কেফের	ফেরমুঙ
কীচাক	চাকমুঙ	কেফেক	ফেকমুঙ
কসম	সমমুঙ	মেখেকজাক	মেখেকমুঙ
কুফুর	ফুরমুঙ	তাকফেরজাক	তাকফেরমুঙ

করম'	করম'মুঙ	কীফাক	ফাকমুঙ
কীখীরাঙ	খীরাঙমুঙ		
মেচের	মেচেরমুঙ		
মনকজাক	মনকমুঙ	কলম	লমমুঙ
কুউার	উারমুঙ	কবর	বরমুঙ
ককই	কইমুঙ/	কীকীরীক	ক্রীকমুঙ
বুদুল	দুলমুঙ	কুমুন	মুনমুঙ
কিতিঙ	কিতিঙমুঙ	কসক	সকমুঙ
কলক	লকমুঙ	কেচেন	চেনমুঙ
বারা	বারামুঙ	কীচাল	চালমুঙ
মীনাকজাক	মীনাকমুঙ	কেবেং	কেবেংমুঙ
খাজাক	খামুঙ	কথক	থকমুঙ
কফন	ফনমুঙ	কিচিক	চিরমুঙ
কখন	খনমুঙ	ককক	ককমুঙ
কেবেল	বেলমুঙ	কুচুক	চুকমুঙ
কীখা	খামুঙ	কেচেপ	চেরেপমুঙ
কীখীয়	খীয়মুঙ	রি-য়গ	রিয়গমুঙ
কীতীই	তীইমুঙ	ককর'	কর'মুঙ
মুথুংজাক	মুথুংমুঙ	বীসাগীনাঙ	সা-রিমুঙ ইত্যাদি
কতর	তরমুঙ		
কীপ্রাপ	প্রাপমুঙ		
কাহাম	হামমুঙ		

কক সাফিলমুঙ/উক্তি পরিবর্তন

একজনের কথা আমরা অপর কাউকে দু'ভাবে বলতে পারি। প্রথমতঃ বক্তার কথা যথাযথভাবে বা অবিকলভাবে উদ্ধৃত করে। দ্বিতীয়তঃ বক্তার কথার সারমর্ম উল্লেখ করে অর্থাৎ বক্তার উক্তির ভাববস্তু নিজের ভাষায় বর্ণনা করে। অনেকক্ষেত্রেই আমরা অপরের মুখের কথা বা বক্তব্য অবিকলভাবে না বলে নিজের মতো করে বলার চেষ্টা করি। বক্তার বক্তব্য বিষয়কে এভাবে নিজের মতো করে বলাকেই উক্তি পরিবর্তন বা কক সাফিলমুঙ বলে।
(খরকসানি ককসামুঙ ককফিলন' হীনু ককসাফিলমুঙ।)
ককবরকে ককসামুঙ বা উক্তি দুই প্রকার। ক) বাইথাঙ সাজাকমুঙ/প্রত্যক্ষ উক্তি খ) বুইবায় সাজাকমুঙ/পরোক্ষ উক্তি।

ক) বাইথাঙ সাজাকমুঙঃ

বক্তার কথা যথাযথভাবে উদ্ধৃত বা বর্ণনা করা হলে তাকে বলা হয় বাইথাঙ সাজাকমুঙ/প্রত্যক্ষ উক্তি। এক্ষেত্রে অপরের কথাকে অবিকলভাবে তুলে ধরা হয়।
(ককসানাই কাহায়খে ককসাজাকমান' বাইথাঙ সাজাকমুঙ হীনু।)

খ) বুইবায় সাজাকমুঙঃ

বক্তার কথা অবিকলভাবে না বলে তার ভাব বা সারমর্ম নিজের মতো করে অর্থাৎ প্রকাশকের ভাষার উদ্ধৃত করা হলে তাকে বলে বুইবায় সাজাকমুঙ বা পরোক্ষ উক্তি।
যেমন ঃ খাকীচাং সাখা, "আঙ তিনি রবীন্দ্রভবন' রীচাপমুঙ তেই মীসামুঙ নায়না থাংনাই।"
এখানে বক্তার উক্তি যথাযথভাবে দেওয়া হয়েছে। তাই এটা বাইথাং সাজাকমুঙ বা প্রত্যক্ষ উক্তি। আবার খাকীচাং সাখা ব আ-সাল' রবীন্দ্রভবন' রীচাপমুঙ তেই মীসামুঙ নায়না থাংগানীফুন। এক্ষেত্রে বক্তার বক্তব্যের ভাবটি প্রকাশকের নিজের ভাষায় বর্ণিত হয়েছে। তাই এটা পরোক্ষ উক্তি।

কক সাফিলমুঙনি রাইদা/উক্তি পরিবর্তনের নিয়ম

ককবরকে উক্তি পরিবর্তনের নিজস্ব কতকগুলো বৈশিষ্ট্য আছে। সেজন্য এই বৈশিষ্ট্যের ভিত্তিতে কিছু নিয়মের কথা মনে রাখা দরকার। তবে বাংলা এবং ইংরেজীর সঙ্গে ককবরকের উক্তি পরিবর্তনের কিছুটা মিল লক্ষ্য করা যায়। নিয়মগুলো নিম্নরূপ ঃ

ক) ককবরকে বাইথাঙ সাজাকমুঙ/প্রত্যক্ষ উক্তিতে যথাযথা বা অবিকল কথাগুলো খুরচামারি বা inverted commma- র মধ্যে রাখতে হয়। কিন্তু বুইবায় সাজাকমুঙ/পরোক্ষ উক্তিতে সেই inverted comma বা ঊর্ধ্ব 'কমা' উঠে যায়।

খ) প্রত্যক্ষ উক্তির সর্বনাম ও পুরুষে অর্থ অনুযায়ী পরিবর্তন ঘটাতে হয়। আর খীলায় ককথাই/ক্রিয়াপদের পর স্বীকৃতি ও অনিশ্চয়তাসূচক 'ফুন' অংশটি যুক্ত হয়।

গ) বাইথাং সাজাকমুঙ/প্রত্যক্ষ উক্তির বিশেষণ বা ক্রিয়া বিশেষণ পদগুলোর প্রয়োজনীয় রূপান্তর সাধিত হয়। যেমন ঃ মিয়াঅ, সীকাঙনি সাল', অরঅ, আরঅ, তাবুক, আফুরু, তিনি, থাংনাইসাল অথবা মিয়া, খীনা, তেনি সাল', তাকৌলাই, সেমান' ইত্যাদি।

উক্তি পরিবর্তনের উদাহরণ ঃ

১) খুমপুয় সাখা, "আং তিনি আগুলিঅ থাংগানী।" = খুমপুয় বলেছে, "আমি আজ আগরতলায় যাব।"

পরোক্ষ উক্তিতে— খুমপুয় সাখা ব তিনি আগুলিঅ থাংনাইফুন। খুমপুয় বলেছে যে সে আজ আগরতলায় যাবে। প্রত্যক্ষ— খেনকতি সাখা, "আঙ তিনি অফিস' থাংয়া।" = খেনকতি বলেছে, "আজ আমি অফিসে যাব না।" পরোক্ষ— খেনকতি সাখা ব তিনি অফিস' থাংয়াফুন। = খেনকতি বলেছে যে সে আজ অফিসে যাবে না।

উপরোক্ত প্রত্যক্ষ উক্তির বাক্যে বক্তার অবিকল কথাগুলোতে ঊর্ধ্ব 'কমা' ব্যবহৃত হয়েছে। পরোক্ষ উক্তি দু'টিতে কিন্তু ঊর্ধ 'কমা' উঠে গেছে। প্রত্যক্ষ উক্তির আঙ /আমি এর পরিবর্তে ব/সে ব্যবহৃত হয়েছে। ক্রিয়াপদের সঙ্গে ফুন অংশটি যুক্ত হয়েছে। উক্তিমূলক বাক্যের ক্ষেত্রে এই নিয়মটি অবশ্যই প্রযোজ্য।

প্রশ্নবোধক বাক্যের ক্ষেত্রে উক্তি পরিবর্তনের সময় নিম্নলিখিত কয়েকটি কথা মনে রাখতে হবে। যেমন ঃ ক) ঊর্ধ্ব 'কমা' পরোক্ষ উক্তিতে রাখা যায় না। প্রশ্নবোধক চিহ্নও উঠে যায়। তার পরিবর্তে দাড়ি (।) এবং সাখা বা বললেন এর পরিবর্তে সীংখা বা জিজ্ঞেস করলো এই প্রশ্নবোধক পদ ব্যবহৃত হয়। খ) প্রত্যক্ষ উক্তির কর্তায় প্রয়োজনীয় পরিবর্তন ঘটে। গ) 'হিনাই' নামক নূতন পদও প্রয়োজনে বসতে পারে। সীং প্রশ্নবোধক পদটি বাক্যের শেষেও বসতে পারে।

ফুনুকমারি ঃ

ক) সিনজি সাখা, "নিনি মুঙ তাম'?
= সিনজি বলেছে, "তোমার নাম কি?} **প্রত্যক্ষ উক্তি**

খ) সিনজি সাংখা বিনি মুঙ তাম' হিনাই
= সিনজি জিজ্ঞেস করলো যে, তার নাম কি। } পরোক্ষ উক্তি

গ) পবন আন সাখা, "নাঙ তিনি দে থাংসিনাই?"
= পবন আমাকে বললো, "তুমি কি আজই চলে যাচ্ছ?" } প্রত্যক্ষ উক্তি

ঘ) পবন আন' আ সাল' দে থাংসিনাই হিনাই সাংখা।
= পবন আমাকে জিজ্ঞেস করলো যে আমি সেদিনই চলে যাবো কিনা। } পরোক্ষ উক্তি

উপরোক্ত বাক্যদ্বয়ে প্রশ্নবোধক বাক্য উক্তিমূলক বাক্যে পরিণত হয়েছে। উর্ধ্ব 'কমা' উঠে গেছে। সাখা এর পরিবর্তে সাংখা এই প্রশ্নবোধক পদটি বাক্যের শেষেও ব্যবহৃত হয়েছে। "হিনাই" নামক নূতন পদটিও বাক্যে প্রয়োগ হয়েছে।

এবার অনুজ্ঞাবাচক বাক্যের ক্ষেত্রে কিভাবে উক্তি পরিবর্তন হয় তা দেখা যাক্। যেমন ঃ

ক) উদ্ধরণ চিহ্নটি উঠে যায়। খ) সাখা/বললো পদটি অনেক ক্ষেত্রে থাকতে পারে। আবার কয়, দাগি, খরায়, ককবিতি ইত্যাদি অনুজ্ঞাবাচক শব্দগুলো সাখা-এর পরিবর্তে বসতে পারে। সাখাসহ এগুলো বাক্যের শেষপ্রান্তে চলে যায়।

গ) প্রত্যক্ষ উক্তির ক্রিয়াপদটি পরোক্ষ উক্তিতে অসমাপিকা হয়।

ঘ) প্রত্যক্ষ উক্তির কর্তা পরোক্ষ উক্তিতে প্রয়োজনীয় পরিবর্তন লাভ করে। ফুনুকমারিগুলো দেখা যাক্।

(১) প্রত্যক্ষ ঃ নকসিরায় সাখা, "নাঙ ফায়দি।"/নকসিরায় বললো "তুমি আস।"
পরোক্ষ ঃ নকসিরায় বন ফায়না কক সাখা/নকসিরয়ায় তাকে আসতে বলল।

(২) প্রত্যক্ষ ঃ নকসিতি সাখা, "নাঙ তুকুজাদি।"/নকসিতি বলল, "তুমি অনুগ্রহপূর্বক স্নান করো।"
পরোক্ষ ঃ নকসিতি বন' তুকুনা কয়জাখা/নকসিতি তাকে অনুগ্রহপূর্বক স্নান করতে অনুরোধ করলো।

(৩) প্রত্যক্ষ ঃ বুফা বীসান' সাখা, "আয়চুক বীচাউই হিমদি।"/বাবা ছেলেকে বলল, "প্রাতঃভ্রমণ করো।"
পরোক্ষ ঃ বুফা বীসান' আয়চুক বীচাই হিমনা খরাইখা/বাবা ছেলেকে প্রাতঃভ্রমণ করতে উপদেশ দিলেন।

(৪) নকফাঙ সাখা, "নক য়াকারদি "/পরিবার কর্তা বলল, "ঘর ছাড়ো।" নকফাঙ নক য়াকারনা দাগিখা/পরিবার কর্তা ঘর ছাড়তে আদেশ করলো।

উপরোক্ত বাক্যগুলোতে পরোক্ষ উক্তিতে কোথাও সাখা, কোথাও কোথাও যথাক্রমে কয়খা, খরাইখা, দাগিখা ইত্যাদি পদসমূহ ব্যবহৃত হয়েছে।

ককমাঙ ফিল ককথাই/বিপরীতার্থক শব্দ

ইংরেজী এবং বাংলার ন্যায় ককবরকেও বিপরীত অর্থের শব্দ প্রাচুর্য লক্ষণীয়। বিপরীতার্থক পদ্ধতি ককবরক শব্দভাণ্ডারের পরিপুষ্টিতে সহায়তা করে।

ফুনুকমারি ঃ

ককবরক	বাংলা	ককবরক	বাংলা
অাংখা	হয়েছে	অাংয়া	হয়নি
হুঁ	হ্যাঁ	হুঁহি	না
কাখা	তিতা	কাতাই	মিষ্টি
ফায়	আসা	থাং	যাওয়া
তায়	জল	হা	মাটি/স্থল
নখা	আকাশ	হা	পাতাল
চা	খাওয়া	অঙখ্লাই	ওগলানো
মাচাঅ	ভুক্ত	মাচায়া	অভুক্ত
কুতুং	গরম	কাচাং	ঠাণ্ডা
কুপলুঙ	ভরাট	বুকচা	শূন্য
কাপলাই	বিজয়ী	কেচেন	বিজিত
কিয়কজাক	প্রস্ফুটিত	হয়জাক	বাসি
ককই	বাঁকা/বক্র	কেপেলেঙ	সোজা
কুফুঙ	মোটা	কেরাম	রোগা
কাচাং	উজ্জ্বল	কমক	অনুজ্জ্বল

কলক	লম্বা	বারা	খাটো
কুউার	প্রশস্ত	খচর	অপ্রশস্ত
কতর	বড়	চিকন	ছোট/সরু
কেবেং	প্রস্থ	কসঙ	দৈর্ঘ্য
য়াফাঙ	গোড়া	বুচুক	আগা
খামা	ভাটি	সাকা	উজান
হর	রাত	সাল	দিন
সাতুং	রৌদ্র	উাতীয়	বৃষ্টি
মাসিঙ	শীতকাল	সালাঙ	গরমকাল
মীনাক	আঁধার	পহর	আলো
সীরীঙ	শিক্ষাগ্রহণ	ফীরীঙ	শিক্ষাদান
সিনাই	পণ্ডিত	সিয়া	মূর্খ
বিসিং	অভ্যন্তরভাগ	ফাতার	বহির্ভাগ
কথক	স্বাদবিশিষ্ট	থকয়া	বিস্বাদ
য়াগরা	ডানহাত	য়াকসি	বামহাত
নায়সা	উপরে তাকানো	নায়খীলাই	নিচে তাকানো
বীরীয়	মহিলা	চীলা	পুরুষ
সাজলা	ছেলে সন্তান	সাজীক	মেয়ে সন্তান
বুরা	বুড়ো/বৃদ্ধ	বীরীয়চীক	বুড়ি/বৃদ্ধা
চাকরা	বয়স্ক/প্রবীণ	চেরায়	অল্প বয়স্ক
কাপ	ক্রন্দন করা	কীরান	শুষ্ক
মিলিক	মসৃণ	পাথরা	অমসৃণ
মতম	সুগন্ধ	মীনাম	দুর্গন্ধ
চেঙমুঙ	আরম্ভকরণ	মীথাকমুঙ	শেষকরণ
স	বন্ধ করা	ফিয়ক	খোলে দেওয়া
সীনাম	নির্মাণ	সীবাই	ভাঙ্গা
বানজা	বন্ধ্যা পুরুষ	বানজি	বন্ধ্যা রমণী
রানদা	বিপত্নীক	রান্দি	বিধবা ইত্যাদি।

ককথাই কীবাংন ককথাইসাবায় ঃ

১) মানি অকনি আচায়মা সাইচুং সুসুরু = সংদারি

২) উাইসা অকতাঁইখে তেই অকতাঁইয়া = থালিক বানজি

৩) হিক থীয়জাক সায় = রানদা

৪) সায় থীয়জাক হিক = রানদি

৫) নখাঅ বিরনাই = বিরখুঙ

৬) সীকীয় থাইবীব্রীয় বায় হাঅ মালনাই = মালখুঙ

৭) আচায় দরপনি সিমি থীয়য়াসাক = লাংমা তঙসাক

৮) জতত'নি কুসু = থাইথাক

৯) থাঙগীই তঙনাই = কীথাঙ

১০) ফলা নঙখরীই থাংজাক বীসাগ = মাঙ

১১) মাঙ ফপমানি হা-খর = মাঙখর

১২) মাঙ সক'মলনা বীলীঙ = সিমালীঙ

১৩) চবাঅ বুয়ন মেচেন নাই = কীপলাই

১৪) চবাঅ বুয়নি য়াগ' চেননাই = কেচেন।

১৫) লগিঅ তঙগীই সামুঙ তাঙসকনাই = তাঙসঙ

১৬) অীংমুঙরগ সই সই সিনাই = সইসিকীরীঙ

১৭) মুঙসান' ফান' কিরিয়া = বীখাকতর

১৮) ফলা কীরীই মাঙসিমি বীচামা = বুমা বীচামা

১৯) সেংবায় চবা নাঙকীরাক = সেংকীরাক

২০) উাইসা কীলীগু, উাইসা কুফুঙগু = কীলীকুফুঙ

২১) চাব' চাকয়া, চাকয়াইব তঙয়া = চাকর'র'

২২) তক কাহায় ফিলিক-ফালাক অীংতীরীংনাই = তকবাইলিক

২৩) উানজীয়রগনি কাহায় বাংগুরা কঙদরঙদরঙ = উানজীয় বাংগুরা

২৪) কিরিই খিনাব' মুচুঙগ, সীতীয়নাব' মুচুঙগ = খির'-সীতীয়র'

২৫) সীকাঙ আচায়নাই = অকরা

২৬) উল' আচায়নাই = কুসু
২৭) বিসি কীবাং রমীই বীচলীয় কীলাইয়া হা = হা-কীরা
২৮) মুব' মুনথায়া মুনয়াইব তঙয়া = মুনতিতাঙ/মুনদীদীক
২৯) বীসা মানয়া বীরীয় = বানজি
৩০) বীসা মানরিই মানয়া চীলা = বানজা
৩১) সেংকারি কাইচচম গীনাঙ বরক = সেংকারি কাইচম
৩২) কীবাংমা সীরীঙগীই খাঅ চপজাক = ইলিম কীরীঙ
৩৩) সেংবায় চবা নাঙনা কীরীঙ = সেংকীরীঙ
